গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন ঃ ৫৫০৫৮৯০২ ফ্যাক্স: ৫৫০৫৮৯০৩, **e-mail-nitor@hospi.dghs.gov.bd**
**www.nitorbd.org**

# আদর্শ দরপত্র দলিল (অভ্যন্তরীণ ক্রয়)
## (জাতীয়)

**পণ্য ক্রয়ের জন্য**
**[উন্মুক্ত দরপত্র পদ্ধতি]**

(২৫ লক্ষ টাকার উর্ধের মূল্যের ক্ষেত্রে)

## প্যাকেজ নং ঃ ০৬ সংগ্রহ ও সরবরাহ (পরিবহন)

সুত্র নং ও তারিখ ঃ নিটোর/এমএসআর টেন্ডার/২০২২-২০২৩/৩৭১৬; তারিখঃ০৭/১১/২০২২ইং
দরপত্র দাখিলের তারিখ: ০৬/১২/২০২২ইং

# সিডিউল মুল্য-১০০০.০০

# আদর্শ দরপত্র দলিল

## দরদাতার যোগ্যতা

দরপত্রের সাথে নিম্নল্লেখিত কাগজপত্রাদি ও দলিলাদি নামের সীল সহ **১ম** শ্রেনীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করত: দাখিল করতে হবে:-

১। হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ।

২। ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি (১৩ সংখ্যার ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট হতে হবে)।

৩। (২০২১-২০২২) অর্থ বছরের আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত কপি।

৪। বাংলাদেশ চেম্বার অব কমার্স/সংশ্লিষ্ট ব্যবসায়ী সমিতির (জুন/২০২৩ পর্যন্ত) মেম্বারশীপের সত্যায়িত কপি।

৫। দরপত্র/সিডিউল ক্রয়ের ব্যাংকে ট্রেজারী চালানের মুল কপি ও Online Verification Copy.

৬। দরপত্র দাতার ঢাকা শহরে নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানের কার্যালয় থাকতে হবে। ভাড়া বাড়ীতে ব্যবসা প্রতিষ্ঠানের কার্যালয় পরিচালনার ক্ষেত্রে বাড়ীর মালিক হতে মেয়াদ উল্লেখ করে প্রত্যয়ণ পত্র এবং নিজ মালিকানাধীন বাড়ীতে অফিস হলে মালিকানার প্রমাণ পত্র বা দলিলের সত্যায়িত কপি।

৭। দরদাতাকে ঃ (ক) কোন তফসিলী ব্যাংক হতে তার প্রতিষ্ঠানের হিসাবে কমপক্ষে ২০,০০,০০০/-(বিশ লক্ষ)টাকা জমা আছে মর্মে হালনাগাদ আর্থিক স্বচ্ছলতা সার্টিফিকেট ও (খ) তার প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে ২০২১-২০২২ অর্থ বছরে কমপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার Transaction হইয়াছে মর্মে Bank Statement এর মূলকপি দাখিল করতে হবে (সত্যতা অবশ্যই যাচাই করা হবে)।

৮। দরদাতা প্রতিষ্ঠানের মালিকের নামে ঢাকা অফিসের ল্যান্ডফোন, মোবাইল, ফ্যাক্স নম্বর উল্লেখ করে তার তালিকা।

৯। দরদাতা প্রতিষ্ঠানকে সরকারী/আধা সরকারী/শায়িত্ব শ্বাসিত/বিশেষায়িত হাসপাতাল/প্রতিষ্ঠানে লিনেন সামগ্রী সরবরাহ কাজে কমপক্ষে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং উক্ত অভিজ্ঞতার সপক্ষে টোকেন নং, চেক নং ও দাবীকৃত বিল এর হিসাব বিবরনী তালিকা ছক আকারে পেশ করিতে হইবে। দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে পূর্ব-অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে (অভিজ্ঞতা ও হিসাব বিবরনী তালিকার সত্যতা অবশ্যই যাচাই করা হবে)। সনদপত্র ব্যতিত কোন পূর্ব-অভিজ্ঞতা মূল্যায়ণকালে বিবেচনায় আনা হবে না।

১০। দরদাতাকে দরপত্রের সাথে দেশের কোন আইন দ্বারা অযোগ্য নন মর্মে অঙ্গীকার পত্র দাখিল করতে হবে।

১১। দরপত্র দাতাকে ০৫(পাঁচ) মাস নিজস্ব অর্থায়নে কাজ চালিয়ে নেয়ার মত আর্থিক স্বচ্ছলতা থাকতে হবে।

১২। নিম্নলিখিত শর্ত সমূহ সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন বা দাখিল করতে ব্যর্থ হলে Non-Responsive বা বাতিল বলে ঘোষিত হবে ঃ-

ক) **উপরে চাহিত মূল কপি সমূহ দরপত্রের সহিত দাখিল না করিলে।**

খ) **দরদাতা-তার প্রতিষ্ঠানের ০১, ০২, ০৩ ,০৪, ০৬, ০৯ ও ১৩ নং সূচীতে বর্ণিত সনদপত্রের মূলকপি সমূহ প্রয়োজনবোধে দরপত্র দাখিলের পর কমিটিকে প্রদর্শন করতে না পারলে।**

(গ) **দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপত্রদাতা কর্তৃক দরপত্রের শর্তাবলী গ্রহনযোগ্যতার নিশ্চয়তা সূচক সীলমোহর সহ দস্তখত না থাকলে।**

১৩। পরিবহন ঠিকাদারের নিজস্ব ট্রাক/পিক আপ এর বিআরটিএ কর্তক প্রদত্ত রেজিস্ট্রেশন, রুট পারমিট ও হালনাগাদ ট্যাক্স টোকেনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ও নবায়নকৃত ফটোকপি দাখিল করিবেন।

১৪। দরপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র/দলিলাদি যাচাই সংক্রান্ত ঃ
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃপক্ষ/দরপত্র মূল্যায়ণ কমিটি পরবর্তীকালে যে কোন সময় যে কোন সনদপত্রের মূল কপি দেখার অধিকার সংরক্ষণ করেন। যদি কোন সময় যে কোন সনদপত্রের উৎস বা প্রতিপাদ্য বিষয় (contents) অসত্য বলে চিহ্নিত বা প্রমাণিত হয় তবে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সংশ্লিষ্ট দরপ্রস্তাবটিকে বাতিল বা অযোগ্য করার অধিকার সংরক্ষণ করেন এবং সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা ছাড়াও তার বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

# <u>Supplier Information Entry Sheet</u>

(প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা'র কার্যালয়ের নির্দেশানুযায়ী এই ফরম টি দরদাতা প্রতিষ্ঠান তার ফার্মের নিজস্ব লেটার হেড প্যাডে অবশ্যই পুরন করে দরপত্রের সহিত দাখিল করতে হবে)।

Suppliers TIN Number :

National ID :

Trade License No:

VAT Regisistration No:

Name of the supplier

(English):

(Bangla):

Address:

Email:

Telephone:

Cell Phone:

Fax No:

Banking Information

Bank Account Name:

Bank Account Number:

Bank Account Type:

Bank Name:

Branch Name:

## দরপত্রের সাধারণ নির্দেশাবলী:

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃক বাৎসরিক সংগ্রহ ও সরবরাহ (পরিবহন) সরবরাহের নিমিত্তে ঠিকাদার নিয়োগের জন্য এই দরপত্রটি আহবান করা হচ্ছে কর্তৃপক্ষ ইচ্ছা করলে এই দরপত্রের মেয়াদ পরবর্তী আর্থিক বৎসরের ঠিকাদার নিযুক্ত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

দরপত্রটির জন্য নিম্ন বর্ণিত সাধারণ শর্তাবলী সকল দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের উপর বাধ্যতামূলক ভাবে প্রযোজ্য হবে।

১। দরপত্র প্রস্তুত করণ ঃ

দরপত্রদাতা তার দরপত্র প্রস্তুতকালে যে খরচ হবে তা তিনি নিজেই বহন করবেন এবং দরপত্রের ফলাফল যাই হোক না কেন, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)'কে খরচের জন্য দায়ী করা যাবে না।

২। দরপত্র জামানত (আর্নেষ্টমানি) সংক্রান্ত ঃ

দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত গ্রুপ ভিত্তিক উল্লেখিত অংকের টাকা দরপত্র জামানত(আর্নেষ্টমানি) হিসাবে জমা দিতে হবে। তফসিলী ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

দরপত্রের সাথে প্রদত্ত দরপত্র জামানত হিসাবে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিবরণ সংক্রান্ত ফরমটি অবশ্যই নিজস্ব লেটারহেড প্যাডে দরপত্রদাতা কর্তৃক স্বাক্ষর পূর্বক দরপত্রের সহিত জমা দিতে হবে ।

৩। দরপত্রের সংশোধনী সংক্রান্ত ঃ

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) নিজ প্রয়োজনে অথবা কোন দরপত্র দাতার অনুসন্ধানের জবাবে দরপত্র তফসিলের সংশোধনী জারী করতে পারবে। জারীকৃত যে কোন সংশোধনী সকল দরপত্রদাতাকে লিখিতভাবে অবহিত করা হবে এবং এই সংশোধনী গ্রহন তাদের উপর বাধ্যতামূলক হবে।

৪। দরপত্র দাখিল সংক্রান্ত ঃ

ক) দরপত্রদাতা অবশ্যই দরপত্রে উল্লেখিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপ্রস্তাব দাখিল করবেন।

খ) একটি আইটেমের জন্য একটির বেশী দর দাখিল করা যাবে না।

গ) দরপত্র প্রস্তাবের সাথে অত্র দরপত্র তফসিলের দরদাতার যোগ্যতার ক্ষেত্রে উল্লেখিত চাহিত আবশ্যকীয় কাগজপত্রাদি যথাযথভাবে মুখবন্ধ সীলগালাকৃত খামে দরপত্র জমা দিতে হবে। যদি কোন প্রস্তাবে উক্ত কাগজপত্রাদি সংযুক্ত না থাকে তবে প্রস্তাবটি অগ্রহনযোগ্য (Non-responsive) বলে বিবেচিত হবে।

ঘ) খামের উপর দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং প্রস্তাবিত গ্রুপের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে।

ঘ) প্রত্যেক গ্রুপের জন্য পৃথক পৃথক দরপত্র সিডিউল ব্যবহার করতে হবে এবং যে প্রতিষ্ঠানের নামে সিডিউল ক্রয় করা হবে সেই প্রতিষ্ঠানের নামেই দরপ্রস্তাব দাখিল করতে হবে।

ঙ) দরপত্রের উদ্ধৃত একক দর অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে লিখতে হবে। দর বাংলাদেশী টাকায় উল্লেখ করতে হবে। অন্য কোন কারেন্সিতে দর উল্লেখ থাকলে দরপত্রটি অগ্রহনযোগ্য বলে গণ্য করা হবে। উদ্বৃত দরপত্রে সকল প্রকার শুল্ক, ভ্যাট, অন্যান্য সকল প্রকার ট্যাক্স, পরিবহন ব্যয় ইত্যাদি যাবতীয় খরচ অন্তভূর্ক্ত থাকতে হবে এবং তা চুড়ান্ত বলে গণ্য হবে। দরে কোন ঘষামাজা, কাটাকাটি বা ওভার রাইটিং থাকলে তা গ্রহণযোগ্য নয়। তবে কোন ভূল শুদ্ধি করণ থাকলে তার পার্শ্বে দরপত্রদাতাকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে অনুস্বাক্ষর করতে হবে। যদি একক মূল্য হিসাবে মোট মূল্যে কোন পার্থক্য পাওয়া যায় তা হলে একক মূল্যকে সঠিক বলে বিবেচিত করা হবে।

৫। ব্যয় বিভাজন সংক্রান্ত ঃ

ঠিকাদার দরপত্র তফসিলের উল্লেখিত আইটেম ভিত্তিক একক দর উল্লেখ করবেন। উক্ত দর প্রস্তাবের মধ্যে সকল ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

৬। দরপত্র দাখিলের শেষ সময় সংক্রান্ত ঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দরপত্র দাখিলের শেষ সময় ও তারিখ এর মধ্যে দরপত্র দাখিল করতে হবে ।

৭। দরপত্র দেরীতে দাখিল সংক্রান্ত ঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত (বা জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃক পরবর্তীতে সংশোধিত, যদি হয়) দরপত্র দাখিলের নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে দাখিলকৃত দরপত্র গ্রহন করা হবে না। নির্ধারিত তারিখের পরে দাখিলকৃত প্রাপ্ত দরপত্র না খুলেই দরপত্রদাতাকে ফেরত দেয়া হবে।

৮। দরপত্র খোলার সময় সংক্রান্ত ঃ

দরপত্র বিজ্ঞপ্তি-তে উল্লেখিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত সকল দরপত্র খাম খোলা হবে।

৯। দরপত্র প্রস্তাব কাটাকাটি করা, ঘষামাজা, পেন্সিল দিয়ে লেখা, অস্পষ্টকরণ ওভার রাইটিং ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ। পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন বা সংশোধনের প্রয়োজন হলে তা একটি লাইন টেনে কেটে নতুন করে সুস্পষ্টভাবে লিখে সীল স্বাক্ষর করতে হবে।

১০। টাইপকরা/হাতে লেখা মুখবন্ধ (সীলগালা) খামের মাধ্যমে দরপত্র দাখিল করতে হবে।

১১। দরপত্র সিডিউলে প্রতি পাতায় দরদাতা কর্তৃক দরপত্রের শর্তাবলী গ্রহনযোগ্যতার নিশ্চয়তা সূচক সীলমোহর সহ স্বাক্ষর করতে হবে।

১২। দরপত্র প্রস্তাবের প্রথমে পূরণকৃত দরপত্র তফসিল এবং কাগজাদি যুক্ত করে দরপত্র দলিলের পৃষ্ঠার অনুক্রমে পরবর্তী সকল পৃষ্ঠায় ক্রমিক নং দিতে হবে। দরদাতার মুখবন্ধ খামে এবং দরপত্র দলিলের প্রচ্ছদপত্রে কোন পৃষ্ঠা নম্বর হবে না।

১৩। দরপত্র খোলার পর অন্ততঃ ৯০ (নব্বই) দিন দরপ্রস্তাব বৈধ থাকবে। এই সময়ের মধ্যে দরদাতা তার দরপত্র প্রত্যাহার করতে পারবেন না। দরপত্র প্রত্যাহার করা হলে দরপত্র জামানত (আর্নেস্টমানি) বাজেয়াপ্ত করা হবে।

১৪। অত্র দরপত্র তফসিলের কোন ধারা, উপধারা অমান্য করার বা শুণ্যস্থান যথাযথ পূরণ না করায় বা কাটাকাটি করার বা ওভাররাইটিং করার কারণে দরপত্র বাতিল করা হলে উক্ত দরদাতার কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১৫। মিথ্যা/ভূল তথ্য/অসম্পূর্ণ তথ্য/কালো তালিকাভূক্ত/প্রত্যাখ্যাত বা আহবান সত্তেও চুক্তি না করা প্রতিষ্ঠান সমূহের দরপত্রে অংশগ্রহণের প্রয়োজন নাই।

১৬। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

১৭। দরপত্র সিডিউলের সকল শর্তাবলী দরপত্রের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিচেচিত হবে।

# দরপত্র দাতাদের সংগ্রহ ও সরবরাহ (পরিবহন) সংক্রান্ত নির্দেশনা:-

১। গুণগত মান: সংগ্রহ ও সরবরাহ (পরিবহন) সরবরাহের ক্ষেত্রে নিটোর কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক পরিবহন সরবরাহ দিতে বাধ্য থাকতে হবে। পরিবহন সরবরাহের ক্ষেত্রে যদি কোন উপর প্রশ্ন উঠে তবে তাহার জন্য কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিবেন তাই দরপত্র দাতার উপর চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২। সরবরাহ ও গ্রহণ: সরবরাহকারী দরপত্র তালিকা/সিডিউলে বর্ণিত স্থান হতে মালামাল আনয়ন/উঠানামা করতঃ এ হাসপাতালের নির্ধারিত ভান্ডারে পৌঁছে দেবেন। পরিবহন সরবরাহ প্রতিদিন ছুটির দিন ব্যতিত সকাল ৮.০০ ঘটিকা হইতে অফিস সময়ের মধ্যে গ্রহণ করা হবে। অফিস বন্ধের দিন পরিবহন সরবরাহের সময় সীমা পূর্বেই ধার্য করা থাকবে। উক্ত সময় পরিচালক ও অধ্যাপক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) বা তার প্রতিনিধি ধার্য করে দেবেন। যদি নির্ধারিত সময়ের মধ্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে সরবরাহ দিতে বিঘ্ন ঘটে তবে তার পরিবর্তে অন্য অফিস প্রতিনিধি উক্ত সরবরাহ গ্রহণ করবেন। আর যদি উহা গ্রহনের জন্য কোন নির্ধারিত সময় না থাকে তবে কর্তৃপক্ষের জারীকৃত অফিস আদেশের নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ দিতে হবে। সরবরাহ সংক্রান্ত অসুবিধার জন্য ঠিকাদার সম্পূর্ণরুপে দায়ী থাকবেন এবং এজন্য ঠিকাদার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

৩। সাধারণতঃ কার্যাদেশে বর্ণিত পরিবহন সরবরাহের দৈনন্দিন সময়সীমা পরিবর্তন করা হবে না। তবে প্রাকৃতিক/অন্যান্য দূর্যোগের ক্ষেত্রে ইহা শিথিলযোগ্য।

৪। চাহিদা অথবা প্রয়োজন অনুসারে সরবরাহের ক্ষেত্রে কোন রকম গাফিলতি অথবা সরবরাহের অস্বীকৃতির ক্ষেত্রে ঠিকাদারের জন্য চুক্তির মূল্য অপেক্ষা অতিরিক্ত খরচ বাবদ যে রুপ উপযুক্ত মনে করেন ঐ পরিমান আর্থিক দন্ড প্রদানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। শর্ত মোতাবেক শতকরা ১০০%(একশত ভাগ) মালামাল কার্যাদেশে বর্নিত নির্দিষ্ট সময়ে সরবরাহ করতে ব্যর্থ হলে কার্য সম্পাদন জামানতের টাকা বাজেয়াপ্ত সহ কালো তালিকাভুক্তি করা হইবে। এক্ষেত্রে কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠানের কার্য সম্পাদন জামানত বাবদ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ভাঙ্গিয়ে ঝুঁকি ক্রয় করা হবে।

৬। দরপত্র (Schedule) এ উল্লেখিত সকল স্থান হতে মালামাল আনয়ন/উঠানো/নামানোর কাজ করতে হাসপাতাল কর্তৃপক্ষ বাধ্য নহে। প্রয়োজনে দরপত্রে উল্লেখিত যে কোন স্থানে পরিবহন সরবরাহ নেয়া বা না নেয়ার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

৭। কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী খালি পিক আপ/কাভার্ড ভ্যান/ট্রাক হাসপাতাল চত্বরে আসবে। কর্তৃপক্ষের মনোনীত স্টোরের প্রতিনিধিকে সঙ্গে নিয়ে মালামাল আনতে হবে।

## বিশেষ শর্তাবলী

১) Contract/চুক্তি সম্পাদনঃ কৃতকার্য দরপত্র দাতাকে দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত নমুনা মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে একটি চুক্তি সম্পাদন করতে হবে। এই দরপত্র সিডিউলের সকল শর্তাবলী উক্ত চুক্তির অংশ বলিয়া বিবেচিত হবে।

২) কার্যসম্পাদন জামানত জমা প্রদান সংক্রান্ত ঃ

কৃতকার্য দরপত্র দাতা কে অত্র প্রতিষ্ঠানের বিগত বছরের খরচের হিসাব অনুযায়ী ১০% টাকা কার্য সম্পাদন জামানত হিসাবে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিচালক ও অধ্যাপক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা এর বরাবরে জমা প্রদান করতে হবে। তফসিলী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে গ্রহণ করা হবে না। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি জমা দিতে হবে, ফটোকপি কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) প্রয়োজনবোধে উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সত্যতা যাচাইয়ের অধিকার সংরক্ষন করে। পরবর্তী যে কোন সময় উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সঠিক নয় বলে প্রমাণিত হলে ঠিকাদারের বিরুদ্ধে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের আধিকার সংরক্ষণ করে। জমাকৃত কার্য সম্পাদন জামানত সম্পূর্ণরুপে লভ্যাংশমুক্ত হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হবার পর কিংবা চুক্তির কার্যকারিতা শেষ হবার পর ও তদসময়ে ঠিকাদার বরাবরে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কোনরুপ দাবী/পাওনা না থাকলে এবং ঠিকাদারের লিখিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে ঠিকাদারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উক্ত জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরৎ প্রদান করা হবে।

৩) দরপত্র জামানত (আর্নেষ্টমানি) ঃ

দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্র সিডিউলে বর্ণিত গ্রুপ ভিত্তিক উল্লেখিত অংকের টাকা দরপত্র জামানত হিসাবে জমা দিতে হবে। দরপত্র মূল্যায়ন শেষে অকৃতকার্য দরপত্র দাতা প্রতিষ্ঠানের দরপত্র জামানত (আর্নেষ্টমানি) ফেরৎ পাবেন। সফল দরপত্রদাতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে "কার্যসম্পাদন জামানত" প্রাপ্তির পর দরপত্র জামানত (আর্নেষ্টমানি) ফেরত দেয়া হবে। দরপত্র তফসিলে স্বাক্ষরকারী দরপত্রদাতা প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্তৃক তাদের ছাপানো চিঠির প্যাডে আবেদনের ভিত্তিতে দরপত্র জামানত (আর্নেষ্টমানি) তাকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে হাতে হাতে হস্তান্তর করা হবে।

৪) আই.টি.ভ্যাট ও অন্যান্য কর্তন ঃ

সরকারী নিয়মানুযায়ী মাসিক বিল হতে আই.টি. ভ্যাট ও যাবতীয় সরকারী পাওনা কর্তন করা হবে।

৫) বিল প্রস্তুত ঃ প্রতি মাসের বিল পরবর্তী মাসের প্রথম সপ্তাহে মূল অফিস স্মারক ও মালামাল গ্রহণের রশিদ ইত্যাদিসহ হিসাব শাখায় দাখিল করতে হবে এবং এতে গ্রহণকারী অফিস প্রতিনিধি/নির্ধারিত কমিটি কর্তৃক Collection & Supply (Vehicle) সম্পূর্ণ ভাল অবস্থায় গ্রহণ করা হয়েছে মর্মে ঘোষনা থাকতে হবে।

৬। বিল পরিশোধ ঃ রাজস্ব, উন্নয়ন ও থোক খাতে/কোডে অর্থ বরাদ্দ প্রাপ্তি, প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদন ও মঞ্জুরী প্রাপ্তি স্বাপেক্ষে সরকারী বিধি মোতাবেক বিল পরিশোধযোগ্য।

৭) দরপত্রের কার্যক্রম/ক্রয়াদেশ সংক্রান্ত যোগাযোগ ঃ

দরপত্রের সকল কার্যক্রম পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ নীতিমালা অনুযায়ী সম্পন্ন করা হবে। এই শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয় সমূহ এতদসংক্রান্ত সরকারী কোন বিধিমালা প্রণীত হলে তা এই দরপত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে/উক্ত বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৮) দরপত্র বাতিল সংক্রান্ত ঃ

(ক) কর্তৃপক্ষ কোন আইনি জটিলতা/শর্তের ব্যতিক্রম মনে করলে এই দরপত্রের কার্য সম্পাদিত হওয়ার পূর্বেই অথবা কার্যাদেশ প্রদানের পর দরপত্র বাতিল অথবা চুক্তি বাতিল করতে পারবেন। চুক্তি বলবৎ থাকাকালে ঠিকাদারের মৃত্যু অথবা আদালতের তার মানসিক অক্ষমতা প্রমানিত হলে এই চুক্তির পরিসমাপ্তি ঘটেছে বলে গন্য হবে। এক্ষেত্রে আদালত কর্তৃক উত্তরাধিকার সনদপত্র জমাদানের ভিত্তিতে বিধি মোতাবেক বিল পরিশোধ করা হবে। প্রতিষ্ঠানের অংশীদারের মৃত্যু অথবা মানসিক অক্ষমতার কারনে চুক্তি বাতিল হবে না । (খ) মালামাল আনার জন্য খালি গাড়ী হাসপাতালে আনিবে এবং হাসপাতালের প্রতিনিধির একজন সাথে নিয়ে যথাস্থান হইতে মালামাল আনিয়া ষ্টোরে দ্বিতীয় অথবা তৃতীয় তলায় বুঝাইয়া দিবেন।

৯) চুক্তি বাতিল সংক্রান্ত ক্ষমতা ঃ

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃপক্ষ যে কোন সময় কোনরুপ কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসন্তোষজনক কাজের জন্য ১(এক) মাসের নোটিশে সম্পাদিত চুক্তি বাতিল করা যাবে। এ বিষয়ে সংশিণ্টষ্ট ঠিকাদারের কোনরুপ আপত্তি গ্রহণযোগ্য হবে না।

# সংগ্রহ ও সরবরাহ (পরিবহন)সম্পর্কিত বিনির্দেশঃ-

১। দরপত্র (Schedule) এ উল্লেখিত সকল স্থানে পরিবহন ব্যবহার করতে হাসপাতাল কর্তৃপক্ষ বাধ্য নহে। দরপত্রে (Schedule) উল্লেখিত যে কোন স্থানে পরিবহনের ব্যবহার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

২। সংগ্রহ ও সরবরাহ (পরিবহন) এর নিযুক্ত প্রতিষ্টানকে হাসপাতাল চত্বরে সংগ্রহ ও সরবরাহ কাজে নিয়োজিত পরিবহন সার্বক্ষনিক ভাবে উপস্থিত/হাজির রাখিতে হইবে।

# <u>দরপত্র দাতার সম্মতিপত্র</u>

(দরপত্র দাতাকে এই ফরম টি তার নিজস্ব লেটার হেড প্যাডে অবশ্যই পূরণ করে দরপত্রের সহিত দাখিল করতে হবে)। না করলে বা অসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে)।

আমি/আমরা সংশ্লিস্ট দরপত্রে বর্নীত তফসিলভুক্ত সকল শর্তাবলী স্বজ্ঞানে জেনে/পড়ে বুঝেশুনে ও বিনা প্ররোচনায়/আপত্তিতে মেনে নিয়ে আমার/আমাদের পক্ষ হতে নিম্নে স্বাক্ষর করলাম। দরপত্র তফসিলে বর্ণিত কোন শর্ত মোতাবেক জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃক আমার/আমাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন করলে আমি/আমরা সেই সিদ্ধান্ত/ব্যবস্থার বিপক্ষে কোন প্রকার আদালতে আইনের শরনাপন্ন হবো না বা বিপক্ষে অবস্থান গ্রহন করবো না।

দরপত্রদাতা প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর
এবং প্রতিষ্ঠানের সীল

স্বাক্ষর: -------------------------------------
নাম ঃ---------------------------------------------------
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ---------------------------------

------------------------------------------------------------

------------------------------------------------------------

ফোনঃ.............................................................

ফ্যাক্স নং (যদি থাকে)ঃ..........................

ই-মেইল/ইন্টারনেট (যদি থাকে)ঃ--------------

প্রতিষ্ঠানের সীলমোহর ঃ

## দরপত্র জামানত (আর্নেষ্টমানি) সংক্রান্ত

(দরপত্র দাতাকে এই ফরম টি তার নিজস্ব লেটার হেড প্যাডে অবশ্যই পূরণ করে দরপত্রের সহিত দাখিল করতে হবে)। না করলে বা অসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে)।

অত্র দরপত্রের সাথে আমি/আমরা দরপত্র জামানত (আর্নেষ্টমানি) হিসাবে যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করলাম তার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলো।

| পে- অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর | তারিখ | টাকার পরিমাণ | ইস্যুকারী ব্যাংকের নাম ও ঠিকানা | দরপত্র দাতার স্বাক্ষর ও সীল |
|---|---|---|---|---|
| | | | | |

দরপত্রদাতা প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর
এবং প্রতিষ্ঠানের সীল

স্বাক্ষর: -------------------------------------

নাম ঃ-------------------------------------------------

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ---------------------------------

-------------------------------------------------------

-------------------------------------------------------

ফোনঃ...........................................................

ফ্যাক্স নং (যদি থাকে)ঃ..........................

ই-মেইল/ইন্টারনেট (যদি থাকে)ঃ--------------

প্রতিষ্ঠানের সীলমোহর ঃ

## আদর্শ দরপত্র দলিল
## ব্যবহার নির্দেশিকা

আদর্শ দরপত্র দলিল (STD) ব্যবহার করে ২৫ লাখ টাকার উর্ধের মূল্যমানের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য ক্রয়কারীকে সহায়তা প্রদানের লক্ষ্যে সিপিটিইউ কর্তৃক এই নির্দেশনা প্রস্তুত করা হয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সালের ২৪ নং আইন) এবং আইনের পরিপূরক হিসেবে জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, ক্রয়কারী অনুসরণ করবে যা সিপিটিইউ এর ওয়েবসাইট www.cptu.gov.bd-এ সংশোধনীসহ প্রকাশ করা হয়েছে। দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকলকেই উল্লিখিত আইন ও বিধিমালা অনুসরণ করার পরামর্শ দেয়া হলো।

ক্রয়কারী উন্মুক্ত দরপত্র পদ্ধতির অধীনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ে আগ্রহী হলে গ্রহণযোগ্য সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রদাতার সঙ্গে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে এই আদর্শ দরপত্র দলিল (পিজি৩) প্রযোজ্য হবে।

বাংলাদেশের অভ্যন্তরে ক্রয়ের ক্ষেত্রে ক্রয়ের সুনির্দিষ্ট প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য নমুনা ফরমেটসমূহের ভিত্তিতে আদর্শ দরপত্র দলিল (পিজি৩) প্রণয়ন করা হয়েছে।

**দরপত্র উপাত্ত শিট** (TDS- Tender Data Sheet) ও **চুক্তির বিশেষ শর্তাবলী** (PCC- Particular Conditions of Contract) এবং **চাহিদা তফসিল** (Schedule of Requirements)-এ বর্ণিত বিস্তারিত চাহিদা, **কারিগরি বিনির্দেশ** (Technical Specifications) এবং/অথবা **নকশা (Drawing)** ইত্যাদির মাধ্যমে ক্রয়কারী সুনির্দিষ্ট ক্রয়-চাহিদা উল্লেখ করবে।

ক্রয়কারী এবং দরপত্রদাতা উভয়ের জন্যই **বন্ধনীতে ও ইটালিক অক্ষরে নির্দেশনা** দেয়া হয়েছে। ক্রয়কারী সতর্কতার সঙ্গে বিবেচনা করবেন সঠিক দরপত্র প্রস্তুতের জন্য কোন নির্দেশাবলি রাখতে হবে এবং ক্রটিপূর্ণ দরপত্র প্রক্রিয়া এড়ানোর জন্য কোন নির্দেশনাবলি দরপত্রদাতার জন্য প্রয়োজন হবে।

STD (পিজি৩)-তে দরপত্র প্রস্তুত ও দাখিল করতে দরদাতার প্রয়োজনীয় সকল তথ্য প্রদানের সংস্থান থাকে। এটি দরপত্রদাতাগণ কর্তৃক দাখিলকৃত দরপত্রসমূহ মূল্যায়নের জন্য ক্রয়কারীকে নিরপেক্ষভাবে, স্বচ্ছতার সঙ্গে ও যথাযথভাবে মূল্যায়ন প্রক্রিয়ার একটি দৃঢ় ভিত্তি প্রদান করে।

STD (পিজি৩) এর ৮টি অধ্যায় রয়েছে, এর মধ্যে অধ্যায় ১ (দরদাতাদের জন্য নির্দেশনা) এবং অধ্যায় ৩ (চুক্তির সাধারণ শর্তাবলি) কোন অবস্থাতেই পরিবর্তন অথবা সংশোধন করা যাবে না।

STD (পিজি৩)-এর অধ্যায়গুলো এবং একটি নির্দিষ্ট দরপত্র দলিল প্রস্তুতকালে ক্রয়কারী এগুলো কিভাবে ব্যবহার করবে তা সংক্ষেপে নিম্নে বর্ণিত হলো;

**অধ্যায় ১.** **দরপত্রদাতার প্রতি নির্দেশনা (Instruction to Tenderers)**

দরপত্রদাতার দরপত্র প্রস্তুতিতে সহায়তা করার জন্য প্রাসঙ্গিক তথ্য এই অধ্যায়ে সন্নিবেশিত রয়েছে। এখানে দরপত্র দাখিল, উন্মুক্তকরণ, মূল্যায়ন এবং চুক্তি সম্পাদন সংক্রান্ত তথ্যাবলি আছে। দরপত্রদাতার প্রতি নির্দেশনা (ITT) -তে ক্রয় প্রক্রিয়া পরিচালনার নির্দেশনা এবং কার্যপ্রণালী নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়। সর্বনিম্ন গ্রহণযোগ্য দরদাতা নির্ধারণ করতে এবং চুক্তি সম্পাদনে ঠিকাদারের যোগ্যতার নির্ধারণে ক্রয়কারী কর্তৃক ব্যবহৃত নির্ণায়কও এ অধ্যায়ে রয়েছে। দরদাতার প্রতি নির্দেশনা কোন চুক্তিপত্র নয় এবং সেহেতু এটি চুক্তির অংশ নয়।

**এই অধ্যায়ের অনুচ্ছেদের রচিত অংশ (Text) সংশোধন করা যাবে না।**

**অধ্যায় ২.** **দরপত্র উপাত্ত শিট (Tender Data Sheet)**

এই অধ্যায়ে প্রতিটি ক্রয়ের জন্য সুনির্দিষ্ট তথ্য প্রদানের সংস্থান রয়েছে যা 'অধ্যায় ১: দরপত্রদাতার প্রতি নির্দেশনা'-তে অন্তর্ভুক্ত তথ্যাবলির সম্পূরক তথ্য বা চাহিদা প্রদান করবে। দরপত্র উপাত্ত শিট প্রস্তুতকরণে সহায়তা করতে এর অনুচ্ছেদের ক্রম দরদাতাদের প্রতি নির্দেশনা অধ্যায়ের অনুরূপ অনুচ্ছেদের ক্রম অনুসারে করা হয়েছে।

**অধ্যায় ৩.** **চুক্তির সাধারণ শর্তাবলি (General Conditions of Contract)**

এই অধ্যায়ে চুক্তির সাধারণ শর্তাবলি জারিকৃত দরপত্র দলিলের আওতায় চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। একটি সুনির্দিষ্ট ক্রয় কার্যক্রমের জন্য সাধারণত GCC এর যে সব শর্তাবলি পিসিসির জন্য প্রযোজ্য সে সব শর্তাবলি সুস্পষ্টভাবে পিসিসিতে উল্লেখ থাকতে হবে।

**এই অধ্যায়ের অনুচ্ছেদের রচিত অংশ** (Text) **সংশোধন করা যাবে না।**

**অধ্যায় ৪.** **চুক্তির বিশেষ শর্তাবলি (Particular Conditions of Contract)**

সুনির্দিষ্ট চুক্তির ক্ষেত্রে বিশেষ শর্তাবলি এই অধ্যায়ে উল্লেখ করা হয়েছে, যা 'অধ্যায় ৩ঃ চুক্তির সাধারণ শর্তাবলি' প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন বা এর সম্পূরক (Supplement) হিসেবে বিবেচিত হবে। দরপত্র দলিল জারি করার সময় ক্রয়কারী GCC এর নির্দেশনা অনুযায়ী সকল সম্ভাব্য তথ্য পিসিসিতে অন্তর্ভুক্ত করবে। পিসিসি প্রস্তুতকরণে সহায়তা করতে এর অনুচ্ছেদের ক্রম (Serial) GCC এর অধ্যায়ের অনুরূপ অনুচ্ছেদের ক্রম অনুসারে করা হয়েছে।

**অধ্যায় ৫.** **দরপত্র ও চুক্তির ফরম**

দরপত্রদাতাকে এ অধ্যায়ে বর্ণিত আদর্শ দরপত্র ফরম অনুযায়ী দরপত্র দাখিল করতে হবে—**দরপত্র দাখিলপত্র (ফরম পিজি৩ - ১), দরপত্রদাতার তথ্য শিট (ফরম পিজি৩ - ২), মূল্যের তফসিল (ফরম পিজি৩ - ৪এ এবং ফরম পিজি৩ – ৪বি), বিনির্দেশ দাখিল ও পরিপালন শিট** (Compliance sheet) **(ফরম পিজি৩ - ৫), উৎপাদনকারী প্রতিষ্ঠানের অঙ্গীকারপত্র (ফরম পিজি৩ - ৬), দরপত্র জামানতের জন্য ব্যাংক গ্যারান্টি (ফরম পিজি৩ - ৭) এবং ব্যাংক প্রদত্ত ঋণ নিশ্চয়তার প্রতিশ্রুতিপত্র (ফরম পিজি৩ - ৮)।**

এ ছাড়াও, এই অধ্যায়ে চুক্তি সম্পাদন নোটিশ **(ফরম পিজি৩-৯) এবং চুক্তিপত্র (ফরম পিজি৩ - ১০)** আছে, যা সম্পন্নের মাধ্যমে গৃহীত দরপত্রে চুক্তির সাধারণ শর্তাবলি (GCC), চুক্তির বিশেষ শর্তাবলি (PCC) এবং দরপত্রদাতার প্রতি নির্দেশনা (ITT) যেসব সংশোধন বা পরিমার্জনা অনুমোদন করে তা অন্তর্ভুক্ত থাকবে।

কৃতকার্য দরপত্রদাতা কর্তৃক কার্য-সম্পাদন জামানতের **ব্যাংক গ্যারান্টি (ফরম পিজি৩-১১**) এবং প্রযোজ্য ক্ষেত্রে **অগ্রিম পরিশোধিত অর্থের জামানতের ব্যাংক গ্যারান্টি (ফরম পিজি৩ - ১২)** পূরণ করে দাখিল করবেন।

**অধ্যায় ৬.** **চাহিদা তফসিল (Schedule of Requirements)**

এই অধ্যায়ে **পণ্যর তালিকা ও সরবরাহের সূচি এবং সংশ্লিষ্ট সেবাসমূহ ও সম্পন্ন করার সূচি দেয়া আছে যা ক্রয়কারীকে** প্রতিটি ক্রয়ের জন্য সতর্কতার সঙ্গে প্রস্তুত করতে হবে।

**চাহিদা তফসিল -এর** উদ্দেশ্য হলো তথ্য প্রদানের মাধ্যমে দরপত্রদাতাকে দরপত্র সঠিকভাবে প্রস্তুতিতে সক্ষম করা। বিশেষ করে, মূল্যের তফসিলের জন্য মূল্য তফসিল **(ফরম পিজি৩ – ৪এ ও ফরম পিজি৩ – ৪বি) প্রদান করা হয়েছে।**

**অধ্যায় ৭.** **কারিগরি বিনির্দেশ (Technical Specifications)**

এই অধ্যায়ে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিস্তারিত কারিগরি বিনির্দেশ বর্ণনা করা হয়েছে।

**অধ্যায় ৮.** **নকশা (Drawing)**

এই অধ্যায়ে বিস্তারিত কারিগরি বিনির্দেশের সম্পূরক হিসেবে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার নকশা (Drawing) বর্ণনা করা হয়েছে।

এই দলিলের শেষে **চুক্তি সংশোধনের নমুনা, চুক্তি সম্পন্ন করার সনদ, দরপত্র বিজ্ঞপ্তি শুধু অবগতির জন্য সংযুক্ত করা হয়েছে।**

/ এখানে ক্রয়কারীর নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে

# পণ্য ক্রয়ের জন্য
# দরপত্র দলিল (অভ্যন্তরীণ ক্রয়)

*[ ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার ধরন উল্লেখ করতে হবে]*

**দরপত্র আহবানের নংঃ**
**জারির তারিখঃ**
**দরপত্র প্যাকেজ নংঃ**
**দরপত্র লট নংঃ**

<u>সূচিপত্র</u>


**অধ্যায় ১. দরপত্রদাতার প্রতি নির্দেশনা ........ 1**

***ক. সাধারণ........ 1***
- **1.** দরপত্রের পরিসর ........ 1
- **2.** ব্যাখ্যা........ 1
- ৩. তহবিলের উৎস ........ 1
- ৪. *দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত, জবরদস্তি (বা বাধা, যা উন্নয়ন সহযোগীর জন্য প্রযোজ্য)*........ 1
- ৫. যোগ্য দরপত্রদাতা........ 3
- ৬. উপযুক্ত পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ........ 3
- ৭. সাইট পরিদর্শন ........ 3

***খ. দরপত্র দলিল ........ 4***
- ৮. দরপত্র দলিলঃ সাধারণ ........ 4
- ৯. দরপত্র দলিলসমূহের স্পষ্টীকরণ........ 4
- ১০. প্রাক-দরপত্র সভা........ 4
- ১১. দরপত্র দলিলের সংশোধনী........ 4

***গ. যোগ্যতার নির্ণায়ক........ 5***
- ১২. সাধারণ নির্ণায়ক ........ 5
- _১৩. মামলাজনিত ইতিহাস........ 5
- ১৪. অভিজ্ঞতার নির্ণায়ক........ 5
- ১৫. আর্থিক নির্ণায়ক........ 6
- ১৬. সহ-ঠিকাদার(গণ) ........ 6

***ঘ. দরপত্র প্রস্তুতকরণ........ 6***
- ১৭. একটিমাত্র দরপত্র........ 6
- ১৮. দরপত্র প্রস্তুতের ব্যয় ........ 6
- ১৯. দরপত্র আহ্বান ও বিক্রয়........ 6
- ২০. দরপত্রের ভাষা ........ 7
- ২১. দরপত্র দাখিলের বিষয়সমূহ........ 7
- ২২. দরপত্র দাখিল পত্র ও মূল্য তফসিল ........ 7
- ২৩. বিকল্প *দরপত্র* ........ 7
- ২৪. দরপত্র মূল্য এবং মূল্যছাড় ........ 7
- ২৫. দরপত্র মুদ্রা........ 8
- ২৬. দরপত্রদাতার যোগ্যতা প্রমাণের দলিল ........ 9

২৭. *পণ্য ও সংশ্লিষ্ট সেবার সঙ্গতিপূর্ণতা ও যোগ্যতা প্রমাণের দলিলপত্র* ..... 9
২৮. দরপত্রদাতার যোগ্যতা প্রমাণের দলিলপত্র ..... 9
২৯. দরপত্রের বৈধতার মেয়াদ ..... 9
৩০. দরপত্রের বৈধতা এবং দরপত্র জামানতের মেয়াদ বর্ধিতকরণ ..... 10
৩১. দরপত্র জামানত ..... 10
৩২. দরপত্র জামানতের ধরণ ..... 10
৩৩. দরপত্র জামানতের সত্যতা ..... 10
৩৪. দরপত্র জামানত ফেরত ..... 10
৩৫. দরপত্র জামানত বাজেয়াপ্তকরণ ..... 11
৩৬. *দরপত্র ফরম্যাট ও স্বাক্ষর* ..... 11

***ঙ. দরপত্র দাখিল ..... 11***
৩৭. খামবন্ধকরণ, চিহ্নিতকরণ ও দরপত্র দাখিল ..... 11
৩৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময় ..... 12
৩৯. বিলম্ব দরপত্র ..... 12
৪০. দরপত্র সংশোধন, প্রতিস্থাপন অথবা প্রত্যাহার ..... 12
৪১. দরপত্র সংশোধন ..... 12
৪২. দরপত্র প্রতিস্থাপন ..... 12
৪৩. দরপত্র প্রত্যাহার ..... 12

***চ. দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন ..... 12***
৪৪. দরপত্র উন্মুক্তকরণ ..... 12
৪৫. দরপত্র মূল্যায়ন ..... 13
৪৬. মূল্যায়ন পদ্ধতি ..... 13
৪৭. প্রাথমিক যাচাই বাছাই ..... 14
৪৮. কারিগরি মূল্যায়ন ও গ্রহণযোগ্যতা ..... 14
৪৯. দরপত্র স্পষ্টীকরণ ..... 15
৫০. তথ্য প্রকাশে নিষেধাজ্ঞা ..... 15
৫১. গাণিতিক ত্রুটি সংশোধন ..... 16
৫২. আর্থিক মূল্যায়ন ..... 16
৫৩. মূল্য উদ্ধৃত হয় নাই এমন আইটেমের মূল্য নির্ধারণ ..... 17
৫৪. মূল্য তুলনা ..... 17
৫5. নেগোসিয়েশন ..... 17
৫6. দাখিল উত্তর যোগ্যতা ..... 17
৫৭. ক্রয়কারীর যে কোন দরপত্র গ্রহণ বা যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিলের অধিকার ..... 18
৫৮. সকল দরপত্র বাতিল ..... 18
৫৯. বাতিলের কারণ অবহিতকরণ ..... 18

***ছ. চুক্তি সম্পাদন ..... 18***
৬০. চুক্তি সম্পাদনের নির্ণায়ক ..... 18
৬১. ক্রয়কারী কর্তৃক পরিমাণ পরিবর্তনের অধিকার ..... 18
৬২. চুক্তি সম্পাদনের নোটিশ জারি ..... 19
৬৩. কার্য সম্পাদন জামানত ..... 19
৬৪. কার্য সম্পাদন জামানত দাখিলের সময়সীমা ও ছক ..... 19
৬৫. কার্য সম্পাদন জামানতের বৈধতা ..... 20
৬৬. কার্য সম্পাদন জামানতের সঠিকতা যাচাই ..... 20
৬৭. চুক্তি স্বাক্ষর ..... 20
৬৮. চুক্তি সম্পাদনের নোটিশ প্রকাশকরণ ..... 20
৬৯. দরপত্রদাতাদের অবহিতকরণ (*debriefing*) ..... 20
৭০. অ্যাডজুডিকেটর ..... 20
৭১. অভিযোগ করার অধিকার ..... 20

**অধ্যায় ২. দরপত্র উপাত্ত শিট ..... 21**

***ক. সাধারণ ..... 21***

***খ. দরপত্র দলিল ..... 21***

***গ. যোগ্যতার নির্ণায়ক ..... 22***

***ঘ. দরপত্র প্রস্তুত করা ..... 23***

***ঙ. দরপত্র দাখিল ..... 24***

*চ. দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন* ........ **25**

*ছ. চুক্তি সম্পাদন* ........ **26**

**অধ্যায় ৩. চুক্তির সাধারণ শর্তাবলি *(General Conditions of Contract)*** ........ **27**

১. সংজ্ঞা ........ 27
২. ব্যাখ্যা ........ 28
৩. যোগাযোগ ও নোটিশ প্রদান ........ 28
৪. প্রয়োগযোগ্য আইন ........ 29
৫. প্রয়োগযোগ্য ভাষা ........ 29
৬. দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক ও জবরদস্তিমূলক কর্ম (বাঁধা যা উন্নয়ন সহযোগীর জন্য প্যাকেজ) ........ 29
৭. চুক্তি গঠনের দলিলপত্রসমূহ ও দলিলপত্রের অগ্রাধিকার ........ 30
৮. সরবরাহের পরিসর ........ 30
৯. দায়দায়িত্ব হস্তান্তর ........ 30
১০. যোগ্যতা ........ 31
১১. পারিতোষিক/ এজেন্সি ফি ........ 31
১২. গোপনীয়তা ........ 31
১৩. ট্রেডমার্ক, পেটেন্ট ও বুদ্ধিবৃত্তিক সম্পদ অধিকার ........ 31
১৪. স্বত্তাধিকার ........ 31
১৫. সহ ঠিকাদারি ........ 31
১৬. ঠিকাদারের দায়-দায়িত্ব ........ 31
১৭. ক্রয়কারীর দায়-দায়িত্ব ........ 31
১৮. পরিবর্তনের আদেশ, পুনরাদেশ, অথবা অতিরিক্ত সরবরাহের আদেশ ........ 32
১৯. পুনরাদেশ, অথবা অতিরিক্ত সরবরাহের আদেশ ........ 32
২০. মোড়কজাতকরণ ও দলিলপত্র ........ 32
২১. সরবরাহ ও দলিলপত্র ........ 32
২২. গ্রহণযোগ্যতা ........ 32
২৩. চুক্তিমূল্য ........ 33
২৪. পরিবহন ........ 33
২৫. মূল্য পরিশোধের শর্তাবলি ........ 33
২৬. বীমা ........ 33
২৭. কর ও শুল্ক ........ 33
২৮. কার্য সম্পাদন জামানত ........ 33
২৯. কারিগরি বিনির্দেশ ও মান ........ 34
৩০. *পরিদর্শন ও পরীক্ষা* ........ **34**
৩১. ওয়ারেন্টি ........ **35**
*৩২. সরবরাহ ও সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণ.* ........ ৩৭
৩৩. বিলম্বজনিত ক্ষতিপূরণ ........ **36**
৩৪. দায়ের সীমা ........ **36**
৩৫. আইনী পরিবর্তনে সামঞ্জস্যবিধান ........ 36
৩৬. দৈব দুর্ঘটনা (*Force Majeure*) ........ 37
৩৭. দৈব দুর্ঘটনার নোটিশ ........ 37
৩৮. বিলম্ব হ্রাসে করণীয় ........ 37
৩৯. দৈব দুর্ঘটনার পরিণতি ........ 37
৪০. চুক্তি বাতিল ........ 38
৪১. চুক্তি সংশোধন ........ 39
৪২. বিরোধ নিষ্পত্তি ........ 39

**অধ্যায় ৪: চুক্তির বিশেষ শর্তাবলি** ........ **40**

**অধ্যায় ৫: দরপত্র ও চুক্তির ফরমসমূহ** ........ **44**

*দরপত্র দাখিল পত্র (ফরম পিজি৩ - ১)* ........ **45**

*দরপত্রদাতার তথ্য শিট (পিজি৩-২)* ........ **48**

*পণ্যের মূল্য তফসিল (পিজি৩-৪এ)* ........ **52**

*সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল (ফরম পিজি৩-৪বি)* ........ **53**

*বিনির্দেশ দাখিল ও কমপ্লায়েন্স শিট (পিজি৩-৫)* ........ **54**

*প্রস্তুতকারকের অঙ্গিকারপত্র (ফরম পিজি৩-৬)* ........ **55**

*দরপত্র জামানতের ব্যাংক গ্যারান্টি (ফরম পিজিও - ৭)* ........ **56**
*ব্যাংক ঋণের অঙ্গিকারপত্র (পিজি ৩-৮)*........ **৬১**
*চুক্তি সম্পাদনের জারিকৃত নোটিশ (পিজি ৩-৯)*
........ **৬২**
*চুক্তিপত্র (ফরম পিজিও - ১০)* ........ *৬৪*
*কার্যসম্পাদন জামানতের ব্যাংক গ্যারান্টি (ফরম পিজিও - ১১)* ........ **60**
*অগ্রীম অর্থ পরিশোধের ব্যাংক গ্যারান্টি (ফরম পিজিও - ১২)*........ **61**
**অধ্যায় ৬ : চাহিদা তফসিল (Schedul e of Requi rement s)........ 62**
**অধ্যায় ৭. কারিগরি বিনির্দেশ ........ 64**
**অধ্যায় ৮. নকশা (Drawing) ........ 65৯**

# অধ্যায় ১.  দরপত্রদাতার প্রতি নির্দেশনা

| ক. সাধারণ | |
|---|---|
| **1. দরপত্রের পরিসর (ব্যাপ্তি)** | 1.1 দরপত্র উপাত্ত শিট (TDS) এবং অধ্যায় ৬: চাহিদা তফসিল  বর্ণনা অনুসারে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য দরপত্র উপাত্ত শিটে উল্লেখিত ক্রয়কারী এই দরপত্র দলিল ইস্যু করেছেন। দরপত্রের নাম, নম্বর এবং লট বা লটসমূহের প্রতিটির পরিচিতি (আইডেন্টিফিকেশন) TDS-এ উল্লেখ করা হয়েছে। |
| | 1.2 কৃতকার্য দরপত্রদাতা চুক্তির সাধরণ শর্তাবলিতে উল্লেখিত পণ্যসমূহ ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করবেন। |
| **2. ব্যাখ্যা/স্পষ্টিকরণ** | 2.1 এই দরপত্র দলিলে<br>(ক) ''লিখিত'' শব্দের অর্থ হস্তলিখিত বা মেশিনে লিখিত যথাযথভাবে স্বাক্ষর করা এবং যথাযথভাবে প্রমাণিকৃত ফ্যাক্স বা ই-মেইল বোঝাবে;<br>(খ) যদি প্রেক্ষাপট অনুযায়ী প্রযোজ্য হয়, তাহলে একবচন অর্থে বহুবচন এবং বহুবচন অর্থে একবচন বোঝাবে; এবং<br>(গ) ''দিবস/দিন'' বলতে পঞ্জিকা  দিবস বোঝাবে, যদি না কার্যদিবস হিসেবে উল্লেখ করা থাকে;<br>(ঘ) ''ব্যক্তি'' অর্থ ক্রয় কর্মকাণ্ডে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি, ব্যক্তিবর্গ, ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান, অংশীদার কারবার, কোম্পানী, সংঘ বা সমবায় সমিতি;<br>(ঙ) ''দরপত্রদাতা'' অর্থ দরপত্র দাখিলকারী ব্যক্তি;<br>(চ) ''দরপত্র দলিল'' অর্থ দরপত্র প্রস্তত করার ভিত্তি হিসেবে ক্রয়কারী কর্তৃক কোনো দরপত্রদাতাকে সরবরাহকৃত দলিল;<br>(ছ) দরপত্র অর্থ দরপত্র দাখিলের আহবানের পরিপ্রেক্ষিতে কোন দরপত্রদাতা কর্তৃক পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারীর নিকট দাখিলকৃত দরপত্র; |
| **৩. তহবিলের উৎস** | 3.1 TDS এর উল্লেখ অনুসারে ক্রয়কারীর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ প্রদান করা হয়েছে এবং এর অংশবিশেষ চুক্তির অধীনে মূল্য পরিশোধে ব্যবহার করা হবে যার জন্য এ দরপত্র দলিল জারি করা হয়েছে। |
| | 3.2 ''সরকারি তহবিল'' অর্থ সরকারি বাজেট হতে ক্রয়কারীর অনুকূলে বরাদ্দকৃত অর্থ, অথবা কোন উন্নয়ন সহযোগী বা বিদেশি রাষ্ট্র বা সংস্থা কর্তৃক সরকারের মাধ্যমে ক্রয়কারীর অনুকূলে ন্যস্ত অনুদান ও ঋণ। |
| | 3.3 যদি TDS-এ উল্লেখ থাকে যে উন্নয়ন সহযোগী অর্থ পরিশোধ করবে, তাহলে কেবল সরকারের অনুরোধে ও উন্নয়ন সহযোগীর অনুমোদন সাপেক্ষে প্রযোজ্য ঋণ/ক্রেডিট/অনুদান চুক্তি অনুযায়ী উন্নয়ন সহযোগী কর্তৃক বরাদ্দকৃত তহবিল থেকে সংশ্লিষ্ট চুক্তির শর্তাবলি অনুযায়ী অর্থ প্রদেয় হবে। |
| ৪. **দুর্নীতি, প্রতারণা, ষড়যন্ত্র, চক্রান্ত, জবরদস্তি  (বাধা যা উন্নয়ন সহযোগীর জন্য প্রযোজ্য)** | (ক) সরকার এবং প্রযোজ্য ক্ষেত্রে উন্নয়ন সহযোগী  চায় যে ক্রয়কারী এবং দরপত্র দাতা ও সরবরাহকারী (তাদের প্রস্তুতকারক, সহ-ঠিকাদার, এজেন্ট, ব্যক্তিবর্গ, পরামর্শক  ও সেবাদাতাসহ) সবাই সরকারি তহবিলের অধীনে ক্রয় কর্মকাণ্ডে ও চুক্তি বাস্তবায়নে সর্বোচ্চ মানের নৈতিকতা বজায় রাখবেন।<br>(খ) । TT এর উপ-অনুচ্ছেদ  ৪.৩-এর  উদ্দেশ্য পূরণকল্পে নিম্নোক্ত শর্ত প্রদান করা হল:<br>(গ) **''দুর্নীতিমূলক কর্ম''** অর্থে ক্রয় প্রক্রিয়ায় বা চুক্তিসম্পাদনকালীন ক্রয়কারী কর্তৃক কোন কাজে, সিদ্ধান্ত বা পদ্ধতি গ্রহণে প্ররোচিত করার উদ্দেশ্যে, ক্রয়কারী বা অন্য কোন সরকারি বা বেসরকারি কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উৎকোচ, চাকরি, মূল্যবান দ্রব্য বা সেবা বা আর্থিক সুবিধা প্রদানের কোন প্রস্তাব প্রদান বা প্রদানের অঙ্গীকার করা বা ক্রয়কারী কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক তা গ্রহণ বা চাওয়া বুঝাবে;<br>(ঘ) **''প্রতারণামূলক কর্ম''** অর্থে ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন সিদ্ধান্তকে প্রভাবিত করার জন্য কোন ব্যক্তি কর্তৃক কোন মিথ্যা বিবৃতি প্রদান বা অসাধুভাবে কোন তথ্য গোপন করা বুঝাবে; |

(ঙ) **''চক্রান্তমূলক কর্ম''** অর্থে ক্রয়কারীর জ্ঞাত বা অজ্ঞাতসারে, প্রকৃত ও অবাধ প্রতিযোগিতার সুযোগ হতে ক্রয়কারীকে বঞ্চিত করে দরপত্র বা প্রস্তাব দাখিলের সংখ্যা ইচ্ছামত হ্রাস করা বা এর মূল্য প্রতিযোগিতামূলক নয় এমন পর্যায়ে রাখার উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে কোন চক্রান্ত বা যোগসাজশমূলক কার্য বুঝাবে;

(চ) **''জবরদস্তিমূলক কর্ম''** অর্থে ক্রয় কার্যক্রমের ফলাফল বা চুক্তি বাস্তবায়ন প্রভাবিত করার উদ্দেশ্যে স্বাভাবিক দরপত্র দাখিলে বাধা সৃষ্টি করাসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তি বা তার সম্পত্তির ক্ষতিসাধন করা বা ক্ষতিসাধনের হুমকি প্রদান করা বুঝাবে;

(ছ) **''বাধাদানমূলক কর্ম''** (উন্নয়ন সহযোগির ক্ষেত্রে প্রযোজ্য) অর্থে তদন্তের সাক্ষ্য প্রমাণ ইচ্ছাপূর্বক নষ্ট করা, মিথ্যা প্রতিপন্ন করা, বদলে ফেলা বা লুকিয়ে ফেলা, অথবা তদন্তকারীর নিকট মিথ্যা বিবৃতি দেয়া যাতে কোন দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক ও বাধাদানমূলক কার্যের অভিযোগের তদন্ত কার্যক্রম বাধাগ্রস্ত হয়; এবং/অথবা হুমকি দেয়া, হয়রানী করা বা ভয়ভীতি প্রদর্শন করা যাতে কেউ তদন্তসংশ্লিষ্ট কোন তথ্য প্রকাশ না করে বা তদন্তকারী তদন্তকাজ না করেন।

(জ) ক্রয়কারী বা প্রযোজ্য ক্ষেত্রে উন্নয়ন সহযোগী যদি দুর্নীতি, প্রতারণা, ষড়যন্ত্র, চক্রান্ত, জবরদস্তি (বাধা যা উন্নয়ন সহযোগীর জন্য প্রযোজ্য) কার্য নির্ণয় করে তবে ITT এর উপ-অনুচ্ছেদ ৩.৩ অনুযায়ী পাবলিক প্রকিউরিমেন্ট আইন, বিধি এবং উন্নয়ন সহযোগির গাইডলাইন অনুসরণ করে তার ব্যবস্থা গ্রহণ করবে।

(ঝ) সরকারি তহবিলের অধীনে কোন ক্রয় প্রক্রিয়ার দরপত্র প্রতিযোগিতায় অংশ নিতে গিয়ে বা চুক্তি বাস্তবায়ন করতে গিয়ে কোন দরপত্রদাতা বা সরবরাহকারী (তাদের প্রস্তুতকারক, সহ-ঠিকাদার, এজেন্ট, ব্যক্তিবর্গ, পরামর্শক ও সেবাদাতাসহ) যদি কোনো ধরনের দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) কাজে জড়িত বলে ক্রয়কারী নির্ণয় করে, তা হলে, ;

i. ক্রয়কারী এবং/অথবা উন্নয়ন সহযোগী সংশ্লিষ্ট দরদাতাকে দরপত্র কার্যক্রমের পরবর্তী ক্রয় কাজে অংশগ্রহণে বারিত করবে;

ii. ক্রয়কারী এবং/অথবা উন্নয়ন সহযোগী সংশ্লিষ্ট দরদাতার পক্ষে প্রস্তাবিত যেকোন সুপারিশ বাতিল করবে;

iii. ক্রয়কারী এবং/অথবা উন্নয়ন সহযোগী তাদের স্বীয় বিবেচনায় সংশ্লিষ্ট দরদাতাকে অনির্দিষ্ট কালের জন্য বা নির্দিষ্ট সময়ের জন্য পরবর্তী যে কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহণের জন্য অযোগ্য ঘোষণা করবে;

iv. উন্নয়ন সহযোগী তাদের বিদ্যমান বঞ্চিত/অযোগ্য নীতিমালা অনুযায়ী যে কোন সময় সংশ্লিষ্ট ঠিকাদার বা ব্যক্তিকে প্রকাশ্যে ঘোষণার মাধ্যমে অনির্দিষ্ট কাল বা নির্দিষ্ট মেয়াদকালের জন্য (i.) উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থায়নকৃত কোন চুক্তি এবং (ii.) মনোনিত সহ-ঠিকাদার, পরামর্শক, প্রস্তুতকারক, বা ঠিকাদার বা সেবা প্রদানকারীকে কোনভাবে উপযুক্ত হওয়া পরও অনুপযুক্ত ঘোষণা করবে।

v. উন্নয়ন সহযোগী যদি নির্ণয় করে যে তাদের অর্থায়নে বাস্তবায়নাধীন কোন ক্রয়ে বা ক্রয় চুক্তি বাস্তবায়নে ক্রয়কারীর কোন প্রতিনিধি অথবা তাদের ঋণের কোন উপকারভোগী কোন প্রকার দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) কার্যে জড়িত হয়েছে এবং এ ক্ষেত্রে ক্রয়কারী উন্নয়ন সহযোগীর কাছে সন্তোষজনক প্রতীয়মান হওয়ার মতো কোন প্রতিকারের ব্যবস্থা নেয়নি, তাহলে উন্নয়ন সহযোগী সেই চুক্তির অনুকূলে বরাদ্দকৃত ঋণের সংশ্লিষ্ট অংশ যে কোন সময় বাতিল করবে।

4.1 দরপত্রদাতাদেরকে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) সংস্থান এবং GCC অনুচ্ছেদ ৬-এ বর্ণিত অন্যান্য বিষয় সম্পর্কিত সংস্থানের বিষয়ে অবগত হতে হবে।

4.2 আরো উল্লেখ্য, এই পলিসি অনুসরণে, ক্রয় কার্যক্রমের যেকোন পর্যায়ে দরপত্রদাতা, সরবরাহকারী এবং তাদের প্রস্তুতকারক, সহ-ঠিকাদার, এজেন্ট, কর্মকর্তা ও কর্মচারী, পরামর্শক, সেবাদাতা, সরকার এবং উন্নয়ন সহযোগীকে দরপত্র দাখিল ও চুক্তি বাস্তবায়নের যাবতীয় হিসাব, রেকর্ড ও অন্যান্য নথিপত্র পরিবীক্ষণ করতে অনুমতি দিবেন এবং সরকার এবং/অথবা উন্নয়ন সহযোগী কর্তৃক নিয়োজিত নিরীক্ষকদের উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থায়নকৃত কোন চুক্তি বা এর বাস্তবায়নের সময় নিরীক্ষা করার অনুমতি দিবেন।

| | | |
|---|---|---|
| **৫. যোগ্য দরপত্রদাতা** | 5.1 | এই দরপত্র আহবান TDS-এ উল্লিখিত দেশ ছাড়া সকল দেশের যোগ্য দরপত্রদাতার জন্য উন্মুক্ত। |
| | 5.2 | চুক্তি সম্পাদনে দরপত্রদাতার আইনগত সক্ষমতা থাকতে হবে। |
| | 5.3 | দরপত্র আহবানের প্রতি সাড়া দিয়ে শারিরীক বা আইনগতভাবে আগ্রহী ব্যক্তি, বা ব্যক্তিবর্গের সমষ্টি বা কোম্পানি সরকারি ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে। |
| | 5.4 | দরপত্রদাতা নিজ নিজ দেশের আইন ও বিধি মোতাবেক কর প্রদান করা ও সামাজিক নিরাপত্তায় অবদান রাখার বাধ্যবাধকতা পূরণ করতে হবে। |
| | 5.5 | এই দরপত্র আহবানের আওতায় পণ্য সরবরাহের জন্য ব্যবহৃত বিনির্দেশন/অন্যান্য দলিলপত্র প্রণয়নের জন্য ক্রয়কারী কর্তৃক নিয়োজিত বা অতীতে নিয়োজিত হয়েছেন এমন পরামর্শকের সঙ্গে বা তার অধিভুক্ত কোন পরামর্শকের সঙ্গে দরপত্রদাতা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত থাকতে পারবেন না। |
| | 5.6 | দরপত্রদাতার স্বনামে, বেনামে বা ভিন্ন কোন নামে উন্নয়ন সহযোগীর অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের উন্নয়ন সহযোগীর গাইডলাইনের আলোকে। TT উপ-অনুচ্ছেদ ৪.৪ এ বর্ণিত দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) কার্যের অধীন অনুপযুক্ত ঘোষিত থাকবে না। |
| | 5.7 | অতীতে কোন সরকারি ক্রয় কার্যক্রমের কোন চুক্তি বাস্তবায়নে ত্রুটিপূর্ণ পণ্য সরবরাহ করার কারণে দরপত্রদাতাকে সরকারি ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করার ক্ষেত্রে অংশ গ্রহণে নিষিদ্ধ অথবা বিরত রাখা হয়নি। |
| | ৫.৮ | দরপত্রদাতা অস্বচ্ছল, জিম্মাদারের অধীন, দেউলিয়া বা দেউলিয়া হবার প্রক্রিয়াধীন হতে পারবেন না, সাময়িকভাবে ব্যবসা পরিচালনায় বিরত রাখা হয়নি এবং উল্লেখিত পরিস্থিতির কারণে আইনী কার্যক্রমের আওতায় নেই। |
| | ৫.৯ | বাংলাদেশের সরকারি মালিকানাধীন কোন প্রতিষ্ঠানও দরপত্রে অংশগ্রহণ করতে পারবে, যদি তা আইনগত ও আর্থিকভাবে স্বায়ত্বশাসিত হয়, বাণিজ্যিক আইনের অধীনে পরিচালিত হয়, এবং ক্রয়কারীর অধীনস্ত কোন এজেন্সি না হয়। |
| | ৫.১০ | ক্রয়কারী যৌক্তিকভাবে অনুরোধ করলে, দরপত্রদাতা ক্রয়কারীর নিকট সন্তোষজনক ক্রমাগত উপযুক্ততার প্রমাণাদি দাখিল করবে । |
| | ৫.১১ | এ সব উপযুক্ততা দরপত্রদাতার প্রস্তাবকৃত সহ-ঠিকাদারের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। |
| **৬. উপযুক্ত পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ** | 6.1 | এই চুক্তির অধীন সরবরাহতব্য সকল পণ্য ও সংশ্লিষ্ট সেবা উপযুক্ত, যদি তা TDS-এ উল্লিখিত নির্দিষ্ট উৎপাদনকারী দেশের না হয়। |
| | 6.2 | এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, **''পণ্য''** বলতে পণ্যসামগ্রী, কাঁচামাল, যন্ত্রপাতি, সরঞ্জাম এবং শিল্পের প্লান্ট অন্তর্ভুক্ত হবে এবং ''সং**শ্লি**ষ্ট সেবা'' বলতে বীমা , পরিবহন, স্থাপন, এবং চালুকরণ , প্রশিক্ষণ এবং প্রাথমিক রক্ষণাবেক্ষণ অন্তর্ভুক্ত হবে।<br><br>এই অনুচ্ছেদে, **''উৎপাদনকারী দেশ''** অর্থ সেই দেশ যেখানে পণ্য খনি থেকে সংগৃহীত (প্রকৃতিগতভাবে), জন্মানো, কৃষিজাত, উৎপাদিত, প্রস্তুতকৃত বা প্রক্রিয়াজাতকৃত; অথবা প্রস্তুতকরণ, প্রক্রিয়াজাতকরণ, বা সংযোজন প্রক্রিয়ার মাধ্যমে উৎপাদিত নতুন পণ্য হিসেবে বাণিজ্যিকভাবে স্বীকৃত, যার উপাদানগুলোর এর মূল বৈশিষ্ট্য থেকে উল্লেখযোগ্যভাবে আলাদা। |
| | 6.3 | দরপত্রদাতার জাতীয়তা এবং পণ্য বা সংশ্লিষ্ট উৎপাদনকারী দেশ থেকে সহজে দৃষ্ট হয়। |
| **৭. সাইট পরিদর্শন** | 7.1 | সাইট পরিদর্শনের ব্যয় দরপত্রদাতাকে নিজে বহন করতে হবে। |

# খ. দরপত্র দলিল

| | |
|---|---|
| **৮. দরপত্র দলিল: সাধারণ** | 8.1 এই অনুচ্ছেদে দরপত্র দলিলের তালিকা দেয়া হয়েছে যা ITT অনুচ্ছেদ-১১ অনুযায়ী জারিকৃত সংশোধনের সঙ্গে মিলিয়ে পড়তে হবে।<br>• অধ্যায় ১ দরপত্রদাতার প্রতি নির্দেশনা (ITT)<br>• অধ্যায় ২ দরপত্র উপাত্ত শিট (TDS)<br>• অধ্যায় ৩ চুক্তির সাধারণ শর্তাবলি (GCC)<br>• অধ্যায় ৪ চুক্তির বিশেষ শর্তাবলি (PCC)<br>• অধ্যায় ৫ দরপত্র ও চুক্তির ফরম<br>• অধ্যায় ৬ চাহিদা তফসিল (Schedule of Requirements)<br>• অধ্যায় ৭ কারিগরি বিনির্দেশ (Technical Specifications)<br>• অধ্যায় ৮ নকশা (Drawing) |
| | 8.2 ক্রয়কারী দরপত্র দলিলসমূহের এবং সংশ্লিষ্ট সংশোধনের সম্পূর্ণতার বিষয়ে দায়ী হবে না, যদি সেগুলো সরাসরি ক্রয়কারী বা TDS এ উল্লিখিত এজেন্টের মাধ্যম থেকে না কেনা হয়ে থাকে। |
| | 8.3 দরপত্রদাতা সকল নির্দেশনা, ফরম, শর্তাবলী এবং বিনির্দেশ এবং দরপত্রের সংশোধন (যদি থাকে) যথাযথভাবে পরীক্ষা করবে। |
| **৯. দরপত্র দলিলসমূহের স্পষ্টীকরণ** | 9.1 আগ্রহী দরপত্রদাতা দরপত্র দলিল সম্পর্কিত কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে TDS-এ উল্লিখিত সময়ের মধ্যে ক্রয়কারীর সঙ্গে ক্রয়কারীর ঠিকানায় লিখিতভাবে যোগাযোগ করবে। |
| | 9.2 ITT উপ-অনুচ্ছেদ ৯.১ এর উল্লেখিত তারিখের পর স্পষ্টীকরণের আবেদন করলে ক্রয়কারী জবাব দিতে বাধ্য থাকবে না। |
| | 9.3 ITT উপ-অনুচ্ছেদ ৯.১ এর আওতায় দরপত্র দলিলের স্পষ্টীকরণের কোন আবেদন গ্রহণ করার পরবর্তী পাঁচ (৫) কর্মদিবসের মধ্যে ক্রয়কারী লিখিত জবাব দেবে।<br>9.4 ক্রয়কারী প্রশ্নকারীর পরিচয় প্রকাশ না করে যাচিত স্পষ্টীকরণের বিবরণসহ জবাবের কপি দরপত্র দলিল ক্রয় করেছে এমন সকল দারপত্রদাতার কাছে পাঠাবে।<br>9.5 ক্রয়কারী যদি স্পষ্টীকরণের পরিপ্রেক্ষিতে দরপত্র দলিলে কোন সংশোধনী আনার প্রয়োজন মনে করে তবে ITT এর ধারা ১১ এর কার্যবিধি অনুসারে করবে। |
| **১০. প্রাক-দরপত্র সভা** | 10.1 TDS এ উল্লেখ থাকা সাপেক্ষে দরপত্র দলিল সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের জন্য বা কোন প্রশ্নের উত্তর দেবার জন্য ক্রয়কারী TDS-এর বর্ণিত স্থান, তারিখ ও সময়ে প্রাক-দরপত্র সভা করতে পারবে। এ ধরণের সভা অনুষ্ঠিত হলে সকল সম্ভাব্য দরপত্রদাতাদের এতে অংশগ্রহণে উৎসাহিত করতে হবে। |
| | 10.2 দরপত্রদাতার প্রশ্ন লিখিতভাবে সভার একদিন পূর্বে ক্রয়কারীর নিকট দাখিল করতে অনুরোধ করা হল।<br>10.3 উত্থাপিত প্রশ্ন ও প্রদত্ত উত্তর, সভার পরেও যদি কোন উত্তর প্রস্তুত করা হয়ে থাকে তা সহ, প্রাক দরপত্র সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠিত হবার পরবর্তী পাঁচ কর্মদিবসের মধ্যে দরপত্র দলিল ক্রয়কারী সকল দরপত্রদাতাদের, এমনকি যারা সভায় উপস্থিত ছিল না তাদেরকেও, পাঠাতে হবে। প্রাক-দরপত্র সভার প্রেক্ষিতে যদি ITT উপ-অনুচ্ছেদ ৮.১ এর তফসিলভুক্ত দরপত্র দলিলের সংশোধনী আনার প্রয়োজন হয় তবে প্রাক-দরপত্র সভার কার্যবিবরণীর মাধ্যমে না করে ক্রয়কারী কেবলমাত্র ITT উপ-অনুচ্ছেদ ১১ অনুযায়ী সংশোধনী জারি করবে।<br>10.4 প্রাক-দরপত্র সভায় অনুপস্থিতি কোন দরপত্রদাতার অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে না। |
| **১১. দরপত্র দলিলের** | 11.1 দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের পূর্বে যেকোন সময় ক্রয়কারী স্বতঃপ্রণোদিত হয়ে বা দরপত্র ক্রয়কারী কোন দরপত্রদাতার স্পষ্টীকরণের লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে কিংবা প্রাক-দরপত্র |

| | |
|---|---|
| **সংশোধনী** | সভার ফলশ্রুতিতে সংশোধনী জারি করার মাধ্যমে দরপত্র দলিল সংশোধন করতে পারবে। |
| | 11.2 ITT উপ-অনুচ্ছেদ ১১.১ এর অধীনে কোন সংশোধনী জারি হলে তা দরপত্র দলিলের অবিচ্ছেদ্য অংশ বলে বিবেচিত হবে যাতে জারির তারিখ ও নম্বর থাকবে এবং এ ধরণের সংশোধনী জারি করার ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে দরপত্র দলিল ক্রয়কারী প্রত্যেক দরপত্রদাতার নিকট ফ্যাক্স, ডাক বা ই-মেইলের মাধ্যমে পৌঁছাতে হবে যাতে দরপত্রদাতা সংশোধনী অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণে সক্ষম হন।<br>11.3 ক্রয়কারী সংশ্লিষ্ট সংশোধনীর রেফারেন্স নম্বর ও তারিখসহ ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে, যেখানে IFT প্রথমে প্রকাশ করা হয়েছিল সেখানে প্রকাশ করা নিশ্চিত করবে।<br>11.4 সংশোধনী মোতাবেক সম্ভাব্য দরপত্রদাতাকে দরপত্র প্রস্তুতের জন্য যৌক্তিক সময় দিতে ITT উপ-অনুচ্ছেদ ৩৭.২ অনুসারে ক্রয়কারী নিজ বিবেচনায় দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা বর্ধিত করতে পারবে।<br>11.5 যদি দরপত্র দাখিলের সময়সীমার এক তৃতীয়াংশ থেকে কম অবশিষ্ট থাকে এরকম সময়ের মধ্যে সংশোধনী জারি করা হয়ে থাকে, তাহলে ক্রয়ের চহিদা ও সংশোধনীর ধরণ বিবেচনা করে দরপত্র দাখিলের সময় উপযুক্ত সংখ্যক দিন বর্ধিত করবে। এ ধরণের সময় বর্ধিতকরণ তিন কর্মদিবসের কম হবে না। |

## গ. যোগ্যতার নির্ণায়ক

| | |
|---|---|
| **১২. সাধারণ নির্ণায়ক** | 12.1 দরপত্রদাতার প্রয়োজনীয় পেশাগত এবং কারিগরি যোগ্যতা ও দক্ষতা, আর্থিক সামর্থ, সরঞ্জাম ও অন্যান্য ভৌত সুযোগ-সুবিধা, ব্যবস্থাপনা সক্ষমতা, সুনির্দিষ্ট অভিজ্ঞতা, সুনাম, এবং চুক্তি বাস্তবায়নে প্রয়োজনীয় লোকবল থাকতে হবে, যা কৃতকার্য/অকৃতকার্য হবার নির্ণায়ক হিসেবে বিবেচিত হবে, এবং দরপত্রদাতা এসব নির্ণায়ক পূরণ করতে না পারলে তার দরপত্রকে অগ্রহণযোগ্য বিবেচনা করা হবে।<br>12.2 ITT অনুচ্ছেদ-৫ অনুযায়ী উপযুক্ততার নির্ণায়কের প্রমাণের অতিরিক্ত হিসেবে দরপত্রদাতাকে অবশ্যই ITT অনুচ্ছেদ ১৩ থেকে ১৫ পর্যন্ত নির্ণায়কসমূহ পুরণ করতে হবে।<br>12.3 দরপত্র আহবানে অন্তর্ভুক্ত এক প্যাকেজের একাধিক চুক্তিসমূহ/লটসমূহের জন্য এবং অন্যান্য স্বতন্ত্র একাধিক চুক্তিসমূহ/লটসমূহের জন্য যোগ্য হওয়ার জন্য দরপত্রদাতা যে সব চুক্তিসমূহ/লটসমূহে অংশগ্রহণ করেছে সে সব চুক্তি/লটের যোগ্যতার মোট নির্ণায়ক অনুযায়ী সর্বমোট সম্পদ (Resource) তাদের থাকতে হবে। ITT উপ-অনুচ্ছেদ ১৪.১ (এ) এর সাধারণ অভিজ্ঞতা ও ITT উপ-অনুচ্ছেদ ১৪.১ (বি) অনুযায়ী সুনির্দিষ্ট অভিজ্ঞতা ভিন্ন প্রকৃতির না হলে প্রত্যেক লটের জন্য আলাদাভাবে প্রয়োজন হবে না। |
| **১৩. মামলা/আইন ঘটিত ইতিহাস** | 13.1 মামলা/আইন ঘটিত ইতিহাস ITT উপ-অনুচ্ছেদ ১৫.১(বি) এ বর্ণিত আবশ্যিক নির্ণায়ক অনুযায়ী হতে হবে। |
| **১৪. অভিজ্ঞতার নির্ণায়ক** | 14.1 চুক্তির অধীনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের যোগ্য হওয়ার জন্য দরপত্রদাতাকে অবশ্যই নিম্নোক্ত ন্যূনতম সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে:<br>(ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহে TDS এ উল্লিখিত ন্যূনতম বছরের সাধারণ অভিজ্ঞতা থাকতে হবে;<br>(খ) প্রস্তাবিত পণ্যের একই ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহে TDS এ উল্লেখ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিটি নির্দিষ্ট ন্যূনতম মূল্যমানের চুক্তি সন্তুষ্টির সঙ্গে সম্পন্ন করার সুনির্দিষ্ট অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) TDS-এ উল্লিখিত ন্যূনতম পণ্য সরবরাহ এবং/অথবা উৎপাদন সক্ষমতা থাকতে হবে। |

| | |
|---|---|
| **১৫. আর্থিক নির্ণায়ক** | 15.1 চুক্তির অধীনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের যোগ্য হওয়ার জন্য দরপত্রদাতার অবশ্যই নিম্নোক্ত ন্যূনতম আর্থিক সক্ষমতা থাকতে হবে:<br>(ক) TDS এ উল্লিখিত ন্যূনতম তরল সম্পদের লভ্যতা অর্থাৎ, চলতি মূলধন বা বাংলাদেশের কোন তফসিলভুক্ত ব্যাংকের ঋণ প্রতিশ্রুতি পত্র যা অন্যান্য চুক্তির জন্য প্রতিশ্রুত অর্থের অতিরিক্ত।<br>(খ) আইনী মামলাসমূহের সকল দাবীর সন্তোষজনক নিস্পত্তি এবং দারপত্রদাতার আর্থিক সক্ষমতার উপর এর মারত্মক নেতিবাচক প্রভাব না থাকা। চলমান সকল মামলা দরপত্রদাতার বিরুদ্ধে নিস্পত্তিযোগ্য হিসেবে বিবেচিত হবে। |
| **১৬. সহ-ঠিকাদার (গণ)** | 16.1 দরপত্রদাতা পণ্য সরবরাহের তালিকায় একটি অংশ বা পণ্যের আংশিক সরবরাহ সহ-ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পন্ন করতে অভিপ্রায় ব্যক্ত করতে পারেন। তবে এক্ষেত্রে প্রস্তাবিত সহ-ঠিকাদার এবং উল্লেখিত সরবরাহ উপাদান সুনির্দিষ্ট করতে হবে। |
| | 16.2 সহ-ঠিকাদার নিয়োগ ব্যবস্থা বিষয়ে আরও অধিক তথ্য ক্রয়কারী জানতে চাইতে পারে। যদি ক্রয়কারী কোন সহ-ঠিকাদারকে তার উপর অর্পিত সরবরাহ কাজের জন্য অযোগ্য বা অনুপযুক্ত মনে করে, তাহলে ক্রয়কারী দরপত্রদাতাকে গ্রহণযোগ্য অন্য সহ-ঠিকাদার নিয়োগের প্রস্তাব করার জন্য অনুরোধ করতে পারে। |
| | 16.3 একজন সহ-ঠিকাদার একাধিক দরপত্রে শুধু সহ-ঠিকাদার হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |

## ঘ. দরপত্র প্রস্তুতকরণ

| | |
|---|---|
| **১৭. একটিমাত্র দরপত্র** | 17.1 যদি ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিতে এক বা একাধিক পণ্য ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়, সেক্ষেত্রে নির্দিষ্ট আইটেমের আওতায় সম্পূর্ণ পরিমাণ সরবরাহের জন্য উক্ত আইটেমের প্রস্তাব করতে হবে এবং এরকম প্রতিটি আইটেমের প্রস্তাব নিয়ে একটি দরপত্র গঠিত হবে। একজন দরপত্রদাতা যদি একই আইটেমের জন্য একাধিক দরপত্র দাখিল করে বা অংশগ্রহণ করে, তাহলে তার সকল দরপত্র বাতিল হবে। |
| | 17.2 একটি লট/প্যাকেজ এর জন্য পণ্য সরবরাহের দরপত্র আহবান করা হলে, একটি লট/প্যাকেজ |
| | 17.3 একটি দরপত্র গঠন করবে এবং একজন দরপত্রদাতা একটি লট/প্যাকেজের জন্য একটিমাত্র দরপত্র দাখিল করতে পারবে। কোন দরদাতা একটি লট/প্যাকেজের জন্য একাধিক দরপত্র দাখিল করলে তার সকল দরপত্র বাতিল হবে। |
| | 17.4 ''লট-বাই-লট'' ভিত্তিতে কয়েকটি লটে পণ্য ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হলে, এরূপ প্রতিটি লট একটি দরপত্র গঠন করবে। একটি লটের জন্য একজন দরপত্রদাতা একটিই দরপত্র দাখিল করবে। কোন দরদাতা প্যাকেজের একটি লটের জন্য একাধিক দরপত্র দাখিল করলে তার সকল দরপত্র বাতিল হবে। |
| **১৮. দরপত্র প্রস্তুতের ব্যয়** | ১৮.১ দরপত্র প্রস্তুত ও দাখিল করার সমুদয় ব্যয় দরপত্রদাতা বহন করবে, এবং দরপত্র প্রক্রিয়ার ফলাফল যা-ই হোক না কেন, ক্রয়কারী এইসব খরচের দায়-দায়িত্ব নেবে না। |
| **১৯. দরপত্র জারি ও বিক্রয়** | 19.1 পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকেই আগ্রহী দরপত্রদাতা দরপত্র দলিল নির্ধারিত মূল্যে ক্রয়ের জন্য অনুরোধ এবং ইচ্ছা করলে তাৎক্ষণিকভাবে তাদের নিকট দরপত্র দলিল প্রাপ্তিসাধ্য করতে হবে। |
| | 19.2 দরপত্র দলিল বিক্রয়ের ক্ষেত্রে কোনরূপ পূর্বশর্ত আরোপ করা যাবে না এবং দরপত্র দাখিলের সর্বশেষ দিনের পূর্বের দিন পর্যন্ত দরপত্র দলিল বিক্রয় করা যাবে। |

| | |
|---|---|
| **২০. দরপত্রের ভাষা** | 20.1 দরপত্রটি ইংরেজি ভাষায় লিখিত হবে। দরপত্র সম্পর্কিত যোগাযোগ এবং সংশ্লিষ্ট দলিলপত্রের ভাষা ইংরেজি অথবা বাংলা হতে পারে। দরপত্রের অংশ হিসেবে যে সমস্ত সহায়ক দলিল বা ছাপানো দলিল সংযুক্ত হবে, সেগুলো অন্য কোন ভাষাতেও হতে পারে, তবে শর্ত থাকে যে এর সংশ্লিষ্ট অংশ ইংরেজি বা বাংলা ভাষায় সঠিকভাবে অনুবাদ করে সংযুক্ত করতে হবে। এ ক্ষেত্রে দরপত্রের ব্যাখ্যায় অনুবাদিত দলিলকে অনুসরণীয় ও নির্ভরযোগ্য হবে। |
| | 20.2 দরপত্রের ভাষায় অনুবাদ করার সকল ব্যয় দরপত্রদাতা বহন করবে এবং অনুবাদের সঠিকতার সকল দায়-দায়িত্বও তার। |
| **২১. দরপত্রের উপাদানসমূহ** | ২১.১ দরদাতা কর্তৃক প্রস্তুতকৃত দরপত্রে নিম্নোক্ত বিষয়সমূহ আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত থাকবে:<br>(ক) ITT উপ-অনুচ্ছেদ-২২.১ এ বর্ণিত দরপত্র দাখিলপত্র (**ফরম পিজি৩-১**);<br>(খ) ITT অনুচ্ছেদ-৫, ২৬ ও ২৭ এ বর্ণিত দরপত্রদাতার তথ্যাবলী (**ফরম পিজি৩-২**);<br>(গ) ITT অনুচ্ছেদ -২২, ২৪ ও ২৫ এ বর্ণিত প্রতিটি লটের মূল্য তফসিল (**ফরম পিজি-৩-৪ এ এবং পিজি ৩-৪বি**);<br>(ঘ) ITT অনুচ্ছেদ -৩১, ৩২ ও ৩৩ এ বর্ণিত দরপত্র জামানত;<br>(ঙ) ITT অনুচ্ছেদ -২৭.২ এ বর্ণিত পূরণকৃত পরিপূর্ণ বিনির্দেশ এবং কমপ্লায়েন্স শিট (**ফরম পিজি৩-৫**);<br>(চ) ITT অনুচ্ছেদ -২৩ এ অনুমতি দেয়া হলে বিকল্প কারিগরি প্রস্তাব;<br>(ছ) ITT উপ- অনুচ্ছেদ-৩৬.৩ এ বর্ণিত দরপত্রদাতার পক্ষে দরপত্রে স্বাক্ষর করার জন্য লিখিত ক্ষমতা প্রদান পত্র;<br>(জ) বৈধ ট্রেড লাইসেন্স;<br>(ঝ) ITT উপ- অনুচ্ছেদ-৫.৪ এ বর্ণিত কর ও ভ্যাট প্রদানের প্রমাণস্বরূপ টিআইএন নম্বর ও ভ্যাট সনদ সংক্রান্ত দলিলাদি;<br>(ঞ) ITT ধারা ২৬, ২৭ এবং ২৮ এ বর্ণিত দরপত্রদাতার উপযুক্ততার দলিলপত্র, পণ্য ও সংশ্লিষ্ট সেবার উপযুক্ততা ও সংগতিপূর্ণতার প্রমাণ এবং চুক্তির আওতায় পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ যথাযথভাবে সম্পাদনের জন্য দরদাতার ন্যূনতম যোগ্যতা;<br>(ট) সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ITT উপ-অনুচ্ছেদ ৫.৯ এ বর্ণিত আইনত ও আর্থিকভাবে স্ব-শাসিত এবং পরিচালনার ক্ষেত্রে বাণিজ্যিক আইনের সাথে সংগতিপূর্ণ হওয়ার প্রমাণ ; এবং<br>(ঠ) TDS এ বর্ণিত অন্যান্য দলিলপত্র। |
| **২২. দরপত্র দাখিল ও মূল্য তফসিল** | 22.1 দরপত্রদাতাকে দরপত্র দাখিলপত্র (**ফরম পিজি৩-১**) ছকের কোনো পরিবর্তন না করে চাহিদাকৃত তথ্যসহ সকল খালি স্থান সম্পূর্ণভাবে পূরণ করে দাখিল করতে হবে, এবং এটি অসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল হতে পারে । |
| | 22.2 দারপত্রদাতা **অধ্যায় ৫: মূল্য তফসিল**-এ প্রদত্ত ফরম(সমূহ) ব্যবহার করে মূল্য তফসিল দাখিল করবেন। |
| | 22.3 যদি দরপত্র প্রস্তুতের সময় দরপত্রদাতা একক মূল্য বা মোট মূল্যে কোন ভুল করে এবং দরপত্র দাখিলের পূর্বে তা সংশোধন করতে চান তাহলে তা করতে পারবেন, তবে সংশোধিত প্রতিটি স্থানে দরপত্রদাতার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। |
| **২৩. বিকল্প দরপত্র** | 23.1 TDS এ উল্লেখ না থাকলে কোন বিকল্প কারিগরি প্রস্তাব বিবেচ্য হবে না। |
| | 23.2 দাখিলকৃত দরপত্রে মূল কারিগরি নির্ণায়কের সঙ্গে সংগতিপূর্ণ মূল্যায়িত সর্বনিম্ন দরদাতার কারিগরি বিকল্প, যদি থাকে, তবে তা ক্রয়কারী বিবেচনা করবে। |
| **২৪. দরপত্র মূল্য এবং মূল্যছাড়** | 24.1 দরপত্র দাখিলপত্রে (**ফরম পিজি৩-১**) এবং মূল্য তফসিলে (**ফরম পিজি৩-৪এ ও পিজি৩-৪বি**) দরপত্রদাতা কর্তৃক উদ্বৃত মূল্য ও মূল্যছাড়ের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে। |

| | |
|---|---|
| | 24.2 মূল্য তফসিলে প্রদত্ত পণ্যের প্রতিটি আইটেমের একক মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। |
| | 24.3 TDS এর বর্ণনা অনুসারে, ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিতে এক বা একাধিক আইটেমের জন্য, বা একটি লট বা ''লট-বাই-লট'' ভিত্তিতে কয়েকটি লটের জন্য দরপত্র আহবান করা হচ্ছে। |
| | 24.4 অধ্যায় ৬: **চাহিদা তফসিল** -এ অন্তর্ভুক্ত সকল আইটেম ও লটসমূহ **ফরম পিজি৩-৪এ ও পিজি৩-৪বি এর** মূল্য তফসিলে তালিকাভুক্ত করে পৃথকভাবে মূল্য উদ্ধৃত করতে হবে। |
| | 24.5 ।TT উপ-অনুচ্ছেদ ২৪.৩ এর বর্ণনা অনুযায়ী ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিতে এক বা একাধিক আইটেমের জন্য, বা একটি লট/প্যাকেজ বা ''লট-বাই-লট'' ভিত্তিতে কয়েকটি লটের জন্য যে দরপত্র আহবান করা হয়েছে তাতে প্রতিটি আইটেমের সম্পূর্ণ পরিমাণের জন্য দর উদ্ধৃত করতে হবে; অন্যথায় দরপত্র অগ্রহণযোগ্য বিবেচিত হবে। |
| | 24.6 TDS এ ভিন্ন কিছু বলা না থাকলে একটি লট বা ''লট-বাই-লট'' ভিত্তিতে আহবান করাএকাধিক লটের দরপত্রের প্রতিটি লটের নির্দিষ্ট আইটেমসমূহের শতভাগের (১০০%) বিপরীতে এবং সেই লটের প্রতিটি আইটেমের শতভাগ (১০০%) পরিমাণের মূল্য উদ্ধৃত করতে হবে যা প্রস্তাবিত লটের শতভাগ (১০০%) মূল্যের সমান হবে।<br>''লট-বাই-লট'' ভিত্তিক একাধিক লটের জন্য আহবানকৃত দরপত্রের লটের ক্ষেত্রে যদি সেই লটের সম**স্ত** আইটেমের অন্তত আশি (৮০) শতাংশ আইটেমের মূল্য উদ্ধৃত করা না হয় এবং, তা লট মূল্যের অ**ন্ত**ত পয়ষট্টি (৬৫) শতাংশ না হয় তবে দরপত্র অগ্রহণযোগ্য বিবেচিত হবে। |
| | 24.7 ।TT উপ-অনুচ্ছেদ ২৪.৬ এ নির্দিষ্টকৃত একটি লট দরপত্রে মোট আইটেমের শতকরা হার অনুসারে যদি ন্যূনতম সংখ্যক আইটেম এর জন্য দরপত্র দাখিল না করা হয় এবং দাখিলকৃত আইটেমের দর ।TT উপ-অনুচ্ছেদ ২৪.৬ এ নির্দিষ্টকৃত লটের মোট মূল্যের ন্যূনতম শতকরা মূল্য না হলেও দরপত্র অগ্রহণযোগ্য বিবেচিত হবে।<br>24.8 ।TT উপ-অনুচ্ছেদ ২৪.৬ এর আওতায় ''লট-বাই-লট'' দরপত্রে ক্রয়কারী কর্তৃক চিহ্নিত ও TDS-এ নির্দিষ্টকৃত কোন একটি নির্দিষ্ট আইটেমের মূল্য মোট লট মূল্যের পঞ্চাশ শতাংশের বেশি হলে সে আইটেমের দর উদ্ধৃত না করলে ।TT উপ-অনুচ্ছেদ ২৪.৬ এর অধীনে ন্যূনতম আইটেম সংখ্যায় দর উদ্ধৃত করার বাধ্যবাধকতা পালন করলেও দরপত্র অগ্রহণযোগ্য বিবেচিত হবে। |
| | 24.9 দরপত্র দাখিলপত্রে (**ফরম পিজি৩-১**) উদ্ধৃত মূল্য থেকে প্রস্তাবিত মূল্যছাড় বাদ দিয়ে যে মূল্য, তা দরপত্রের মোট মূল্য হিসেবে গণ্য হবে। |
| | 24.10।TT উপ-অনুচ্ছেদ ২৪.১২ অনুসারে দরপত্রদাতা শর্তহীন মূল্যছাড় এবং মূল্যছাড় প্রয়োগের পদ্ধতি দরপত্র দাখিলপত্রে উল্লেখ করবেন। |
| | 24.11 দরপত্রদাতা একাধিক লট পাওয়ার জন্য শর্তহীন মূল্যছাড়ের প্রস্তাব দিতে চাইলে প্রতিটি লটের জন্য মূল্যছাড় অথবা বিকল্প হিসেবে প্যাকেজের আওতাভুক্ত যে কোন লটের সমষ্টির জন্য নির্দিষ্ট করে উল্লেখ করতে হবে। ।TT উপ-অনুচ্ছেদ ২৪.১১ অনুসারে মূল্যছাড় দাখিল করতে হবে, তবে সকল লটের দরপত্র একত্রে দাখিল এবং খোলা হবে তা নিশ্চিত করতে হবে। |
| | 24.12 দরপত্র দাখিলের সর্বশেষ দিনের আঠাশ (২৮) দিন পূর্বে ঠিকাদার কর্তৃক চুক্তির আওতায় বা অন্য কোন ক্ষেত্রে পরিশোধযোগ্য, সকল প্রকার কর, শুল্ক, ভ্যাট এবং অন্যান্য প্রদেয় লেভি দরপত্রদাতা প্রচলিত একক দরে ও মোট দরপত্র মূল্যে অন্তর্ভুক্ত করবেন। |
| | 24.13 চুক্তি স্থির মূল্যে হবে এবং এক্ষেত্রে অর্থনৈতিক এবং বাণিজ্যিক পরিবর্তনের ক্ষেত্রে একক দরের পরিবর্তন নাও করা যেতে পারে । |
| **২৫. দরপত্র মুদ্রা** | 25.1 দরপত্রদাতাকর্তৃক দরপত্র দাখিলপত্রে এবং দরপত্র মূল্য তফসিলে প্রদত্ত মূল্য বাংলাদেশের মুদ্রায় (টাকা) উল্লেখ করতে হবে । |

| | |
|---|---|
| **২৬. দরপত্রদাতার যোগ্যতা প্রমাণের দলিল** | 26.1 ITT ধারা ৫ মোতাবেক একক দরপত্রদাতা হিসেবে দরপত্রদাতার যোগ্যতা প্রমাণের জন্য নিম্নোক্ত দলিলপত্র অবশ্যই দাখিল করতে হবে:<br>(ক) দরপত্র দাখিলপত্রে উপযুক্ততা সম্পর্কিত ঘোষণা প্রদান করা (**ফরম পিজি৩-১);**<br>(খ) দরপত্রদাতার তথ্য প্রদান করা **(ফরম পিজি৩-২) ;**<br>(গ) সহ-ঠিকাদার নিয়োগে ইচ্ছুক থাকলে, সহ-ঠিকাদার সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা (**পিজি৩-৩)**। |
| **২৭. পণ্য ও সংশ্লিষ্ট সেবার সঙ্গতিপূর্ণতা ও যোগ্যতা প্রমাণের দলিলপত্র** | ২৭.১ ITT ধারা ৬ অনুসারে দরপত্রদাতাকে মূল্য তফসিল ফরমে পণ্য উৎপাদনকারী দেশের ঘোষণা প্রদান করতে হবে এবং চুক্তির আওতায় সরবরাহ করা হবে এমন সকল পণ্য ও সংশ্লিষ্ট সেবার উৎপাদনকারী প্রতিষ্ঠান ও দেশ সম্পর্কে প্রামাণিক দলিলপত্র দাখিল করতে হবে। |
| | 27.2 দরপত্র দলিলের সঙ্গে পণ্য ও সংশ্লিষ্ট সেবার মানের সংগতিপূর্ণতা প্রমাণের জন্য দরপত্রদাতাকে দরপত্রের অংশ হিসেবে পণ্য ও সংশ্লিষ্ট সেবার **অনুচ্ছেদ ৭, কারিগরি বিনির্দেশ** এতে কারিগরি বিনির্দেশ ও মানের সঙ্গে সংগতিপূর্ণতার প্রামাণিক দলিলপত্র দাখিল করতে হবে। |
| | 27.3 পণ্য ও সংশ্লিষ্ট সেবার মানের সংগতিপূর্ণতা প্রমাণের জন্য পণ্যের বর্ণনা, নকশা (Drawing) এবং তথ্য-উপাত্তসহ নিম্নোক্ত বিষয় দরপত্র দলিলের সঙ্গে অন্তর্ভুক্ত থাকবে:<br>(ক) পণ্যের কার্যকারিতা ও অত্যাবশ্যক কারিগরি বৈশিষ্ট্য সম্পর্কিত বিস্তারিত বিবরণ;<br>(খ) ক্রয়কারীর কারিগরি বিনির্দেশে উল্লেখিত পণ্য ও সংশ্লিষ্ট সেবার ''আইটেম-বাই-আইটেম'' বিবরণ প্রদান এবং বিনির্দেশ অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের বাস্তব গ্রহণযোগ্যতার প্রমাণ দাখিল। |
| **২৮. দরপত্রদাতার যোগ্যতা প্রমাণের দলিলপত্র** | 28.1 দরপত্রদাতা **দরপত্রদাতার তথ্য (ফরম পিজি৩-২)** পূরণ করে প্রযোজ্য ক্ষেত্রে নিম্নোক্ত যোগ্যতার প্রমাণস্বরুপ প্রয়োজনীয় প্রমাণপত্রসহ দাখিল করবে: |
| | (ক) ITT উপ-অনুচ্ছেদ ১৪.১(এ) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সাধারণ অভিজ্ঞতা প্রমাণের জন্য নিজ নিজ দেশের নিয়ম অনুযায়ী দরপত্রদাতার নিবন্ধন/গঠনতন্ত্র/লাইসেন্স এর বছর;<br>(খ) ITT উপ-অনুচ্ছেদ ১৪.১(বি) অনুযায়ী সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে সম আকার ও ধরণের পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সন্তোষজনকভাবে সম্পন্ন করার সুনির্দিষ্ট অভিজ্ঞতা প্রমাণের জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী কর্তৃক প্রদত্ত সমাপ্তি সনদপত্র বা যথাযথ প্রত্যায়ন পত্র ;<br>(গ) ITT উপ-অনুচ্ছেদ ১৪.১ (সি) অনুযায়ী ন্যূনতম পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ এবং/অথবা উৎপাদন সক্ষমতা প্রমাণের জন্য কাজ সমাপ্তির সনদপত্র অথবা ঠিকাদার এবং/অথবা উৎপাদনকারীর হালনাগাতকৃত ব্রশিউর;<br>(ঘ) ITT উপ-অনুচ্ছেদ ১৫.১(এ) অনুযায়ী এবং (ফরম **পিজি৩-৮)** এর নির্ধারিত ছকে কোন পরিবর্তন না করে এতে, ন্যূনতম তরল সম্পদের পর্যাপ্ততা বা চলতি মূলধন যা অডিট প্রতিবেদন বা ব্যাংকের বিবরণী দ্বারা প্রমাণিত, বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক প্রমাণিকৃত ঋণ সুবিধা প্রদর্শন;<br>(ঙ) TDS এ নির্দিষ্ট করে দেয়া এবং ITT উপ-অনুচ্ছেদ ১৫.১(এ) অনুযায়ী চলমান বা বিগত বছরের দাবি সংক্রান্ত মামলার দরপত্রদাতার সংশ্লিষ্টতা, সংশ্লিষ্ট পক্ষগণ এবং দাবির মূল্যমান বিষয়ক তথ্যাদি, যা লেটার-হেড প্যাডে বিবৃতির মাধ্যমে প্রমাণকৃত;<br>(চ) TDS এ বলা সাপেক্ষে, দরপত্রদাতা নিজে পণ্য প্রস্তুত বা উৎপাদন না করলে, প্রস্তুতকারীর ক্ষমতা প্রদানপত্র **(ফরম পিজি৩-৬)** দাখিল করবেন**;**<br>(ছ) লেটার-হেড প্যাডে দরপত্রদাতার ব্যাংক বা অন্য কোনো উৎস হতে রেফারেন্স চাওয়ার ক্ষমতা ; এবং<br>(জ) TDS অনুযায়ী দরপত্রদাতার আর্থিক সংগতির প্রতিবেদন, যেমন, অডিট রিপোর্ট দ্বারা প্রমাণকৃত লাভ-ক্ষতির বিবরণী এবং বিগত বছরের অডিটেড ব্যালেন্স শিট। |
| **২৯. দরপত্রের বৈধতার মেয়াদ** | **২৯.১** ক্রয়কারী কর্তৃক নির্ধারিত দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ হতে TDS-এ উল্লেখিত মেয়াদ পর্যন্ত দরপত্রের বৈধতার মেয়াদ বলবৎ থাকবে। উল্লেখিত বৈধতার মেয়াদের কম বৈধতার মেয়াদের দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। |

| | |
|---|---|
| **৩০. দরপত্রের বৈধতা এবং দরপত্র জামানতের মেয়াদ বর্ধিতকরন** | 30.1 বিশেষ পরিস্থিতিতে, দরপত্র বৈধতার মেয়াদকাল উত্তীর্ণ হবার পূর্বেই ক্রয়কারী দরপত্রের বৈধতার মেয়াদ বৃদ্ধি করার জন্য ITT উপ-অনুচ্ছেদ ৪৭.২ অনুসারে যে সব দরপত্রদাতা প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ হয়েছেন তাদের সকলের সম্মতি আহবান করতে পারে; |
| | 30.2 দরপত্রের বৈধতার মেয়াদ বৃদ্ধির অনুরোধপত্রে দরপত্রের বৈধতার মেয়াদের নতুন তারিখ উল্লেখ করতে হবে; |
| | 30.3 অনুরোধ ও প্রতি উত্তর লিখিত হতে হবে। ITT উপ-অনুচ্ছেদ ৩১ অনুযায়ী প্রদত্ত দরপত্র জামানতের বৈধতার মেয়াদ দরপত্রের নতুন বৈধতার মেয়াদ শেষ হবার তারিখ থেকে পরবর্তী ২৮ (আঠাশ) দিন পর্যন্ত বর্ধিত করতে হবে। যদি কোনো দরপত্রদাতা অনুরোধে সাড়া না দেয় বা অনুরোধ প্রত্যাখান করে তাহলে তার দরপত্র জামানত বাতিল হবে না, তবে তার দরপত্র আর পরবর্তী মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না। যে দরপত্রদাতা অনুরোধে সম্মত হবে তার দরপত্র সংশোধনের প্রয়োজন হবে না বা তাকে দরপত্র সংশোধনের অনুমতি দেয়া হবে না। |
| **৩১. দরপত্র জামানত** | 31.1 ক্রয়কারীর অনুকুলে বা অন্য কোন নির্দেশনা অনুসারে দরপত্রদাতা দরপত্রের অংশ হিসেবে TDS এ উল্লেখিত পরিমাণে দরপত্র জামানতের মূল কপি (ফটোকপি নয়) দাখিল করবে। |
| | 31.2 ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিতে এক বা একাধিক আইটেম এর জন্য দরপত্র আহবান করা হলে আইটেমসমূহের দরপত্রদাতা উদ্ধৃত মোট মূল্যের TDS এ উল্লেখ অনুযায়ী শতকরা হারে একটি দরপত্র জামানত আলাদা খামে দাখিল করতে হবে। |
| | 31.3 ITT ধারা ৪২ অনুযায়ী বিকল্প দরপত্রের ক্ষেত্রে প্রতিস্থাপিত দরপত্রে নতুন দরপত্র জামানত দাখিল করতে হবে। |
| **৩২. দরপত্র জামানতের ধরন** | **৩২.১** দরপত্র জামানত নিম্নরূপ হবে:<br>(ক)দরপত্রদাতার পছন্দ অনুযায়ী দরপত্র জামানত নিম্নের যে কোন একটি হবে:<br>i. ব্যাংক ড্রাফট বা পে অর্ডার, অথবা<br>ii. অধ্যায় ৫ এর দরপত্র এবং চুক্তির ফরমে বর্ণিত **(পিজি৩-৭)** ছকে কোন পরিবর্তন ছাড়া বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংকের ইস্যুকৃত অপ্রত্যাহারযোগ্য ব্যাংক গ্যারান্টি।<br>(খ) ITT ধারা ৩৫.১ এর শর্ত অনুযায়ী ক্রয়কারীর লিখিত দাবীর প্রেক্ষিতে **সত্বর পরিশোধযোগ্য;** এবং<br>(গ) ITT ধারা ৩৫.১ এ বর্ণিত পরিস্থিতে দরপত্রদাতার কাছে যথাযথ প্রক্রিয়ায় দাবি করার জন্য দরপত্রের বৈধতার মেয়াদের সর্বশেষ তারিখের পরবর্তী ২৮ (আঠাশ) দিন পর্যন্ত বৈধ থাকবে। |
| **৩৩. দরপত্র জামানতের সত্যতা** | 33.1 ক্রয়কারী চাইলে দরপত্রদাতার দাখিলকৃত দরপত্র জামানতের অকৃত্রিমতা, জারিকারী ব্যাংকের নিকট পত্র মারফত পরীক্ষা ও যাচাই করতে পারবে। |
| | 33.2 যদি কোন দরপত্র জামানতের বিশ্বাসযোগ্যতা প্রমাণ না পাওয়া যায়, তাহলে ITT উপ-অনুচ্ছেদ ৪.৪ অনুযায়ী ক্রয়কারী দরপত্রদাতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারবে। |
| | 33.3 বৈধ দরপত্র জামানত ছাড়া দরপত্র দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। |
| **৩৪. দরপত্র জামানত ফেরত** | 34.1 চুক্তি স্বাক্ষরের পূর্বে কোন দরপত্রদাতাকে দরপত্র জামানত ফেরত দেওয়া যাবে না; |
| | 34.2 অকৃতকার্য দরপত্রদাতাকে দরপত্র জামানত যথাশীঘ্র ফেরত দিতে হবে কিন্তু তা ITT উপ-অনুচ্ছেদ ২৯.১ অনুযায়ী দরপত্র বৈধতার মেয়াদ শেষ হবার আঠাশ (২৮) দিনের মধ্যে ফেরত দিতে হবে; |
| | 34.3 কৃতকার্য দরপত্রদাতার দরপত্র জামানত কার্য সম্পাদন জামানত দাখিল ও চুক্তি স্বাক্ষর হবার পর ফেরত দেয়া হবে। |

| | |
|---|---|
| **৩৫. দরপত্র জামানত বাজেয়াপ্তকরণ** | ৩৫.১ দরপত্র জামানত বাজেয়াপ্ত করা যাবে, যদি দরপত্রদাতা:<br>(ক) ITT উপ-অনুচ্ছেদ-২৯ এবং ৩০ অনুযায়ী দরপত্র উন্মুক্ত করার পর দরপত্রের বৈধতার মেয়াদকালের মধ্যে দরপত্র প্রত্যাহার করে; অথবা<br>(খ) ITT উপ- অনুচ্ছেদ-৬১.৩ অনুযায়ী চুক্তি সম্পাদনের নোটিশ গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন করে; অথবা<br>(গ) ITT উপ- অনুচ্ছেদ-৬২.১ অনুসারে কার্য সম্পাদন জামানত প্রদানে ব্যর্থ হয়; অথবা<br>(ঘ) ITT উপ- অনুচ্ছেদ-৬৭.২ অনুসারে চুক্তি স্বাক্ষর করতে অস্বীকৃতি জানায়; অথবা<br>(ঙ) ITT উপ- অনুচ্ছেদ-৫১ এর আওতায় দরপত্র মূল্যের গাণিতিক ভুল সংশোধন গ্রহণ না করে। |
| **৩৬. দরপত্র ফরম্যাট ও স্বাক্ষর প্রদান** | ৩৬.১ ITT ধারা ২১ অনুসারে দরপত্রদাতা একটি (১) মূল দরপত্র প্রস্তুত করবে এবং স্পষ্টভাবে ‘‘মূল কপি” শব্দটি লিখে চিহ্নিত করবে। এছাড়া TDS-এর নির্দেশনা অনুসারে দরপত্রদাতা এই দরপত্রের কয়েকটি অনুলিপি তৈরি করবে এবং স্পষ্টভাবে ‘‘অনুলিপি” শব্দটি লিখে চিহ্নিত করবে। যদি মূলকপি ও অনুলিপির (কপি) মধ্যে কোন অসামঞ্জস্য পরিলক্ষিত হয়, তাহলে মূলটি প্রাধান্য পাবে। |
| | ৩৬.২ ITT ধারা ২৩ তে বিকল্প দরপত্রের অনুমতি দেওয়া হলে স্পষ্টভাবে ‘‘বিকল্প” শব্দটি লিখে চিহ্নিত করবে হবে। |
| | ৩৬.৩ দরপত্রের মূল ও প্রতিটি অনুলিপি অমোচনীয় কাzzলিতে লিখতে বা টাইপ করতে হবে এবং দরপত্রদাতার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দ্বারা স্বাক্ষরকৃত হতে হবে। দরপত্রে স্বাক্ষরের ক্ষমতা প্রদানপত্র দরপত্র দাখিলপত্রের সঙ্গে সংযুক্ত থাকতে হবে (পিজি৩-১)। ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক স্বাক্ষরকারীর নাম ও পদবী স্বাক্ষরের নিচে টাইপ বা প্রিন্ট করা থাকতে হবে। মূল ও প্রতিটি অনুলিপির প্রত্যেক পৃষ্ঠায় ক্রম অনুসারে ক্রমিক সংখ্যা বসিয়ে ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারীর স্বাক্ষর করতে হবে, তবে অপরিবর্তনযোগ্য ছাপানো কোন দলিলে স্বাক্ষর প্রয়োজন হবে না। |
| | ৩৬.৪ বাক্যের ফাঁকে লেখা বাক্য, ইরেজার দিয়ে মুছে ফেলা অংশ, বা ওভার-রাইটিং গ্রহণযোগ্য হবে যদি এরকম প্রতিটি সংশ্লিষ্ট স্থানে ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারীর স্বাক্ষর থাকে। |
| **ঙ. দরপত্র দাখিল** | |
| **৩৭. খামবন্ধকরণ, চিহ্নিতকরণ ও দরপত্র দাখিল** | 37.1 দরপত্রদাতা মূলকপি একটি খামে এবং সকল অনুলিপি (কপি) ও বিকল্প যদি ITT অনুচ্ছেদ ২৩ দ্বারা অনুমতি দেওয়া হয়, আলাদা একটি খামে ভরে খামবন্ধ করবে, অথবা আলাদা আলাদা খামে ভরে সংশ্লিষ্ট খামের উপর ‘‘মূল”, ‘‘বিকল্প” (অনুমোদিত হলে) এবং ‘‘অনুলিপি” শব্দ দ্বারা চিহ্নিত করে খামবন্ধ করবে। এরপর বন্ধ করা আলাদা আলাদা খাম একত্রে একটি খামে ভরে সেটিও খামবন্ধকরণ এবং সিল করবে। |
| | ৩৭.২ ভেতরের আলাদা আলাদা বন্ধ করা খাম ও বাইরের খামে নিম্নোক্ত বিষয় স্পষ্ট করে লিখতে হবে:<br>ITT উপ-অনুচ্ছেদ ৩৮.১ অনুযায়ী ক্রয়কারীর ঠিকানা;<br>ITT উপ-অনুচ্ছেদ ১.১ এর অনুযায়ী দরপত্রের নাম এবং দরপত্রের নম্বর;<br>দরপত্রদাতার নাম ও ঠিকানা;<br>ITT উপ-অনুচ্ছেদ ৪৪.১ অনুযায়ী “দরপত্র উন্মুক্ত করার তারিখ ও সময়ের পূর্বে খুলবেন না” এই কথা স্পষ্ট লিখে দিতে হবে,<br>TDS এর নির্দেশনা মোতাবেক অন্য কোনো নির্দিষ্টকরণ চিহ্ন। |
| | ৩৭.৩ খামসমূহ যথাযথভাবে চিহ্নিতকরণ ও খামবন্ধকরণ না হলে দরপত্র সংক্রান্ত কোনো তথ্য আগেই |

| | | |
|---|---|---|
| | | প্রকাশিত হওয়ার জন্য দরপত্রদাতা এককভাবে ও সম্পূর্ণ দায়ী থাকবে। |
| | ৩৭.৪ | ITT উপ-অনুচ্ছেদ ৩৮.১ এ উল্লিখিত ঠিকানায় হাতে হাতে, ডাক বা ক্যুরিয়ার মারফত দরপত্র পৌঁছাতে হবে। |
| | ৩৭.৫ | অনুরোধের পরিপ্রেক্ষিতে ক্রয়কারী দরপত্র গ্রহণের প্রাপ্তিরশিদ সময় ও তারিখ উল্লেখপূর্বক দরপত্র জমাদানকারীকে প্রদান করবে। |
| **৩৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময়** | 38.1 | TDS এ উল্লিখিত সময় ও তারিখের মধ্যে এবং TDS এ উল্লিখিত ঠিকানায় ক্রয়কারী নিকট দরপত্র দাখিল করতে হবে। |
| | 38.2 | ক্রয়কারী নিজ বিবেচনায় ITT ধারা ৩৭.১ অনুযায়ী দরপত্র দাখিলের সর্বশেষ সময় বর্ধিত করতে পারে, এবং এ ক্ষেত্রে দরপত্রপত্রদাতা ও ক্রয়কারীর পূর্বের অধিকার ও বাধ্যবাধকতা বর্ধিত তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। |
| | 38.3 | একাধিক স্থানে দরপত্র দাখিলের অনুমতি দেওয়া হলে দরপত্র দাখিলের মূল এবং অন্যান্য স্থানে দরপত্র দাখিলের তারিখ ও সময় TDS অনুযায়ী **''একই হবে, কোনোভাবেই ভিন্ন হবে না''**। |
| | 38.4 | ITT উপ-অনুচ্ছেদ ৩৮.৩ অনুযায়ী একাধিক স্থানে দরপত্র দাখিল হলে, ক্রয়কারীর দায়িত্ব হবে ITT উপ-অনুচ্ছেদ ৩৮.১ অনুযায়ী একাধিক ঠিকানায় দাখিলকৃত দরপত্রসমূহ দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পরবর্তী তিন (৩) ঘণ্টার মধ্যে দরপত্র দাখিলের মূল ঠিকানায় (স্থানে) হাতে হাতে পৌঁছানো । |
| **৩৯. বিলম্ব দরপত্র** | 39.1 | ITT উপ-অনুচ্ছেদ ৩৮.১ অনুযায়ী সর্বশেষ সময়ের পরে কোনো দরপত্র দাখিল হলে ক্রয়কারী সেটাকে বিলম্ব দরপত্র হিসেবে ঘোষণা করবে এবং তা উন্মুক্ত না করেই সংশ্লিষ্ট দরপত্রদাতাকে ফেরত দেবে। |
| **৪০. দরপত্র সংশোধন, প্রতিস্থাপন অথবা প্রত্যাহার** | 40.1 | দরপত্রদাতা তার ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক স্বাক্ষর করে ও সঠিকভাবে খামবন্ধ করে লিখিত আবেদনের মাধ্যমে দরপত্র সংশোধন, প্রতিস্থাপন বা প্রত্যাহার করতে পারবে, এবং একটি ক্ষমতা প্রদান পত্রের অনুলিপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করবে; তবে শর্ত থাকে যে ITT উপ-অনুচ্ছেদ ৩৮.১ এ বর্ণিত দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বেই এ ধরনের লিখিত এফিডেভিড করা আবেদনপত্র ক্রয়কারীর কাছে পৌঁছাতে হবে। |
| **৪১. দরপত্র সংশোধন** | 41.1 | দরপত্রদাতা মূল দরপত্র ফেরত নিতে পারবে না তবে মূল দরপত্রের সংশোধনী **''সংশোধিত''** লিখে চিহ্নিতকরণ করে দাখিল করতে পারবে। |
| **৪২. দরপত্র প্রতিস্থাপন** | 42.1 | দরপত্রদাতা মূল দরপত্র ফেরত নিতে পারবে না, তবে **"প্রতিস্থাপন"** লিখে চিহ্নিত করে আরেকটি দরপত্র দাখিল করতে পারবে। |
| **৪৩. দরপত্র প্রত্যাহার** | ৪৩.১ | **''প্রত্যাহার''** চিহ্ন সম্বলিত দরপত্র প্রত্যাহারপত্রের মাধ্যমে দরপত্রদাতা দরপত্র প্রত্যাহারের করতে পারবে। |
| **চ. দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন** | | |
| **৪৪. দরপত্র উন্মুক্তকরণ** | 44.1 | ITT উপ-অনুচ্ছেদ ৪৪.২ এ ভিন্ন কিছু না থাকলে TDS এ উল্লিখিত দরপত্র দাখিলের সর্বশেষ সময় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরে কিন্তু পরবর্তী এক ঘণ্টার মধ্যেই দরপত্র দাখিলের মূল স্থানে দরপত্র উন্মুক্ত করতে হবে। |
| | 44.2 | ITT উপ-অনুচ্ছেদ ৩৮.৩ ও ৩৮.৪ অনুসারে যদি একাধিক স্থানে দরপত্র দাখিলের অনুমতি দেওয়া হয় তাহলে দরপত্র দাখিলের অন্যান্য স্থান(সমূহ) থেকে দাখিলকৃত দরপত্রসমূহ দরপত্র দাখিলের মূল স্থানে আনার অবব্যহিত পরপরই দরপত্র উন্মুক্ত করা হবে। |
| | 44.3 | দরপত্র প্রকাশ্য উন্মুক্তকরণের সময় দরপত্রের সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তিকে উপস্থিত থাকতে অনুমতি দেয়া হবে না। |

| | |
|---|---|
| | 44.4 দরপত্রদাতার প্রতিনিধি সংশ্লিষ্ট দরপত্রদাতা কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হতে হবে। দরপত্রদাতা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি দরপত্র উন্মুক্তকরণ কার্যক্রমে উপস্থিত থেকে পর্যবেক্ষণ করতে পারবেন এবং নিজেদের উপস্থিতির প্রমাণ হিসেবে রেজিস্ট্রারে স্বাক্ষর করবেন। |
| | 44.5 মূল দরপত্র প্রত্যাহার, প্রতিস্থাপন বা সংশোধন নির্ধারিত পদ্ধতিতে দরপত্রদাতা কর্তৃক করা হলে, ITT উপ-অনুচ্ছেদ ৪০.১ অনুযায়ী দাখিলকৃত দলিলপত্রের ভিত্তিতে দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) তার পরীক্ষা এবং সঠিকতা যাচাই করবে। |
| | 44.6 কেবল সঠিক (সংশোধন), (প্রতিস্থাপন), (বিকল্প), (মূল) চিহ্নিত খামগুলো উন্মুক্তকরণ নিশ্চিত করতে হবে, প্রতিটি দরপত্র উন্মোচনে বিস্তারিত করণীয় নিম্নে প্রদত্ত হলো:<br><br>(ক) TOC এর চেয়ারপার্সন উচ্চস্বরে প্রত্যেকটি দরপত্র এবং দরপত্র উন্মুক্তকরণ শিটে (TOS) রেকর্ড পাঠ করবেন;<br><br>(i) দরপত্রদাতার নাম ও ঠিকানা;<br>(ii) প্রত্যাহারকৃত, সংশোধিত, প্রতিস্থাপিত বা মূল দরপত্র কি না, তা উল্লেখ করবেন;<br>(iii) দরপত্র মূল্য;<br>(iv) মূল্যছাড়:<br>(v) বিকল্পসমূহ;<br>(vi) প্রয়োজনীয় দরপত্র জামানত আছে কিংবা নেই; এবং<br>(vii) ক্রয়কারীর বিবেচনায় অন্য কোন বিস্তারিত বিবরণ যৌক্তিক মনে করলে;<br>(বি) দরপত্র উন্মুক্তকরণের সময় কেবলমাত্র উচ্চস্বরে ঘোষিত মূল্যছাড় এবং বিকল্পসমূহ মূল্যায়নের জন্য বিবেচনায় নেয়া হবে;<br>(গ) TOC এর সদস্যরা মূল দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় স্বাক্ষর করবে, তবে অপরিবর্তনীয় ছাপানো বিবরণে স্বাক্ষর করার প্রয়োজন নেই। |
| | 44.7 দরপত্র উন্মুক্তকরণ সম্পন্ন হবার পর, TOC এর সকল সদস্য এবং দরপত্র উন্মুক্ত কার্যক্রমে উপস্থিত দরপত্রদাতারা বা তাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ তাদের নাম, ঠিকানা ও পদবী উল্লেখপূর্বক দরপত্র উন্মুক্তকরণ শীটে (TOS) এ স্বাক্ষর করবে। এর কপি ক্রয়কারী কার্যালয় প্রধান বা তার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত পরামর্শক এবং দরপত্রদাতাদের তাৎক্ষণিকভাবে প্রদান করতে হবে। |
| | 44.8 ITT উপ-অনুচ্ছেদ ৪৪.৭ অনুযায়ী রেকর্ডে দরপত্রদাতার স্বাক্ষর না থাকার কারণে রেকর্ডের বিষয়বস্তু এবং কার্যকারিতা বাতিল হবে না। |
| | 44.9 ITT ধারা ৩৯ মোতাবেক বিলম্বে প্রাপ্ত দরপত্র ব্যতীত দরপত্র উন্মুক্তকরণ পর্যায়ে কোনো দরপত্র বাতিল হবে না। |
| **৪৫. দরপত্র মূল্যায়ন** | 45.1 কেবল দরপত্র দলিলে উল্লিখিত নির্ণায়কের ভিত্তিতে দরপত্রসমূহ পরীক্ষা ও মূল্যায়ন করা হবে।<br><br>45.2 কৃতকার্য দরপত্রদাতা নির্ণয়ের লক্ষ্যে দরপত্র দলিলের চাহিদা অনুযায়ী দাখিলকৃত দরপত্রসমূহ **দরপত্র মূল্যায়ন কমিটি** (TEC) পরীক্ষা, মূল্যায়ন, ও তুলনা করবেন। |
| **৪৬. মূল্যায়ন পদ্ধতি** | 46.1 TEC মূল্যায়নকালে একটি দরপত্রকে গ্রহযোগ্য বিবেচনা করবে যদি তা দরপত্র দলিলে উল্লিখিত অত্যাবশ্যকীয় শর্তাদি পূরণ করে দাখিল করা হয়ে থাকে। নিচের চারটি ধাপ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণ সম্পন্ন হবার অব্যবহিত পরেই মূল্যায়ন প্রক্রিয়া শুরু করতে হবে: |

| | |
|---|---|
| | (ক) প্রাথমিক যাচাই-বাছাই ;<br>(খ) কারিগরি পরীক্ষা ও গ্রহণযোগ্যতা নির্ণয়;<br>(গ) আর্থিক মূল্যায়ন ও দরের তুলনা;<br>(ঘ) সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রের দাখিল-উত্তর যোগ্যতা যাচাই। |
| **৪৭. প্রাথমিক যাচাই বাছাই** | ৪৭.১ ITT ধারা ২১ এ উল্লেখিত প্রদেয় দলিলপত্র অনুযায়ী দাখিলকৃত প্রতিটি দলিলের সম্পূর্ণতা বজায় আছে কিনা তা TEC পরীক্ষা করবে; |
| | ৪৭.২ TEC দরপত্রের নিম্নোক্ত দলিলপত্র ও তথ্যাবলি দরপত্রের সঙ্গে প্রদান করা হয়েছে কিনা তা নিশ্চিত হবে। যদি এগুলোর কোনোটির ঘাটতি থাকে তাহলে দরপত্র বাতিল হবে;<br>(ক) দরপত্র দাখিলপত্র;<br>(খ) মূল্য তফসিল;<br>(গ) দরপত্রদাতার পক্ষে দরপত্রে স্বাক্ষরকারী ব্যক্তিকে লিখিত ক্ষমতাপ্রদান পত্র ; এবং<br>(ঘ) বৈধ দরপত্র জামানত। |
| **৪৮. কারিগরি পরীক্ষা ও গ্রহণযোগ্যতা** | 48.1 TEC, অতিরিক্ত প্রামাণ্য নথিপত্র বাদে কেবল দরপত্রের উপাদানসমূহের ভিত্তিতে দরপত্রের গ্রহণযোগ্যতা নির্ণয় করবে। |
| | 48.2 যে দরপত্র গুরুত্বপূর্ণ বিচ্যুতি, আপত্তিকর বিষয় বা ঘাটতি ছাড়া দরপত্র দলিলের চাহিদার সঙ্গে সর্বোতভাবে সংগতিপূর্ণ সেটি গ্রহণযোগ্য দরপত্র। কোন গুরুত্বপূর্ণ বিচ্যুতি, আপত্তিকর বিষয় বা ঘাটতি বলতে যা বোঝাবে:<br>(ক) চুক্তিতে নির্দিষ্ট করা পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পাদন, ব্যপ্তি বা মানকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে ; অথবা<br>(খ) দরপত্র দলিলের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এরূপ কোন বিষয় বা চুক্তির অধীনে ক্রয়কারীর অধিকার বা দরপত্রদাতার আইনগত বাধ্যবাধকতাকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে; অথবা<br>(গ) কোন সংশোধন যা অন্যান্য গ্রহণযোগ্য দরপত্রদাতার প্রতিযোগিতামূলক অবস্থানকে অন্যায্যভাবে প্রভাবিত করে।<br>দরপত্র মূল্যায়নের সময় নিম্নোক্ত সংজ্ঞাসমূহ প্রয়োগ হবে:<br>**বিচ্যুতি** অর্থ দরপত্র দলিলে নির্দেশিত চাহিদার ব্যতিক্রম করা;<br>**আপত্তিকর বিষয়** অর্থ দরপত্র দলিলে নির্দেশিত চাহিদা সীমাবদ্ধ করা বা সম্পূর্ণ গ্রহণে বিরতত থাব সাপেক্ষে শর্তাবলী সীমিত করা বা সম্পূর্ণ চাহিদা পূরণ থেকে বিরত থাকা; এবং<br>**বাদ দেয়া বিষয়** অর্থ দরপত্র দলিলে নির্দেশিত চাহিদামাফিক সকল তথ্য বা দলিলপত্র প্রদানে সম্পূর্ণ বা আংশিক ব্যর্থ হওয়া। |
| | 48.3 যদি কোনো দরপত্র দলিলের বাধ্যতামূলক চাহিদা পূরণ না করার কারণে দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত না হয়, তাহেলে সেটাকে পরবর্তীতে আর কোন বিচ্যুতি, আপত্তিকর বিষয়, বা বাদ দেওয়া বিষয় দরদাতা কর্তৃক সংশোধন করে গ্রহণযোগ্য করা যাবে না। |
| | 48.4 গ্রহণযোগ্য দরপত্রের কোন নূন্যতম সংখ্যা থাকবে না। |
| | 48.5 দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশি বা কম হওয়ার কারণে দরপত্র স্বয়ংক্রিয়ভাবে বাদ পড়বে না। |

| | |
|---|---|
| | 48.6 নিম্নোক্ত অনুচ্ছেদের ধারাবাহিকতা অনুযায়ী TEC প্রামাণ্য দলিলাদির পর্যাপ্ততা ও সত্যতা যাচাই করবেঃ<br>(ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবার উপযুক্ততা নির্ণয়ের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল **(ফরম পিজি৩-৪এ এবং ৪বি)**-এ উৎপাদনকারী দেশ সংক্রান্ত ঘোষণার সম্পূর্ণতা যাচাই।<br>(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার সংগতি নির্ণয়ের জন্য পূরণকৃত বিনির্দেশ দাখিল শিট **(ফরম পিজি৩-৫)** এর প্রামাণ্য দলিলপত্র যাচাই ও পরীক্ষা।<br>(গ) দরপত্র দলিলের সঙ্গে দরপত্রদাতার যোগ্যতার সংগতিপূর্ণতা এবং যোগ্যতার নির্ণায়কের অধ্যায়-'সি' তে নির্দেশিত প্রতিটি যোগ্যতার নির্ণায়ক দরদাতা পূরণ করে কিনা এতৎসংক্রান্ত প্রামাণ্য দলিলপত্রাদি যাচাই ও পরীক্ষা। |
| | 48.7 দরপত্র গ্রহণযোগ্য হলে, TEC দরপত্রের ডকুমেন্টেশনের (Documentation) প্রয়োজনে গৌণ বা কম গুরুত্বপূর্ণ অসংগতি বা বাদ দেয়া বিষয় সংশোধনের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও দলিলপত্র দাখিলের জন্য দরপত্রদাতাকে অনুরোধ করতে পারে। এ ধরণের বাদ দেয়া বিষয় পূরণকৃত মূল্য তফসিলের কোন দর বা কোন অত্যাবশ্যক নির্ণায়ক সম্পর্কিত হতে পারবে না। TEC'র এ ধরনের অনুরোধ পালন না করার ফলে তার দরপত্র অগ্রহণযোগ্য হতে পারে। |
| | 48.8 নিম্নোক্ত বিষয়াদি থাকলেও TEC একটি দরপত্র গ্রহণযোগ্য বিবেচনা করতে পারে;<br>(ক) দরপত্র দলিলে উল্লেখিত কারিগরি বিনির্দেশ, বৈশিষ্ট্য এবং বাণিজ্যিক বা অন্য কোন শর্ত বা অবশ্যপূরণীয় শর্তের অর্থবহ পরিবর্তন হবে না এমন গৌণ বা কম গুরুত্বপূর্ণ ছোটখাট ও অগুরুত্বপূর্ণ বিচ্যুতি; অথবা<br>(খ) কোন ত্রুটি বা অসাবধানতাজনিত ভুল, যা সংশোধন করা হলেও দরপত্রের মূখ্য উদ্দেশ্য/উপাদান পরিবর্তিত হবে না। |
| **৪৯. দরপত্রের স্পষ্টীকরণ** | 49.1 দরপত্র পরীক্ষা ও মূল্যায়নের সুবিধার্থে TEC দরপত্রদাতাদের কাছে দরপত্রের ব্যাখ্যা চাইতে পারে। TEC কর্তৃক ব্যাখ্যা চাওয়ার অনুরোধ ও দরপত্রদাতার উত্তর লিখিত হতে হবে। দরপত্রের বিষয়বস্তু বা কোন মূল বিষয় পরিবর্তিত হতে পারে এমন কোন বিষয়ে ব্যাখ্যা প্রদান করার জন্য দরপত্রদাতাকে অনুরোধ করা যাবে না এমনকি এই বিষয়ে কোন অনুমতি প্রদান করা যাবে না। |
| | 49.2 ITT ধারা ৫ অনুসারে দরপত্র মূল্যায়নের সময় কোনো গাণিতিক ভুল মূল্যায়ন কমিটি কর্তৃক পরিলক্ষিত হলে তার সংশোধন ছাড়া দরপত্র মূল্যের কোন পরিবর্তন করার অনুরোধ করা যাবে না বা অনুমতি দেয়া যাবে না। |
| | 49.3 TEC প্রাথমিকভাবে অগ্রহণযোগ্য দরপত্রকে গ্রহণযোগ্য করার লক্ষ্যে কোন ব্যাখ্যা চাইবে না এবং অনুরূপভাবে সংশ্লিষ্ট দরপত্রদাতার ব্যাখ্যাও দরপত্রের সংযোজন, পরিবর্তন বা সংশোধনের লক্ষ্যে হতে পারবে না। |
| | 49.4 যদি TEC এর লিখিত অনুরোধের পরিপ্রেক্ষিতে কোনো দরপত্রদাতা নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ব্যাখ্যা প্রদান না করে, তবে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না। |
| **৫০. তথ্য প্রকাশে নিষেধাজ্ঞা** | 50.1 দরপত্র উন্মুক্তকরণের পর চুক্তি সম্পাদনের নোটিশ জারি না করা পর্যন্ত, কোন দরদাতা দরপত্র সম্পর্কে স্পষ্টীকরণের জন্য অনুরোধ জ্ঞাপন করা না হয়ে থাকলে বা অভিযোগ দাখিলের জন্য আবশ্যক না হলে সংশ্লিষ্ট ক্রয়কারীর সঙ্গে কোন যোগাযোগ করবে না। |
| | 50.2 দরপত্রদাতা কোনক্রমেই দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন প্রক্রিয়ায় কোনভাবে প্রভাবিত করার চেষ্টা করবে না। |
| | 50.3 কোন দরপত্রদাতা দরপত্র মূল্যায়ন বা চুক্তি সম্পাদন সংক্রান্ত ক্রয়কারীর সিদ্ধান্ত প্রভাবিত করার চেষ্টা করলে উক্ত দরপত্র বাতিলক্রমে আইনের ধারা ৬৪(৫) এর অধীনেও ব্যবস্থা গ্রহণ করা যাবে। |

| | |
|---|---|
| | 50.4 কোন ব্যাখ্যা প্রদানের অনুরোধপত্রে দরপত্রদাতাকে গোপনীয়তা রক্ষার বিষয় এবং দরপত্রদাতা উক্ত গোপনীয়তা রক্ষা করতে ব্যর্থ হলে তার দরপত্র অগ্রহণযোগ্য বিবেচনা করা হতে পারে তা স্মরণ করিয়ে দিতে হবে । |
| **৫১. গাণিতিক ক্রটি সংশোধন** | 51.1 দরপত্র গ্রহণযোগ্য হলে, TEC নিম্নরূপে গাণিতিক ভুল সংশোধন করবেঃ<br>(ক) একক দর এবং একক দর ও পরিমাণ গুণ করে প্রাপ্ত মোট লাইন আইটেমের মূল্যের মধ্যে অসংগতি হলে একক দরকে সঠিক ধরে মোট লাইন আইটেম মূল্য সংশোধন করতে হবে। তবে TEC যদি মনে করে যে একক দরে দশমিক বসাতে সুস্পষ্ট ভুল হয়েছে, সেক্ষেত্রে মোট দর ঠিক রেখে একক দর সংশোধন করতে হবে;<br>(খ) যদি উপ-মোটসমূহের যোগ-বিয়োগের ভুলের ফলে মোট মূল্য ভুল হয়েছে বলে দেখা যায়, তাহলে সাব-টোটালসমূহ ঠিক রেখে মোট মূল্য সংশোধন করতে হবে; এবং<br>(গ) যদি কথায় ও অংকের মধ্যে অসংগতি পরিলক্ষিত হয়, তাহলে কথা সঠিক বলে গণ্য করতে হবে, তবে যদি কথায় লিখিত হিসাব গাণিতিক ভুলের সঙ্গে সম্পর্কযুক্ত হয়, তাহলে উপরিউক্ত (এ) এবং (বি) অনুসারে সংশোধন করতে হবে। |
| | 51.2 TEC গাণিতিক ক্রটি সংশোধনের পরে যথাশীঘ্র সম্ভব সংশ্লিষ্ট দরপত্রদাতাকে পত্র দ্বারা অবহিত করবে। যদি সংশ্লিষ্ট দরপত্রদাতা সংশোধন গ্রহণ না করে, তাহলে তার দরপত্র বাতিল হবে। |
| **৫২. আর্থিক মূল্যায়ন** | 52.1 মূল্যায়নের এ পর্যায় পর্যন্ত যে দরপত্রসমূহ দরপত্র দলিলের অত্যাবশ্যক নির্ণায়ক অনুসারে গ্রহণযোগ্য বিবেচিত হয়েছে তার প্রত্যেকটি দরপত্র TEC আর্থিক মূল্যায়ন করবে। |
| | 52.2 দরপত্রের আর্থিক মূল্যায়নের জন্য TEC নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করবেঃ |
| | (ক) আইটেম(সমূহ) বা লটের দরপত্র মূল্য;<br>(খ) ITT উপ-অনুচ্ছেদ-৫১.২ অনুসারে গাণিতিক ক্রটি সংশোধন;<br>(গ) প্রযোজ্য ক্ষেত্রে, ITT উপ-অনুচ্ছেদ-২৩.৮ এর পদ্ধতি অনুসারে সমতুল্য লট মূল্য নির্ণয় (যদি থাকে);<br>(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, ITT উপ-অনুচ্ছেদ-৫২.৬ অনুসারে অর্থনৈতিক উপাদান প্রয়োগ করে সমন্বয় সাধন (যদি থাকে) ;<br>(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, ITT উপ-অনুচ্ছেদ ২৪.১১ এবং ২৪.১২ অনুসারে নিঃশর্ত মূল্যছাড় বিবেচনায় নিয়ে একাধিক লটের জন্য প্রস্তাবিত মূল্যছাড় পদ্ধতি প্রয়োগের মাধ্যমে সমন্বয় সাধন। |
| | 52.3 দরপত্র দলিলের চাহিদার অতিরিক্ত ভেরিয়েশন (Variation), বিচ্যুতি, বিকল্প ও অন্যান্য উপাদান বা ক্রয়কারীর জন্য অপ্রত্যাশিত লাভ দরপত্র মূল্যায়ন বিবেচনায় নেয়া হবে না; |
| | 52.4 ITT উপ-অনুচ্ছেদ ২৪.৩ এ উল্লেখ থাকলে, ITT উপ-অনুচ্ছেদ ৫২.৫ এর পদ্ধতিগত নির্দেশনা অনুসারে TEC এক দরপত্রদাতাকে এক বা একাধিক লট সরবরাহের ক্রয়াদেশ দিতে পারবে; |
| | 52.5 সর্বনিম্ন মূল্যায়িত দরের লট বা সমন্বিত লটসমূহ নির্বাচন করতে TEC নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় নেবেঃ<br>(ক) প্রযোজ্য প্রত্যেক আইটেম বা লটের সর্বনিম্ন মূল্যায়িত দরপত্র ;<br>(খ) একক লট বা সম্মিলিত লটের মোট নির্ণায়কের সঙ্গে সংগতিপূর্ণ যথেষ্ট সম্পদ (Resources); এবং<br>(গ) প্রতি লটের বা সম্মিলিত লটের মূল্যছাড়ের কারণে মূল্য হ্রাস এবং দরপত্রে দরপত্রদাতা কর্তৃক উল্লিখিত মূল্যছাড়ের বাস্তবায়ন পদ্ধতি। |
| | 52.6 ITT ধারা ২৪ অনুযায়ী উদ্ধৃত দরপত্র মূল্য ছাড়াও ক্রয়কারী অন্যান্য উপাদানও মূল্যায়নের জন্য |

| | |
|---|---|
| | বিবেচনায় নিতে পারে। প্রযোজ্য হলে, অন্যান্য নির্বাচিত উপাদানের মূল্য আর্থিক মূল্যে প্রকাশ করতে হবে যাতে দরপত্রসমূহ তুলনা করা সহজ হয়। এই উপদানসমূহ, মূল্যায়ন পদ্ধতি এবং নির্ণায়ক TDS এ উল্লেখ করতে হবে। দরপত্র মূল্যায়নের উদ্দেশ্যে প্রয়োগযোগ্য আর্থিক উপাদানসমূহ নিম্নরূপ হবে:<br>(ক) সরবরাহ ও সম্পাদন করার সময়সূচির বিচ্যুতি সমন্বয়;<br>(খ) গুরুত্বপূর্ণ প্রতিস্থাপন অংশ, অতিআবশ্যক খুচরা যন্ত্রাংশ এবং সেবার মূল্য; |
| | 52.7 ITT উপ-অনুচ্ছেদ ২৩.৮ অনুসারে বিজয়ী লটে কোন কোন আইটেম বাদ দেওয়া হয়ে থাকলে এবং এর পরিমাণ শতকরা বিশ ভাগ (২০%) বা এর কম হলে, ক্রয়কারী উক্ত বাদ যাওয়া আইটেমসমূহের জন্য যে গ্রহণযোগ্য দরদাতা সর্বনিম্ন মূল্য প্রস্তাব করেছে, তার নিকট হতে উক্ত আইটেমসমূহ ক্রয় করতে পারবে।<br>52.8 TEC যদি মনে করে যে দরপত্র মূল্য সাম্প্রতিক দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে উল্লেখযোগ্যভাবে কম, তাহলে TEC, ITT উপ-অনুচ্ছেদ ৬২.১ এ উল্লেখিত কার্য সম্পাদন জামানত এর পরিমাণ বৃদ্ধির সুপারিশ করতে পারে, তবে তা চুক্তি মূল্যের পঁচিশ (২৫) শতাংশের বেশি হবে না। |
| **৫৩. মূল্য বিহীন আইটেমের মূল্য নির্ধারণ** | 53.1 লটের ভিত্তিতে কোন পণ্য ক্রয়ের ক্ষেত্রে, ITT ধারা ২৪ এ অনুমতি দেয়া হলে কোন দরপত্রদাতা কর্তৃক ITT উপ-অনুচ্ছেদ ২৪.৭ এ বর্ণিত লটভুক্ত আইটেমসমূহের কেবলমাত্র শতকরার আশি ভাগ (৮০%) সরবরাহের প্রস্তাব দেয়া হয়, তা হলে দরপত্র মূল্যায়ন কমিটি বিজয়ী লট নির্ধারণের জন্য যে সকল আইটেমের মূল্য প্রস্তাব করা হয় নাই সেই সকল আইটেমের জন্য অন্যান্য গ্রহণযোগ্য দরপত্রদাতাগণের প্রস্তাবিত গড় মূল্য যোগ করে লটের মোট মূল্য হিসাব করবে।<br>53.2 ITT উপ-অনুচ্ছেদ ৫৩.১ অনুসারে বিজয়ী লটে কোন কোন আইটেম বাদ দেয়া হয়ে থাকলে এবং এর পরিমাণ শতকরা বিশ ভাগ (২০%) এর কম হলে, ক্রয়কারী উক্ত বাদ যাওয়া আইটেমসমূহের জন্য যে গ্রহণযোগ্য দরপত্রদাতা সর্বনিম্ন মূল্য প্রস্তাব করেছে, তার নিকট হতে উক্ত আইটেমসমূহ ক্রয় করতে পারবে। |
| **৫৪. মূল্য তুলনা** | 54.1 ITT ধারা ৫২ অনুসারে TEC সকল গ্রহণযোগ্য দরপত্রের মধ্যে মূল্য তুলনা করার মাধ্যমে সর্বনিম্ন দরপত্র নির্ণয় করবে। |
| | 54.2 ব্যতিক্রম পরিস্থিতিতে সর্বনিম্ন মূল্যায়িত দরের সমতার ক্ষেত্রে, যে দরপত্রদাতার ক্রয়কারীর অধীন অতীত সরবরাহ সম্পাদনের মান উৎকৃষ্টতর, তাকে নির্বাচন করতে হবে, এবং সেক্ষেত্রে পণ্য সবরাহের মেয়াদ, সরবরাহকৃত পণ্যের গুণগত মান, অভিযোগ সংক্রান্ত ইতিহাস ও অতীতে সরবরাহ সম্পাদনের নির্ণায়ক বিবেচনা করা যেতে পারে। |
| | 54.3 সর্বনিম্ন মূল্যায়িত দরের সমতার ক্ষেত্রে যদি কোন দরপত্রদাতারই ক্রয়কারীর অধীন সরবরাহ সম্পাদনের অতীত অভিজ্ঞতা না থাকে, তা হলে পণ্যের চূড়ান্ত ব্যবহারকারীর নিকট অধিক সুবিধাজনক বিবেচনাসহ ITT ধারা ৫৫ অনুসারে দাখিল উত্তর-যোগ্যতা নির্ধারণ করে দরপত্রদাতা নির্বাচন করতে হবে। |
| | 54.4 ITT উপ-অনুচ্ছেদ ৫৩.১, ৫৩.২ ও ৫৩.৩ অনুসারে কোনো অবস্থাতেই লটারির মাধ্যমে কৃতকার্য দরপত্রদাতা নির্বাচন করা যাবে না। |
| **৫৫. নেগোসিয়েশন** | 55.1 দরপত্র মূল্যায়নের সময় বা চুক্তি প্রদানের সময় সর্বনিম্ন দরপত্রদাতা বা অন্য কোনো দরপত্রদাতার সঙ্গে নেগোসিয়েশন করা যাবে না। |
| **৫৬. দাখিল উত্তর যোগ্যতা** | 56.1 ITT অনুচ্ছেদ-২৬ ও ২৮ অনুযায়ী দরপত্রদাতার দাখিলকৃত উপযুক্ততা ও যোগ্যতার দলিলপত্র, ITT ধারা ৪৯ অনুযায়ী প্রদেয় প্রয়োজনীয় ব্যাখ্যা এবং ITT ধারা ১২, ১৩, ১৪ ও ১৫ অনুযায়ী যোগ্যতার নির্ণায়ক সংক্রান্ত প্রামাণিক দলিলপত্র পরীক্ষার ভিত্তিতে দাখিল-উত্তর যোগ্যতা নির্ণয় করতে হবে। উক্ত অনুচ্ছেদসমূহে অন্তর্ভুক্ত নেই এমন কোনো উপাদান দরপত্রদাতার যোগ্যতা মূল্যায়নে ব্যবহার করা যাবে না। |

| | |
|---|---|
| | 56.2 যোগ্যতা ইতিবাচকভাবে নির্ণয় করা দরপত্রদাতাকে চুক্তি প্রদানের অন্যতম প্রধান শর্ত। যোগ্যতা নেতিবাচক নির্ণয় হলে দরপত্রদাতার দরপত্র বাতিল হবে। সেক্ষেত্রে যদি চুক্তি প্রদান করতে হয় তবে TEC সন্তোষজনকভাবে চুক্তি সম্পাদনে পরবর্তী সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রদাতার সক্ষমতা একই পদ্ধতিতে নির্ণয় করবে। |
| | 56.3 দরপত্র দাখিল-উত্তর যোগ্যতা যাচাই প্রক্রিয়ার অংশ হিসেবে বাস্তবানুগ ও যথাযথ বিবেচিত হলে TEC দরপত্র দলিলে বর্ণিত তথ্যের সঠিকতা যাচই করার জন্য দরপত্রদাতার কার্যালয় পরিদর্শন করতে পারবে। |
| **৫৭. ক্রয়কারীর যে কোন দরপত্র গ্রহণ বা যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিলের অধিকার** | 57.1 ক্রয় চুক্তি সম্পাদনের নোটিশ জারির পূর্বে ক্রয়কারী যে কোন বা সকল দরপত্র গ্রহণের বা বাতিলের অধিকার সংরক্ষণ করে। ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্ব-অনুমোদন সাপেক্ষে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যেকোনো সময় ক্রয়কারী ক্রয় প্রক্রিয়া বাতিল করতে পারবে; এবং এ জন্য কোন দরপত্রদাতার নিকট ক্রয়কারীর কোন দায় বর্তাবে না বা ক্রয়কারী এ ধরনের ব্যবস্থা গ্রহণের কারণ সম্পর্কে দরপত্রদাতাদের জানাতে বাধ্য থাকবে না। |
| **৫৮. সকল দরপত্র বাতিল** | 58.1 উপ-অনুচ্ছেদ-৫৭.২ এ বর্ণিত পরিস্থিতিতে TEC এর সুপারিশে কেবল ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনে নিয়ে ক্রয়কারী সকল দরপত্র বাতিল করতে পারে । |
| | 58.2 সকল দরপত্র বাতিল করা যাবে, যদি -<br>(ক) দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় বাস্তবসম্মত হওয়া সত্বেও সর্বনিম্ন মূল্যায়িত দরপত্র উক্ত প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অধিক হয়; অথবা<br>(খ) ক্রয় প্রক্রিয়ায় কার্যকর প্রতিযোগিতার অভাব থাকার প্রমাণ পাওয়া যায় যেমন, সম্ভাব্য কতিপয় দরপত্রদাতা কর্তৃক অংশগ্রহণ না করা; অথবা<br>(গ) কোন সরবরাহের জন্য নির্ধারিত সময় বাস্তবসম্মত ও যুক্তিসঙ্গত হওয়া সত্বেও দরপত্রদাতা তার প্রস্তাবে উক্ত নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করার প্রস্তাব দাখিল করতে সক্ষম না হয়; অথবা<br>(ঘ) সকল দরপত্র অগ্রহণযোগ্য হয়; অথবা<br>(ঙ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ১২৭ নং বিধি অনুসারে ক্রয় প্রক্রিয়াকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করে এরুপ পেশাগত অসদাচরণ এর প্রমাণ পাওয়া যায়। |
| | 58.3 ITT উপ-অনুচ্ছেদ ৫৭.২ এ যা কিছুই থাকুক না কেন, সর্বনিম্ন মূল্যায়িত দর বাজার মূল্যের সঙ্গে সংগতিপূর্ণ হলে উক্ত দরপত্র বাতিল হবে না। |
| **৫৯. বাতিলের কারণ অবহিতকরণ** | ৫৯.১ ক্রয়কারী কর্তৃক দরপত্র বাতিলের সিদ্ধান্ত গ্রহণের পর তৎপরতার সাথে সাত (৭) কর্মদিবসের মধ্যে সকল দরপত্রদাতাকে নোটিশ প্রদানের মাধ্যমে অবহিত করবে এবং কোনো দরপত্রদাতার লিখিত অনুরোধের প্রেক্ষিতে ক্রয়কারী দরপত্র বাতিলের কারণ(সমূহ) দরপত্রদাতাকে অবহিত করবে তবে কারণ(সমূহ) এর যৌক্তিকতা ব্যাখ্যা করার প্রয়োজন নেই। |

## ছ. চুক্তি সম্পাদন

| | |
|---|---|
| **৬০. চুক্তি সম্পাদনের নির্ণায়ক** | 60.1 ক্রয়কারী যে দরপত্রদাতার সঙ্গে চুক্তি সম্পাদন করবে যার দরপত্র, দরপত্র দলিল অনুসারে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন মূল্যায়িত দরপত্র হিসেবে নির্ণিত এবং এছাড়া ITT অনুচ্ছেদ ৫৫ অনুসারে দাখিল-উত্তর যোগ্যতার বিচারে উত্তীর্ণ । |
| | 60.2 চুক্তি সম্পাদনের শর্ত হিসেবে দরপত্রদাতাকে দরপত্র দলিলে উল্লেখ নেই এমন কোনো দায়-দায়িত্ব পালন, মূল্য পরিবর্তন বা অন্য কোনভাবে দরপত্রের সংশোধন করা যাবে না। |
| **৬১. ক্রয়কারী কর্তৃক পরিমাণ তারতম্যের অধিকার** | 61.1 চুক্তি সম্পাদনের সময় ক্রয়কারী কর্তৃক অনুমোদিত মূল্যের মধ্যে অধ্যায় ৬: চাহিদা তফসিল -এ নির্দিষ্ট করা মূল পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিটি আইটেমের সংখ্যাগত পরিমাণ বৃদ্ধির বা কমানোর অধিকার ক্রয়কারী সংরক্ষণ করে। তবে, শর্ত থাকে যে, এই কমানো বা বাড়ানো TDS-এ নির্ধারিত শতকরা পরিমাণ অতিক্রম করবে না এবং প্রতি ইউনিটের দর এবং দরপত্র দলিলের অন্যান্য |

| | | |
|---|---|---|
| | | শর্তাবলীতে কোনোরূপ পরিবর্তন করা যাবে না। |
| **৬২. চুক্তি সম্পাদনের নোটিশ জারি** | 62.1 | দরপত্রের বৈধতার মেয়াদ শেষ হওয়ার পূর্বেই এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক চুক্তি সম্পাদন অনুমোদন পাওয়ার এক (১) সপ্তাহের মধ্যেই ক্রয়কারী কৃতকার্য দরপত্রদাতা(দের)কে চুক্তি সম্পাদনের নোটিশ (NOA) জারি করবে। |
| | 62.2 | সংযুক্ত চুক্তিপত্রসহ নমুনা (ফরম পিজি৩-৯) অনুযায়ী NOA এ নিম্নবর্ণিত বিষয়ের বর্ণনা থাকবে:<br>(ক) ক্রয়কারী কর্তৃক দরপত্র গ্রহণ করা সংক্রান্ত তথ্য ;<br>(খ) যে মূল্যে চুক্তি সম্পাদিত হচ্ছে;<br>(গ) কার্য সম্পাদন জামানতের পরিমাণ এবং এর ছক ;<br>(ঘ) যে সময়ের মধ্যে কার্য সম্পাদন জামানত দাখিলের তারিখ;<br>(ঙ) যে সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর হবে এর তারিখ। |
| | 62.3 | NOA জারির সাত (৭) কার্য দিবসের মধ্যে কৃতকার্য দরপত্রদাতাকে চুক্তি সম্পাদনের বিষয়ে লিখিতিভাবে তার সম্মতি প্রদান করতে হবে। |
| | 62.4 | ‘‘আইটেম-বাই-আইটেম’’ ভিত্তিতে এক বা একাধিক আইটেমের জন্য দরপত্র আহবান করা হলে, যে সকল আইটেমের জন্য কৃতকার্য দরপত্রদাতাকে চুক্তি সম্পাদন নোটিশ প্রদান করা হয়েছে উক্ত সকল আইটেমের জন্য তার সঙ্গে একটি মাত্র চুক্তি সম্পাদন করতে হবে। |
| | 62.5 | একক লটের জন্য দরপত্র আহবান করা হলে, কৃতকার্য দরপত্রদাতার সঙ্গে চুক্তিতে লটের অন্তর্ভুক্ত সকল আইটেমসমূহ অন্তর্ভুক্ত হবে এবং সকল আইটেমসহ লটের কৃতকার্য দরপত্রদাতার সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হবে। |
| | 62.6 | ‘‘লট-বাই-লট’’ ভিত্তিতে একাধিক লটের জন্য দরপত্র আহবান করা হলে, কৃতকার্য দরপত্রদাতাকে লটের যে সব আইটেমসমূহের জন্য চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান করা হয়েছে সে সব আইটেম চুক্তিতে থাকবে। উক্ত আইটেমসমূহের সমন্বয়ে প্রতি লটের জন্য কৃতকার্য দরপত্রদাতার সঙ্গে চুক্তি স্বাক্ষর করতে হবে। |
| | 62.7 | আনুষ্ঠানিকভাবে চুক্তি স্বাক্ষর না হওয়া পর্যন্ত NOA একটি চুক্তি হিসেবে বিবেচিত হবে, যা কার্য সম্পাদন জামানত প্রদান এবং উভয় পক্ষ কর্তৃক চুক্তি স্বাক্ষরের পর বাধ্যতামূলক হবে। |
| **৬৩. কার্য সম্পাদন জামানত** | 62.8 | কৃতকার্য দরপত্রদাতা TDS এ বর্ণিত পরিমাণ অর্থ কার্য সম্পাদন জামানত হিসেবে বাংলাদেশি মুদ্রায় প্রদান করবে। |
| | 62.9 | চুক্তির আওতায় সরবরাহ সম্পাদনের বাধ্যবাধকতা পালনে সরবরাহকারী ব্যর্থতার ক্ষেত্রে ক্ষতিপূরণ হিসেবে ক্রয়কারীর প্রথম লিখিত দাবীর প্রেক্ষিতে ক্রয়কারী বরাবর কার্য সম্পাদন জামানত নিঃশর্তে পরিশোধযোগ্য হবে। |
| | 63.1 | ITT উপ-অনুচ্ছেদ-৫.১০ বর্ণিত কোনো সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কৃতকার্য দরপত্রদাতা হিসেবে নির্বাচিত হলে, ITT উপ-অনুচ্ছেদ-৬২.১ অনুসারে কার্য সম্পাদন জামানতের পরিবর্তে TDS এর নির্দেশনা অনুসারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে। |
| **৬৪. কার্য সম্পাদন জামানত দাখিলের সময়সীমা ও ছক** | 64.1 | ক্রয়কারী বরাবর কার্য সম্পাদন জামানত ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফ্‌ট, পে অর্ডার বা অপ্রত্যাহারযোগ্য নিঃশর্ত ব্যাংক গ্যারান্টির মাধ্যমে ছক অনুযায়ী **(ফরম পিজি৩-১১)** কোনোরূপ পরিবর্তন ছাড়া প্রদান করতে হবে। |
| | 64.2 | NOA প্রাপ্তির চৌদ্দ (১৪) দিনের মধ্যে এবং আবশ্যকভাবে উক্ত নোটিশে উল্লেখিত তারিখের মধ্যে কৃতকার্য দরপত্রদাতা(গণ) ITT উপ-অনুচ্ছেদ-৬২.১ এ উল্লেখিত পরিমাণে চুক্তির যথাযথ |

| | | |
|---|---|---|
| | | সম্পাদনের জন্য কার্য সম্পাদন জামানত প্রদান করবে। |
| **৬৫. কার্য সম্পাদন জামানতের বৈধতা** | 65.1 | চুক্তির আওতায় সরবরাহকারীর সরবরাহ সম্পাদনের শেষ তারিখ এবং ওয়ারেন্টির মেয়াদেরও পরবর্তী আঠাশ (২৮) দিন পর্যন্ত কার্য সম্পাদন জামানত বৈধ থাকতে হবে। |
| **৬৬. কার্য সম্পাদন জামানতের সঠিকতা যাচাই** | 66.1 | কৃতকার্য দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত ব্যাংক ড্রাফট্, পে অর্ডার বা সুনির্দিষ্ট ছকে দেয়া অপ্রত্যাহারযোগ্য নি:শর্ত ব্যাংক গ্যারান্টি প্রদানকারী ব্যাংকের সংশ্লিষ্ট শাখা বরাবর ক্রয়কারী কার্য সম্পাদন জামানতের সত্যতা নিশ্চিত করার জন্য লিখিত পত্র প্রেরণ করে যাচাই করবে। |
| **৬৭. চুক্তি স্বাক্ষর** | 67.1 | চুক্তি সম্পাদন নোটিশ জারি করার সময় ক্রয়কারী তৎসঙ্গে খসড়া চুক্তি ও চুক্তির গঠন সংক্রান্ত সকল দলিলপত্র কৃতকার্য দরপত্রদাতা(গণ) বরাবর প্রেরণ করবে। |
| | 67.2 | চুক্তি সম্পাদন নোটিশ জারির পরবর্তী আঠাশ (২৮) দিনের মধ্যে কৃতকার্য দরাপত্রদাতা(গণ) এবং ক্রয়কারী চুক্তি স্বাক্ষর করবে। |
| | 67.3 | ITT উপ-অনুচ্ছেদ ৬২.১ অনুসারে কৃতকার্য দরপত্রদাতা(গণ) কার্য সম্পাদন জামানত প্রদানে ব্যর্থ হলে, বা ITT উপ-অনুচ্ছেদ ৬৬.২ অনুসারে চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে, তা চুক্তি বাতিল ও দরপত্র জামানত বাজেয়াপ্তের কারণ হিসেবে গণ্য হবে। সেক্ষেত্রে TEC পরবর্তী সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রদাতাকে সন্তোষজনকভাবে কার্য সম্পাদনে যোগ্য বলে বিবেচনা করলে ক্রয়কারী তার সঙ্গে চুক্তি সম্পাদন করতে পারে। |
| **৬৮. চুক্তি সম্পাদনের নোটিশ প্রকাশকরণ** | 68.1 | ক্রয়কারী এক কোটি বা তদুর্ধ টাকার চুক্তির NOA জারি করার সাত (৭) দিনের মধ্যে তা ওয়েবসাইটে প্রকাশের জন্য সিপিটিইউকে অবগত করবে এবং এই নোটিশ কমপক্ষে এক মাস ওয়েবসাইটে থাকতে হবে। |
| | 68.2 | এক কোটির কম টাকার চুক্তি NOA করা হলে ক্রয়কারী তার নোটিশ বোর্ডে এবং প্রযোজ্য হলে ক্রয়কারীর ওয়েবসাইটের প্রকাশ করবে এবং এই নোটিশ কমপক্ষে এক মাস অব্যাহতভাবে প্রদর্শিত হবে। |
| **৬৯. দরপত্রদাতাদের অবহিতকরণ (debriefing)** | 69.1 | প্রত্যেক দরপত্রদাতার লিখিত অনুরোধের পরিপ্রেক্ষিতে ক্রয়কারী প্রত্যেক দরপত্রদাতার সঙ্গে অবহিতকরণ সভায় অন্য কোনো দরপত্রদাতার তথ্য প্রকাশ না করে তার দাখিলকৃত দরপত্র গৃহীত না হবার কারণ, সংশ্লিষ্ট দরপত্রের স্ট্যাটাস ও দুর্বলতাগুলো সংক্ষেপে তুলে ধরবে । |
| | 69.2 | অবহিতকরণের সময় মূল্যায়ন প্রক্রিয়ার গোপনীয়তা বজায় রাখতে হবে। |
| **৭০. অ্যাডজুডিকেটর** | 70.1 | চুক্তির আওতায়, TDS এ উল্লেখিত ঘণ্টা ভিত্তিক সম্মানী ও পরিশোধযোগ্য ব্যয়িত অর্থ প্রদানের শর্তে ক্রয়কারী TDS এ উল্লেখিত ব্যক্তিকে অ্যাডজুডিকেটর হিসেবে নিয়োগের প্রস্তাব করবে। |
| **৭১. অভিযোগ করার অধিকার** | 71.1 | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসারে দরপত্রদাতার অভিযোগ করার অধিকার আছে । |

| অধ্যায় ২. দরপত্র উপাত্ত শিট | |
|---|---|
| *এখানে দরপত্র উপাত্ত শিট সম্পন্ন করার নির্দেশনা প্রদত্ত হলো, প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট* । TT *ধারাসমূহের* জন্য বাঁকা **অক্ষ**রে ও আন্ডারলাইন শব্দবন্ধে নোট আকারে উল্লেখ করা হলো। | |
| **। TT ধারা** | **দরপত্রদাতার প্রতি নির্দেশনার অনুচ্ছেদ সমূহের সংশোধন ও সংযোজন** |
| **ক. সাধারণ** | |
| **। TT ১.১** | ক্রয়কারী *[ক্রয়কারীর নাম লিখুন]*<br><br>দরপত্রের নামঃ<br><br>দরপত্র সূত্রঃ<br><br>লট নম্বর(সমূহ):<br>*[নোট/দ্রষ্টব্য: যদি একাধিক লট হয়, অধ্যায় ৬: চাহিদা তফসিল এর পণ্য ও সংশ্লিষ্ট সেবার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রতিটি লটকে আলাদা করে চিহ্নিত করতে হবে]* |
| **। TT ৩.১** | সরকারি তহবিলের উৎস<br>*[উৎস উল্লেখ করুন, বাংলাদেশ সরকার বা অর্থের অন্য কোনো উৎস]* |
| **। TT ৩.৩** | উন্নয়র সহযোগীর নাম<br>*[উন্নয়র সহযোগীর নাম উল্লেখ করুন]* |
| **। TT ৫.১** | নিম্নোক্ত দেশের দরপত্রদাতারা যোগ্য বিবেচিত হবেন নাঃ<br>*[দেশগুলোর নাম লিখুন]* |
| **। TT ৬.১** | নিম্নোক্ত দেশের পণ্য ও সংশ্লিষ্ট সেবা উপযুক্ত বিবেচিত হবে না: *[দেশগুলোর নাম লিখুন]* |
| **খ. দরপত্র দলিল** | |
| **। TT ৮.২** | দরপত্র দলিল ইস্যু করার উদ্দেশ্যে ক্রয়কারীর প্রতিনিধি/দপ্তর হিসেবে নিম্নোক্ত প্রতিষ্ঠান ক্ষমতাপ্রাপ্তঃ <u>প্রতিনিধি/দপ্তরের নামঃ</u><br>ঠিকানাঃ<br>ফোন নংঃ<br>ফ্যাক্স নংঃ<br>ই-মেইলঃ<br>*[যদি প্রযোজ্য না হয়, ''প্রযোজ্য নয়'' লিখুন। যদি একাধিক প্রতিনিধি/দপ্তর ক্ষমতাপ্রাপ্ত হয়, সব প্রতিনিধি/দপ্তরের নামসহ যোগাযোগ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করুন]* |
| **। TT ৯.১** | কেবল <u>**দরপত্র দলিলের ব্যাখ্যার জন্য**</u> :<br>ক্রয়কারীর ঠিকানাঃ<br>দৃষ্টি আকর্ষণঃ |

| | |
|---|---|
| | ঠিকানা:<br>ফোন নং:<br>ফ্যাক্স নং:<br>ই-মেইল:<br>এবং ক্রয়কারীর নিকট ব্যাখ্যা চওয়ার সর্বশেষ তারিখ *[তারিখ উল্লেখ করুন]* |
| ITT ১০.১ | প্রাক-দরপত্র সভা অনুষ্ঠিত হবে না।<br>অথবা<br>প্রাক-দরপত্র সভা অনুষ্ঠিত হবে নিম্নোক্ত স্থান, তারিখ ও সময়ে<br>ঠিকানা:<br>সময় ও তারিখ:<br><br>*[অপ্রয়োজনীয় অংশ বাদ দিন]* |
| **গ. যোগ্যতার নির্ণায়ক** | |
| ITT ১৪.১(এ) | সরবরাহকারী হিসেবে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহে দরপত্রদাতার সাধারণ অভিজ্ঞতার ন্যূনতম বছর *[সংখ্যায় লিখুন]* বছর।<br>*[কমপক্ষে তিন (৩) বছরের অভিজ্ঞতা যৌক্তিক গণ্য করা হবে; সংবাদপত্রে IFT প্রকাশের তারিখ হতে পিছনে বছর গণনা করতে হবে।]* |
| ITT ১৪.১(বি) | একই ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের কমপক্ষে *[সংখ্যায় লিখুন]* টি চুক্তি বিগত *[সংখ্যায় লিখুন]* বছরের মধ্যে সফলতার সঙ্গে সরবরাহকারী হিসেবে সমাপ্ত করার ন্যূনতম সুনির্দিষ্ট অভিজ্ঞতা, যার প্রতিটি চুক্তির ন্যূনতম মূল্য কমপক্ষে *[সংখ্যায় লিখুন]* টাকা।<br><br>*[চুক্তির ন্যূনতম সংখ্যা পণ্য ও সেবার ধরন ও চুক্তির আকারের উপর নির্ভর করবে, এবং সরবরাহ খাতে অভিজ্ঞতার ভিত্তিতে বিচার-বিশ্লেষণ করে ক্রয়কারী নির্ধারণ করবে। উদাহরণস্বরূপ, বড় আকারের সরবরাহ চুক্তির ক্ষেত্রে বিগত তিন বা পাঁচ বছরে দুটি একই ধরনের চুক্তি [যেরূপ প্রযোজ্য] হতে পারে।। IFT প্রকাশের তারিখ হতে পিছেনে বছর গণনা করতে হবে।]*<br>*[ন্যূনতম মূল্য প্রস্তাবিত সরবরাহের প্রাক্কলিত মূল্যের ৭০ থেকে ১০০ শতাংশ হওয়া বাঞ্ছনীয়]*<br>*[দরপত্র যদি প্যাকেজের একাধিক লটের জন্য হয়ে থাকে, তাহলে প্যাকেজের প্রতিটি লটের জন্য পৃথকভাবে আবশ্যিক যোগ্যতা উল্লেখ করতে হবে।]* |
| ITT ১৪.১(সি) | পণ্য সরবরাহ এবং/অথবা উৎপাদনের ন্যূনতম সক্ষমতা নিম্নরূপ:<br>*[পণ্যের ধরন উল্লেখ করুন]* এবং *[পরিমাণ উল্লেখ করুন]* বছরে সরবরাহ এবং/অথবা উৎপাদন সক্ষমতা<br>*[সাধারণত, প্রস্তাবিত সরবরাহের সমপরিমাণ হবে। সাধারণ পণ্যের ক্ষেত্রে প্রস্তাবিত সরবরাহের পরিমাণের দ্বিগুণ হতে পারে]*<br>*[দরপত্র যদি প্যাকেজের একাধিক লটের জন্য হয়ে থাকে, তাহলে প্যাকেজের প্রতিটি লটের জন্য পৃথকভাবে আবশ্যিক যোগ্যতা উল্লেখ করতে হবে।]*<br>*[তথ্য আবশ্যক না হলে/না থাকলে "প্রযোজ্য নয়" লিখুন]* |
| ITT ১৫.১(এ) | দরপত্রদাতার ন্যূনতম সহজলভ্য সম্পদ, যেমন চলতি মূলধন বা প্রাপ্ত ঋণ বরাদ্দের সীমা *[সংখ্যায় লিখুন]* টাকা।<br><br>*[প্রস্তাবিত সরবরাহের প্রাক্কলিত মূল্যের ন্যূনতম ৮০ থেকে ১০০ ভাগ হবে]* |

| | |
|---|---|
| | *[দরপত্র যদি প্যকেজের একাধিক লটের জন্য হয়ে থাকে, তাহলে প্যাকেজের প্রতিটি লটের জন্য পৃথকভাবে আবশ্যিক যোগ্যতা উল্লেখ করতে হবে।]* |
| **ঘ. দরপত্র প্রস্তুত করা** | |
| ITT **২১.১(I)** | দরপত্রের সঙ্গে দরপত্রদাতা নিম্নোক্ত অতিরিক্ত দলিলপত্র সরবরাহ করবেন:<br>*[দলিলপত্রের তালিকা উল্লেখ করুন, প্রযোজ্য হলে]* |
| ITT **২৩.১** | বিকল্পের অনুমতি দেয়া হবে না।<br>অথবা<br>বিকল্পের অনুমতি দেয়া হবে।<br><br>*[অপ্রযোজ্য অংশ বাদ দিন]* |
| ITT **২৪.৩** | ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিতে এক বা একাধিক আইটেমের জন্য দরপত্র আহবান করা হলো ।<br>অথবা<br>একক লটের জন্য দরপত্র আহবান করা হলো ।<br>অথবা<br>''লট-বাই-লট'' এর ভিত্তিতে কয়েকটি লটের জন্য দরপত্র আহবান করা হলো ।<br>*[অপ্রযোজ্য অংশ বাদ দিন]* |
| ITT **২৪.৬** | প্রতিটি লটের কমপক্ষে *[% সংখ্যা লিখুন]* আইটেমের এবং কমপক্ষে মোট লট মূল্যের *[% সংখ্যা লিখুন]* এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে উদ্ধৃত মূল্য হবে।<br>*[নোট: ITT উপ-অনুচ্ছেদ ৫৩.১ অনুসারে, বাদ পড়া আইটেমসমূহের মূল্য যোগ করার মাধ্যমে বিজয়ী লট দরপত্র নির্ধারণ করার জন্য উদ্ধৃত মূল্য চাহিদা তফসিল **এর** মোট আইটেমসমূহের কমপক্ষে শতকরা আশি (৮০%) ভাগ এবং লটের প্রাক্কলিত মূল্যের কমপক্ষে শতকরা পঁয়ষট্টি (৬৫%) ভাগ হতে হবে।]* |
| ITT **২৪.৮** | নিম্নোক্ত সুনির্দিষ্ট আইটেমের মূল্য দরপত্রদাতাকে অবশ্যই প্রস্তাব করতে হবে।<br><br>*[অধ্যায় ৬: চাহিদা তফসিল অনুসারে আইটেমের পরিচিতি ও নাম অন্তর্ভুক্ত করুন]*<br>*[কোনো আইটেমের প্রাক্কলিত মূল্য লট মূল্যের শতকরা পঞ্চাশ (৫০%) ভাগের অধিক হলে তা উল্লেখ করুন; যদি একক কোন আইটেমের মূল্য লটের মূল্যের শতকরা পঞ্চাশ (৫০%) ভাগের বেশি না হয়, তাহলে ''প্রযোজ্য নয়'' লিখুন।]*<br>নিম্নোক্ত নির্দিষ্ট আইটেম প্রাক্কলিত লট মূল্যের শতকরা পঞ্চাশ (৫০%) ভাগের বেশি মূল্য*: [অধ্যায় ৬: চাহিদা তফসিল এ বর্ণিত উক্ত আইটেমের পরিচিতি ও নাম লিখুন]*; যদি একক আইটেমের মূল্য লটের মূল্যের শতকরা পঞ্চাশ (৫০%) ভাগের বেশী না হয়, তবে *[''প্রযোজ্য নয়'' লিখুন]*। |
| ITT **২৮.১(ই)** | মামলার মাধ্যমে দাবি করা বিষয়ক তথ্যাবলি বর্তমান বছরের বা বিগত *[বছরের সংখ্যা লিখুন]* বছরের হতে হবে।<br><br>*[যত বছরের সাধারণ অভিজ্ঞতা আবশ্যক, ততো বছরের সঙ্গে সংগতিপূর্ণ হওয়া উচিত]* |
| ITT **২৮.১(এফ)** | উৎপাদনকারীর ক্ষমতা প্রদানপত্র প্রয়োজন নেই। |

| | |
|---|---|
| | অথবা<br><br>অধ্যায় ৬: চাহিদা তফসিল অনুসারে সব আইটেমের জন্য উৎপাদনকারীর পণ্য সরবরাহের ক্ষমতা প্রদানপত্র আবশ্যক।<br><br>অথবা<br><br>অধ্যায় ৬: চাহিদা তফসিল অনুসারে সব আইটেমের কেবল নিম্নোক্ত আইটেমসমূহের জন্য উৎপাদনকারির পণ্য সরবরাহের ক্ষমতা প্রদানপত্র আবশ্যক:<br><br>*[অপ্রযোজ্য অংশ বাদ দিন; সাধারণত, সহজলভ্য, সেলভে মজুত, তৈরি আইটেমের জন্য প্রস্তুতকারীর ক্ষমতা প্রদানপত্রের প্রয়োজন হয় না]* |
| ITT **২৮.১(এইচ)** | প্রয়োজনীয় আর্থিক অবস্থা সংক্রান্ত প্রতিবেদন , যথা, লাভ-ক্ষতির বিবরণ, নিরীক্ষিত সিহতিপত্র বিগত [সংখ্যা লিখুন] বছরের হতে হবে।<br><br>*[যত বছরের সাধারণ অভিজ্ঞতা আবশ্যক, ততো বছরের সঙ্গে সংগতিপূর্ণ হওয়া উচিত]* |
| ITT **২৯.১** | দরপত্রের বৈধতার মেয়াদ হবে *[দিনের সংখ্যা উল্লেখ করুন]* দিন।<br><br>*[সাধারণত ৬০ থেকে ১২০ দিন; ক্রয়কারী কার্যালয় প্রধান বা এর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ ক্রয়ের ক্ষেত্রে মেয়াদ কম বা বেশি নির্ধারণ করতে পারেন]।* |
| ITT **৩১.১** | *[সুবিধাভোগীর নাম লিখুন]* বরাবর প্রদেয় দরপত্র জামানত *[টাকার পরিমাণ লিখুন]*।<br><br>*[দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের তিন (৩) শতাংশের বেশি হবে না, তবে ''লট-বাই-লট'' ভিত্তিক দরপত্রের এক লটের বা একাধিক লটের* প্যাকেজের ক্ষেত্রে টাকার *পরিমাণ নির্দিষ্ট অংকের হবে]*<br><br>***[প্যাকেজের একাধিক লটের ক্ষেত্রে, প্রতিটি লটের জন্য ভিন্ন ভিন্ন শতকরা হারের ভিত্তিতে দরপত্র জামানত নির্ধারণ করতে হবে যা পৃথকভাবে উল্লেখ করতে হবে]*** |
| ITT **৩১.২** | *অথবা*<br><br>[সুবিধাভোগীর নাম লিখুন] এর পক্ষে দরপত্রদাতা কর্তৃক প্রস্তবিত আইটেম(সমূহ) এর মোট মূল্যের শতকরা [ সংখ্যা লিখুন] ভাগ দরপত্র জামানত দিতে হবে।<br><br>*[কমপক্ষে দুই (২) শতাংশ, তবে, ''আইটেম-বাই-আইটেম'' ভিত্তিক দরপত্রের ক্ষেত্রে/ব্যতিরেকে সর্বক্ষেত্রেই দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের তিন (৩) শতাংশের বেশি নয়]* |
| ITT **৩৬.১** | মূল দরপত্রের সঙ্গে [সংখ্যা লিখুন]টি অনুলিপি দাখিল করতে হবে।<br><br>*[সাধারণত একটি অনুলিপি দরকার হয়, প্রয়োজন হলে একাধিক অনুলিপি দাখিল করতে বলা যেতে পারে]* |
| **ঙ. দরপত্র দাখিল** | |
| ITT **৩৭.২** | ভিতরের ও বাইরের খামের গায়ে নিম্নেবর্ণিত অতিরিক্ত পরিচিতিমূলক চিহ্ন থাকতে হবে:<br><br>*[সুনির্দিষ্ট দরপত্র প্রক্রিয়া চিহ্নিত করার জন্য যে চিহ্নগুলি খামসমূহের গায়ে থাকতে হবে সেগুলোর নাম এবং/ অথবা সংখ্যা এখানে লিখুন]* |
| ITT **৩৮.১** | **দরপত্র দাখিলের জন্য** ক্রয়কারীর ঠিকানা হলো:<br><br>দৃষ্টি আকর্ষণ: *[ব্যক্তির পূর্ণ নাম ও পদবী লিখুন]* |

| | |
|---|---|
| | ঠিকানা: *[তলা ও কামরা নম্বর উল্লেখপূর্বক বিস্তারিত ঠিকানা লিখুন]*<br>দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা :<br>সময় ও তারিখ: |
| ITT ৩৮.৩ | কেবল **দরপত্র দাখিলের জন্য** ক্রয়কারীর ঠিকানা:<br>**[একাধিক স্থানে দরপত্র দাখিলের ক্ষেত্রে মূল স্থান ও অন্যান্য স্থান এর ঠিকানা সহ সময় ও তারিখসহ উল্লেখ করুন]**<br>দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা:<br>সময় ও তারিখ:<br><br>দৃষ্টি আকর্ষণ: *[ব্যক্তির পুরো নাম ও পদবী লিখুন]*<br>ঠিকানা: **(মূল স্থান)** *[তলা ও কামরা নম্বর উল্লেখপূর্বক বিস্তারিত ঠিকানা লিখুন]*<br>দৃষ্টি আকর্ষণ: *[ব্যক্তির পুরো নাম ও পদবী লিখুন]*<br>ঠিকানা: **(অন্যান্য স্থান)** *[তলা ও কামরা নম্বর উল্লেখপূর্বক বিস্তারিত ঠিকানা লিখুন]* |
| ITT ৩৮.৪ | **অন্যান্য স্থান** থেকে **মূল স্থানে** দরপত্রসমূহ হাতে হাতে করে হস্তান্তর করার সর্বশেষ সময়সীমা:<br>সময় ও তারিখ:<br><br>*[দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পরবর্তী তিন (৩) ঘণ্টার মধ্যে অবশ্যই উক্ত স্থানান্তর করতে হবে]* |
| **চ. দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন** | |
| ITT ৪৪.১ | দরপত্র উন্মুক্তকরণ করা হবে (সর্বদা **মূল *স্থানের* ঠিকানা লিখুন** )<br>ঠিকানা: *[তলা ও কামরা নম্বর উল্লেখপূর্বক বিস্তারিত ঠিকানা লিখুন]*<br><br>সময় ও তারিখ: |
| ITT ৫২.৬ | দরপত্র মূল্যায়নের জন্য প্রযোজ্য অর্থনৈতিক উপাদান নিম্নরূপ হবেঃ<br>**(ক) <u>সরবরাহ ও কর্ম সম্পাদনের তফশীলের বিচ্যুতির জন্য সমন্বয়</u>**<br>"অধ্যায় ৬: চাহিদা তফসিল -এ নির্দিষ্ট সরবরাহ ও সম্পাদনের তফশীলের সময়ের মধ্যেই দরপত্রের আওতাভুক্ত পণ্য(সমূহ) সরবরাহ করতে হবে। আগাম সম্পাদনের জন্য কোনো সুবিধা প্রদান করা হবে না। যদি চুক্তি সম্পাদনের জন্য দরপত্রে বিলম্বিত সময়ে সম্পাদনের প্রস্তাব করা হয় তবে তা গ্রহণযোগ্য সময়সীমার মধ্যে গ্রহণ করা হবে। কিন্তু প্রতিদিন বিলম্বের জন্য দরপত্র মূল্যের *[শতকরা হার লিখুন]* শতাংশ হারে দরপত্র মূল্যের সঙ্গে যোগ করে সমন্বয়ের মাধ্যমে মূল্যায়ন করতে হবে। অধ্যায় ৬: চাহিদা তফসিল -এ নির্ধারিত তারিখের চেয়ে *[মেয়াদ নির্দিষ্ট করে দিন]* এর বেশি বিলম্বে সরবরাহের প্রস্তাব দেয়া হলে সেই দরপত্র বাতিল হবে।"<br>***[প্রযোজ্য না হলে বাদ দিন]***<br>**(খ) <u>গুরুত্বপূর্ণ প্রতিস্থাপনীয় অঙ্গ , অত্যাবশ্যক অতিরিক্ত যন্তাংশ এবং সেবার ব্যয়</u>**<br>কার্যক্রমের প্রাথমিক পর্যায়ে [মেয়াদ লিখুন] অতি ব্যবহৃত এবং উচ্চ মূল্যের কম্পোনেন্ট ও খুচরা যন্ত্রাংশের তালিকা **[নির্দিষ্ট করে লিখুন (অতিরিক্ত যন্ত্রাংশ, টুলস, গুরুত্বপূর্ণ সংযোজন, অনুমিত পরিমাণ)]** দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত খুচরা যন্ত্রাংশের একক মূল্য হতে এইসব আইটেম ও পরিমাণের খুচরা যন্ত্রাংশসমূহের মোট মূল্য হিসাব করতে হবে যা শুধু মূল্যায়নের জন্য দরপত্র মূল্যের সঙ্গে যোগ করতে হবে। |

| | |
|---|---|
| | *[প্রযোজ্য না হলে বাদ দিন]* |
| **ছ. চুক্তি সম্পাদন** | |
| **ITT ৬০.১** | চুক্তি সম্পাদনের সময় প্রতি আইটেমের পরিমাণ সর্বোচ্চ *[শতকরা হার লিখুন ]* শতাংশ বৃদ্ধি করা যেতে পারে।<br>চুক্তি সম্পাদনের সময় প্রতি আইটেমের পরিমাণ সর্বোচ্চ *[শতকরা হার লিখুন ]* শতাংশ হ্রাস করা যেতে পারে।<br>*[উভয় ক্ষেত্রেই সর্বোচ্চ ২০ শতাংশ হবে]* |
| **ITT ৬২.১** | কার্যসম্পাদন জামানত এর পরিমাণ চুক্তিমূল্যের দশ (১০) শতাংশ হবে। |
| **ITT ৬৩.৩** | চুক্তি সম্পাদিত হলে বাস্তবায়ন সমাপ্তির পর কৃতকার্য দরপত্রদাতার পরিশোধযোগ্য বিল থেকে দশ শতাংশ (১০) হারে নিরাপত্তা জামানত কর্তন করা হবে। |
| **ITT ৬৯.১** | ক্রয়কারী কর্তৃক প্রস্তাবিত অ্যাডজুডিকেটর হবেন *[নাম ও ঠিকানা লিখুন]*। তার ঘণ্টা প্রতি সম্মানী হবে *[টাকার পরিমাণ লিখুন ]* টাকা এবং পরিশোধযোগ্য ব্যায়ের পরিমাণ সর্বোচ্চ *[পরিশোধযোগ্য ব্যয়ের প্রকৃতি ও সীমা, যদি প্রযোজ্য হয়]* টাকা হবে।<br>অ্যাডজুডিকেটরের জীবন বৃত্তান্ত:<br>*[প্রযোজ্য তথ্য প্রদান করুন, যেমন শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স, জাতীয়তা, এবং বর্তমান পদবী; প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা সংযুক্ত করুন]* |

# অধ্যায় ৩. চুক্তির সাধারণ শর্তাবলি (GCC)

| | | |
|---|---|---|
| **১. সংজ্ঞা** | ১.১ | বিশেষ শর্তাবলি ও এই সাধারণ শর্তাবলি সমন্বয়ে গঠিত চুক্তির শর্তাবলীতে নিম্নোক্ত শব্দ ও অভিব্যক্তিসমূহ/উক্তিসমূহের এতদ্বারা অর্থ আরোপ করা হল। মোটা হরফের শব্দগুলি দ্বারা সংজ্ঞা নিরূপণে ব্যবহার করা হয়েছেঃ<br><br>(ক) **অ্যাডজুডিকেটর** একজন বিশেষজ্ঞ হবেন যাকে GCC এর উপ-অনুচ্ছেদ-৪২.২ অনুসারে কোন প্রকার বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে ক্রয়কারী এবং ঠিকাদার যৌথভাবে নিয়োগ দেবে;<br><br>(খ) **সম্পাদন তফশীল** অর্থ চুক্তির শর্তাবলি অনুসারে সরবরাহকারী কর্তৃক সংশ্লিষ্ট সেবাদান সম্পন্ন করা বোঝাবে;<br><br>(গ) **চুক্তিপত্র** অর্থ ক্রয়কারী ও সরবরাহকারীর মধ্যে চুক্তি পত্রের দলিল এবং এতে উল্লেখিত সকল সংযুক্তি, পরিশিষ্ট এবং সেখানে রেফার করা সকল দলিলাদি বুঝায়;<br><br>(ঘ) **চুক্তিপত্র দলিল** অর্থ যে কোনো সংশোধনীসহ চুক্তিপত্রে তালিকাভুক্ত দলিলপত্রাদি ;<br><br>(ঙ) **চুক্তি মূল্য** অর্থ চুক্তি পত্রে উল্লিখিত মূল্য এবং অতঃপর চুক্তির সংস্থান অনুযায়ী সমন্বয়কৃত মূল্য বোঝাবে। ;<br><br>(চ) **ব্যয়** অর্থ সরবরাহের স্থান বা তার বাইরে ঠিকাদারের সকল যৌক্তিকভাবে ব্যয়িত বা ব্যয়িতব্য খরচ বোঝাবে, যার মধ্যে ওভারহেড, কর, শুল্ক, ফিস, এরূপ লেভি এবং অনুরূপ আনুসঙ্গিক ব্যয়, ব্যাংক ও ইন্স্যুরেন্সের প্রিমিয়াম অন্তর্ভুক্ত থাকবে।<br><br>(ছ) **দিন** অর্থ পঞ্জিকা দিন/দিবস বোঝাবে, যদি না সুনির্দিষ্টভাবে কার্য দিবস বলা থাকে;<br><br>(জ) **সরবরাহ** অর্থ চুক্তিতে নিহিত শর্তাবলি অনুসারে সরবরাহকারী কর্তৃক পণ্যের মালিকানা ক্রয়কারীর কাছে হস্তান্তর করা বোঝাবে;<br><br>**(ঝ) দৈব দুর্ঘটনা (Force Majeure)** অর্থ সরবরাহকারীর নিয়ন্ত্রণ বহির্ভূত এমন কোন অদৃষ্টপূর্ব বা অনিবার্য ঘটনা বা পরিস্থিতি, যা তাদের অবহেলা বা অযত্নের কারণে উদ্ভূত হয় নাই; তবে এতেই সীমাবদ্ধ থাকবে না যেমনঃ-সরকার সার্বভৌম ক্ষমতা প্রয়োগের মাধ্যমে সম্পাদিত কোন কাজ, যুদ্ধ বা বিপ্লব, অগ্নিকান্ড, বন্যা, মহামারী, সংক্রামক রোগ, নিয়ন্ত্রণের জন্য আরোপিত বিধি নিষেধ, এবং মালামাল পরিবহনের ক্ষেত্রে আরোপিত বিধি নিষেধ, এবং মালামাল পরিবহণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা বা GCC অনুচ্ছেদ ৩৬ অনুযায়ী অন্যান্য বিষয় এতে অন্তর্ভুক্ত, তবে কেবল এগুলোর মধ্যেই সীমিত থাকবে না বা উপেক্ষা করা যায় না, এ ধরনের পরিস্থিতি অন্তর্ভুক্ত হতে পারে;<br><br>(ঞ) GCC অর্থ চুক্তির সাধারণ শর্তাবলি;<br><br>(ট) **পণ্য** অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল ও বায়বীয় আকারে দ্রব্য, বিদ্যুৎ এবং সংশ্লিষ্ট সেবা, যদি এর মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়।<br><br>(ঠ) **সরকার** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;<br><br>(ড) **ক্রয়কারী কার্যালয় প্রধান** অর্থ কোন মন্ত্রণালয় বা বিভাগের সচিব, সরকারি অধিদপ্তর বা পরিদপ্তরের প্রধান, বা প্রধান নির্বাহী; বা ক্ষেত্রমত, বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, জেলা জজ, বা পদনাম নির্বিশেষে কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশন অথবা কোম্পানী আইনের অধীন নিগমিত (incorporated) কোন সংস্থার প্রধান নির্বাহী;<br><br>(ঢ) **ক্রয়কারী** অর্থ সরকারি তহবিলের অর্থ দ্ধারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য |

| | |
|---|---|
| | প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসম্পন্ন ক্রয়কারী যার নাম PCC-তে উল্লেখ করা হয়েছে;<br>**(ণ) সংশ্লিষ্ট সেবা(সমূহ)** অর্থ চুক্তি অনুযায়ী পণ্য সরবরাহের চুক্তির সহিত সম্পর্কিত সেবা;<br>**(ত)** PCC অর্থ চুক্তির বিশেষ শর্তাবলি;<br>**(থ) সহ-ঠিকাদার** অর্থ যেকোনো স্বাভাবিক ব্যক্তি, সরকারি বা বেসরকারি সত্তা, অথবা তাদের সমন্বয়ের গঠিত সত্তা, যাকে সরবরাহকারী আংশিক পণ্য সরবরাহের জন্য বা আংশিক সংশ্লিষ্ট সেবা বাস্তবায়নের জন্য চুক্তির মাধ্যমে নিয়োগ করে;<br>**(দ) সরবরাহকারী** অর্থ আইনের অধীনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের উদ্দেশ্যে ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনকারী ব্যক্তি;<br>**(ধ) সাইট** অর্থ PCC -তে উল্লেখিত সরবরাহের স্থান;<br>**(ন) লিখিত** অর্থ যথাযথভাবে স্বাক্ষরযুক্ত হাতে লিখিত বা যন্ত্রদ্বারা মুদ্রিত কোন যোগযোগ এবং যথাযথভাবে প্রমাণীকৃত ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের বার্তাও এর অর্ন্তভুক্ত হবে; |
| **২. ব্যাখ্যা** | 2.1 GCC এর স্পষ্টীকরণ করতে এক বচন অর্থ বহুবচনও হবে, পুং লিঙ্গ অর্থে স্ত্রী লিঙ্গ বা ক্লিব লিঙ্গও বোঝাবে, এবং বিপরীত দিক থেকেও এরকম বোঝাবে। GCC এর শিরোনামসমূহকে এর অংশ বিবেচনা করা হবে না বা চুক্তির ব্যাখ্যা করতেও বিবেচনা করা হবে না। ভিন্নভাবে সংজ্ঞায়িত করা না হলে শব্দসমূহ ইংরেজী ভাষায় তার স্বাভাবিক অর্থ বোঝাবে। |
| | 2.2 **সম্পূর্ণ চুক্তিপত্র**<br>ক্রয়কারী এবং সরবরাহকারীর মাঝে চুক্তিটি সম্পূর্ণ চুক্তিপত্র গঠন করবে এবং GCC উপ-অনুচ্ছেদ ৭.১ (i ) এর অধীন দলিলপত্র ব্যতীত, সম্পূর্ণ চুক্তি স্বাক্ষরের তারিখের পূর্বে পক্ষদ্বয়ের মধ্যে কৃত সকল যোগাযোগ, নেগোসিয়েশন ও সমঝোতা (মৌখিক বা লিখিত) বাতিল বলে গণ্য হবে। |
| | 2.3 **সংশোধনী**<br>চুক্তির কোনরূপ সংশোধনী বা অন্য কোনো তারতম্য বৈধ হবে না যদি না লিখিত, তারিখ সম্বলিত, স্পষ্টভাবে চুক্তি উল্লেখ না করে ও এর প্রত্যেক পক্ষের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণের স্বাক্ষরকৃত না হয়। |
| | 2.4 **স্বত্বত্যগহীন**<br>(ক) GCC উপ-অনুচ্ছেদ-২.৪(বি) সাপেক্ষে, চুক্তির কোনো শর্ত পালনে কোনো পক্ষের শিথিলতা, বিরত থাকা, বিলম্ব, বা অস্বাভাকি আনুকুল্য অথবা এক পক্ষ আরেক পক্ষকে বর্ধিত সময় অনুমোদন করা ইত্যাদি চুক্তির অধীন সে পক্ষের অন্য কোন অধিকারের ক্ষতি, বাধাগ্রস্থ, প্রভাবিত, সীমিত করবে না; কোনো পক্ষ দ্বারা কোন বিষয়ে অব্যাহতি বা চুক্তির ভঙ্গ পরবর্তীতে অব্যাহত অব্যাহতি বা চুক্তিভঙ্গ হিসেবে বিবেচিত হবে না।<br>(খ) চুক্তির আওতায় পক্ষগণের অধিকার, ক্ষমতা বা প্রতিকারমূলক পদক্ষেপ সংক্রান্ত অব্যাহতি অবশ্যই হতে হবে লিখিত, তারিখ সম্বলিত ও ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক স্বাক্ষরকৃত এবং যে অধিকারের ক্ষেত্রে যে মাত্রায় অব্যাহতি দেয়া হচ্ছে তা নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। |
| | 2.5 **বিচ্ছিন্নতা/ছিন্নকরণ**<br>যদি চুক্তির কোনো সংস্থান বা শর্ত নিষিদ্ধ বা অকার্যকর বা অবলবৎযোগ্য হয়, তাহলে এই রহিতকরণ, অকার্যকরকরণ বা অবলবৎযোগ্য হওয়া চুক্তির অন্য কোনো সংস্থান বা শর্তের কার্যকারিতা বা প্রয়োগযোগ্যতার উপর কোনো প্রভাব ফেলবে না। |
| **৩. যোগাযোগ ও নোটিশ প্রদান** | 3.1 চুক্তি অনুসারে পক্ষগণের মধ্যে যোগাযোগ (এক পক্ষ কর্তৃক অন্য পক্ষকে নোটিশ, অনুরোধ বা সম্মতি বা অনুমতি প্রদান) হতে হবে লিখিতভাবে PCC তে উল্লেখিত ঠিকানা অনুসারে। |
| | 3.2 নোটিশ প্রদানের তারিখ বা নোটিশে বর্ণিত কার্যকর তারিখ, যেটি সর্বশেষ সে তারিখ নোটিশ কার্যকরের তারিখ হিসেবে গণ্য হবে। |

| | |
|---|---|
| | 3.3 এক পক্ষ অন্য পক্ষকে নোটিশ প্রদান করে নোটিশ প্রদানের ঠিকানা পরিবর্তন করতে পারে। |
| **৪. পরিচালন আইন** | 4.1 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের আইন অনুযায়ী চুক্তিটি নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে। |
| **৫. পরিচালন ভাষা** | 5.1 চুক্তি পত্রটি ইংরেজী ভাষায় লিখিত হবে। ক্রয়কারী ও সরবরাহকারীর মধ্যে চুক্তি সংক্রান্ত বিনিময়কৃত যোগাযোগ ও দলিলপত্র ইংরেজি বা বাংলা ভাষায় হতে পারে। চুক্তির সমর্থিত দলিলপত্র এবং চুক্তির অংশ ছাপানো বর্ণনা অন্য কোনো ভাষায় হতে পারবে, তবে, তার সঙ্গে সেগুলোর প্রাসঙ্গিক অনুচ্ছেদসমূহ ইংরেজি ভাষায় সঠিকভাবে অনুবাদ করে দিতে হবে এবং সে ক্ষেত্রে চুক্তির ব্যাখ্যায় এই অনুবাদ প্রাধান্য পাবে। |
| | 5.2 পরিচালন ও নিয়ন্ত্রণের ভাষায় অনুবাদের সকল খরচ এবং উক্ত অনুবাদের নির্ভুলতা বিষয়ে সকল ঝুঁকি সরবরাহকারী বহন করবে। |
| **৬. দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক ও জবরদস্তিমূলক কর্ম** | 6.1 প্রযোজ্য ক্ষেত্রে সরকার এবং উন্নয়ন সহযোগী প্রত্যাশা করে যে সরকার তহবিলের অধীন ক্রয় কার্যক্রম এবং চুক্তি বাস্তাবায়নের ক্ষেত্রে ক্রয়কারী এবং ঠিকাদার (তাদের প্রস্তুতকারী, সহ-ঠিকাদার, এজেন্ট, লোকজন, পরামর্শক এবং সেবাদাতাসহ) সকলেই সর্বোচ্চ নৈতিক মান বজায় রাখবে। |
| | 6.2 GCC উপ-অনুচ্ছেদ ৬.২ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচিত হবেঃ<br>(ক) **দুর্নীতিমূলক কর্ম** অর্থে ক্রয় প্রক্রিয়ায় বা চুক্তিসম্পাদনকালীন ক্রয়কারী কর্তৃক কোন কার্য, অনুসৃত আইন অথবা সিদ্ধান্ত বা পদ্ধতি গ্রহণে প্ররোচিত করার উদ্দেশ্যে, ক্রয়কারী বা অন্য কোন সরকারি বা বেসরকারি কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে উৎকোচ, চাকরি, মূল্যবান দ্রব্য বা সেবা বা আর্থিক সুবিধা প্রদানের কোন প্রস্তাব প্রদান বা প্রদানের অঙ্গীকার করা বা ক্রয়কারী কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক তা গ্রহণ বা চাওয়া বুঝাবে;<br>(খ) **প্রতারণামূলক কর্ম** অর্থে ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন সিদ্ধান্তকে প্রভাবিত করার জন্য কোন ব্যক্তি কর্তৃক কোন মিথ্যা বিবৃতি প্রদান বা অসাধুভাবে কোন তথ্য গোপন করা বুঝাবে;<br>(গ) **চক্রান্তমূলক কর্ম** অর্থে ক্রয়কারীর জ্ঞাত বা অজ্ঞাতসারে, প্রকৃত ও অবাধ প্রতিযোগিতার সুযোগ হতে ক্রয়কারীকে বঞ্চিত করে দরপত্র বা প্রস্তাব দাখিলের সংখ্যা ইচ্ছামত হ্রাস করা বা এর মাধ্যমে মূল্য কৃত্রিমভাবে প্রতিযোগিতামূলক নয় এমন পর্যায়ে রাখার উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে কোন চক্রান্ত বা যোগসাজশমূলক কার্য বুঝাবে;<br>(ঘ) **জবরদস্তিমূলক কর্ম** অর্থে ক্রয় কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণে বা চুক্তি বাস্তবায়ন প্রভাবিত করার উদ্দেশ্যে স্বাভাবিক দরপত্র দাখিলে বাধা সৃষ্টি করাসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তি বা তার সম্পত্তির ক্ষতিসাধন করা বা ক্ষতিসাধনের হুমকি প্রদান করা বুঝাবে;<br>(ঙ) **বাধাদানমূলক কর্ম** (উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে প্রযোজ্য) অর্থে তদন্তের সাক্ষ্য প্রমাণ ইচ্ছাপূর্বক নষ্ট করা, মিথ্যা প্রতিপন্ন করা, বদলে ফেলা বা লুকিয়ে ফেলা, অথবা তদন্তকারীর নিকট মিথ্যা বিবৃতি দেওয়া যাতে কোন দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক ও বাধাদানমূলক কার্যের অভিযোগের তদন্ত কার্যক্রম বাধাগ্রস্ত হয়; এবং/অথবা হুমকি দেয়া, হয়রাণী করা বা ভয়ভীতি প্রদর্শন করা যাতে কেউ তদন্তসংশ্লিষ্ট কোন তথ্য প্রকাশ না করে বা তদন্তকারী তদন্তকাজ না করেন। |

| | |
|---|---|
| | 6.3 যদি কোন ক্রয়কারী নির্ণয় করে যে সরবরাহকারী ক্রয় প্রতিযোগিতায় বা চুক্তি বাস্তবায়নে দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) কাজে জড়িত সে ক্ষেত্রে ক্রয়কারী সরবরাহকারীকে চৌদ্দ (১৪) দিনের নোটিশ প্রদান, সরবরাহকারীকে চুক্তির শর্তের আওতায় চুক্তি বাতিল করতে পারবে। এ ক্ষেত্রে GCC'র অনুচ্ছেদ-৪০ প্রযোজ্য হবে এবং উপ-অনুচ্ছেদ-৪০.১ অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে [স্বয়ংক্রিয়ভাবে বাতিল]। |
| | 6.4 যদি ক্রয়কারী বা উন্নয়ন সহযোগী নির্ণয় করে যে সরবরাহকারী দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বা উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে বাধাদানমূলক) কার্যে জড়িত, এ ক্ষেত্রে ক্রয়কারী এবং/অথবা উন্নয়ন সহযোগী;<br>(এ) উক্ত সরবরাহকারীকে সংশ্লিষ্ট কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করা হতে বিরত রাখবে; অথবা<br>(বি) উক্ত সরবরাহকারীকে স্বীয় বিবেচনায় ভবিষ্যতে অন্য কোন ক্রয় কার্যক্রমে, কোন নির্দিষ্ট মেয়াদ বা অনির্দিষ্ট মেয়াদের জন্য, অংশগ্রহণের অযোগ্য বলে ঘোষণা করবে।<br>6.5 সরবরাহকারী দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক কর্ম এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও উন্নয়ন সহযোগীর অর্থায়নকৃত চুক্তির ক্ষেত্রে উন্নয়ন সহযোগীর প্রকিউরমেন্ট গাইডলাইন সম্পর্কে অবহিত থাকবে।<br>6.6 সরবরাহকারী (তাদের উৎপাদনকারী, সহ-ঠিকাদার, এজেন্ট, সংশ্লিষ্ট কর্তকর্তা ও কর্মচারীগণ, পরামর্শক এবং সেবাপ্রদানকারী) সরকার এবং/অথবা উন্নয়ন সহযোগীকে সরবরাহকারীর অ্যাকাউন্ট ও অন্যান্য দলিলপত্র এবং ই-দরপত্র দাখিল ও চুক্তি সম্পাদন সংক্রান্ত সকল দলিলপত্র পরীক্ষা করার অনুমতি দিবে, এবং যদি প্রয়োজন হয় তাহলে সরকার এবং/অথবা উন্নয়ন সহযোগী কর্তৃক নিয়োগকৃত অডিটর দ্বারা অডিট করার অনুমতি দিবেন । |
| **৭. চুক্তি গঠনের দলিলপত্র ও দলিলপত্রের অগ্রাধিকার** | 7.1 চুক্তিতে সন্নিবেশিত নিম্নোক্ত দলিলপত্রসমূহ নিম্নের ক্রম অনুসারে অগ্রগণ্য হবে:<br>(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;<br>(খ) চুক্তি সম্পাদন নোটিশ (NOA);<br>(গ) সম্পন্নকৃত দরপত্র;<br>(ঘ) চুক্তির বিশেষ শর্তাবলি (PCC);<br>(ঙ) চুক্তির সাধারণ শর্তাবলি (GCC);<br>(চ) কারিগরি বিনির্দেশসমূহ;<br>(ছ) নকশা (Drawings);<br>(জ) মূল্য তফসিল এবং চাহিদা তফসিল ;<br>(ঝ) PCC এ বর্ণিত পত্র যোগাযোগসহ অন্যান্য দলিলপত্র যা চুক্তির অংশ হবে। |
| **৮. সরবরাহের ব্যাপ্তি** | 8.1 PCC অনুসারে যে সব পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে হবে তা অধ্যায় ৬: চাহিদা তফসিল এ সন্নিবেশিত করতে হবে। |
| | 8.2 চুক্তিতে ভিন্ন কিছু না থাকলে চুক্তির সরবরাহের পরিসরে নির্দিষ্টভাবে উল্লিখিত না থাকলেও সে সকল পণ্য অন্তর্ভুক্ত হবে যদি চুক্তি হতে অনুমিত হয় যে তা পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে প্রয়োজনীয়; ধরে নেয়া হবে এসব পণ্য চুক্তিপত্রে সুস্পষ্টভাবে অন্তর্ভুক্ত ছিল। |
| **৯. স্বত্বনিয়োগ (Assignment)** | 9.1 ক্রয়কারীর লিখিত পূর্ব অনুমোদন ছাড়া সরবরাহকারী চুক্তির অধীনে তার অধিকার বা বাধ্যবাধকতা সম্পূর্ণ বা আংশিকভাবে ন্যস্ত (assign) করতে পারবে না। |

| | | |
|---|---|---|
| **১০. উপযুক্ততা** | 10.1 | সরবরাহকারী এবং এর সহ ঠিকাদার PCC তে বর্ণিত দেশ ছাড়া যেকোন দেশের ব্যক্তি হতে পারবে। |
| | 10.2 | PCC তে নির্দিষ্ট করা দেশসমূহ ছাড়া চুক্তির অধীনে সরবরাহকৃত সকল পণ্য ও সংশ্লিষ্ট সেবার উৎস যেকোন দেশের হতে পারবে। |
| **১১. পারিতোষিক/ এজেন্সি ফী** | 11.1 | দরপত্র বা চুক্তিতে সংস্থান ছাড়া দরপত্র বা চুক্তিতে নেই এমন কোন ফী, আনুতোষিক, রিবেট উপহার, কমিশন বা অন্য কোন অর্থ পরিশোধ ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তাবায়নের জন্য প্রদান বা গ্রহণ করা যাবে না। |
| **১২. গোপনীয়তার বিববরণ** | 12.1 | ক্রয়কারীর লিখিত পূর্বানুমতি ছাড়া চুক্তি সম্পাদনের উদ্দেশ্য এবং দায়বদ্ধতাব্যতীত, এই চুক্তিপত্র বা এর কোনো সংস্থান, বা কোনো বিনির্দেশ, কর্ম পরিকল্পনা, নকশা (Drawing), ছক, নমুনা, বা ক্রয়কারীর দ্বারা প্রদত্ত বা তার পক্ষে দেয়া কোন তথ্য সরবরাহকারী প্রকাশ করতে পারবে না। চুক্তি সম্পাদনের স্বার্থে/সর্তকতার সাথে যতটা তথ্য প্রকাশ করা প্রয়োজন তা প্রকাশ করা যাবে। |
| | 12.2 | যদি ক্রয়কারীর প্রয়োজন হয়, তাহলে এই চুক্তিপত্র ছাড়া GCC অনুচ্ছেদ-১২.১ এ উল্লেখিত অন্যান্য দলিলপত্র ক্রয়কারীর সম্পদ হবে এবং চুক্তি অনুসারে সরবরাহকারীর চুক্তি সম্পাদন সম্পন্ন হবার পর সরবরাহকারী তা ক্রয়কারীর নিকট ফেরৎ দিবে। |
| **১৩. ট্রেডমার্ক, পেটেন্ট ও মেধাস্বত্ত অধিকার** | 13.1 | ক্রয়কৃত পণ্য ব্যবহারের ফলে মেধাস্বত্ব অধিকার ভঙ্গ হলে ক্রয়কারী দায়ী হবে না। কোনো তৃতীয় পক্ষ পেটেন্ট, ট্রেডমার্ক বা ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন অধিকার এর দাবির ক্ষেত্রে সরবরাহকারী ক্রয়কারীকে অবশ্যই ক্ষতিবহন প্রতিশ্রুতি ও দায়মুক্ত রাখবে এবং ট্রেডমার্ক আইন ২০০৯ এবং প্যাটেন্ট ও ডিজাইন আইন ১৯১১ লংঘন হবে না তা নিশ্চিত করবে। |
| **১৪. কপিরাইট** | 14.1 | সরবরাহকারী কর্তৃক ক্রয়কারীকে প্রদত্ত নকশা (Drawing), দলিলপত্র এবং অন্যান্য মালামালে অন্তর্ভুক্ত সকল তথ্য-উপাত্তের কপিরাইট সরবরাহকারীর অধীনস্ত থাকবে, অথবা, সেগুলো ক্রয়কারীকে সরাসরি প্রদান করা হলে বা মালামালে সরবরাহকারী সহ তৃতীয় পক্ষ সরবরাহকারীর মাধ্যমে প্রদান করলে তার কপিরাইট উক্ত তৃতীয় পক্ষের নিকট থাকবে। |
| **১৫. সহ ঠিকাদার** | 15.1 | দরপত্র দাখিল করার সময় সহচুক্তি ব্যবস্থা অন্তর্ভুক্ত করা না হলে চুক্তি বাস্তবায়নের সময় তা করা গ্রহণযোগ্য হবে না। |
| | 15.2 | পণ্যসমূহের যেকোনো অংশের জন্য সহচুক্তি করলেও সরবরাহকারী চুক্তি সম্পাদনের কোনো বাধ্যবাধকতা বা দায়বদ্ধতা থেকে অব্যাহতি পাবে না। |
| | 15.3 | চুক্তির সম্পূর্ণ দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর ন্যস্ত থাকবে এবং চুক্তির বাধ্যবধকতা সহ-ঠিকাদারের উপর ন্যস্ত করা যাবে না এবং কোনো অবাস্থাতেই চুক্তি সহ ঠিকাদারের উপর ন্যস্ত (assi gn) করা যাবে না। |
| | 15.4 | সহ-ঠিকাদারগণ GCC অনুচ্ছেদ-৬ এবং ১০ এর সংস্থান পরিপালন করবে। |
| **১৬. সরবরাহকারীর দায়-দায়িত্ব** | 16.1 | GCC অনুচ্ছেদ-৮ এবং সরবরাহ ও সম্পাদন তফসিল এর বর্ণনা ও ব্যাপ্তি অনুযায়ী সরবরাহকারী চুক্তিপত্র অনুসারে সকল পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করবে যা GCC অনুচ্ছেদ-২১ এবং ২৩ এ চুক্তিপত্রের সঙ্গে সামঞ্জস্য রেখে বর্ণনা করা হয়েছে। |
| **১৭. ক্রয়কারীর দায়-দায়িত্ব** | 17.1 | চুক্তিসম্পাদনের আবশ্যকতা অনুসারে সরবরাহকারীর স্থানীয় সরকারি কর্তৃপক্ষ হতে কোন অনুমতিপত্র (per mi t ), অনুমোদন (appr oval ) এবং অন্যান্য লাইসেন্স এর প্রয়োজন হলে সরবরাহকারী যাতে সময়মতো দ্রুততার সঙ্গে এসব প্রয়োজনীয়তা পূরণ করতে পারে |

| | |
|---|---|
| | সেজন্য ক্রয়কারী সরবরাহকারীকে সর্বোচ্চ সহযোগিতা প্রদান করবে। তবে, এসব অনুমতিপত্র এবং/অথবা লাইসেন্স ইত্যাদির ব্যয় সরবরাহকারী বহন করবে |
| | 17.2 চুক্তিপত্রের নির্দেশনা অনুসারে চুক্তির সংশ্লিষ্ট অনুচ্ছেদের অধীনে সরবরাহকৃত পণ্য ও সেবার জন্য ক্রয়কারী চুক্তিপত্রের সংস্থান অনুযায়ী নির্দিষ্ট সময়ে ও পদ্ধতিতে সরবরাহকারীকে মূল্য পরিশোধ করবে। |
| **১৮. পুনরাবৃত্ত (Change Order) বা অতিরিক্ত সরবরাহের আদেশ প্রদান।** | 18.1 GCC অনুচ্ছেদ ৩ অনুযায়ী, চুক্তির সাধারণ পরিসরের আওতায় নিম্নোক্ত এক বা একাধিক ক্ষেত্রে পরিবর্তন আনয়নের উদ্দেশ্যে, ক্রয়কারী সরবরাহকারীকে নোটিশ প্রদান করতে পারে:<br>(ক) ক্রয়কারীর জন্য চুক্তির অধীনস্থ বিশেষভাবে উৎপাদিত পণ্য কোথায় ডেলিভারি দেয়া হবে তার ড্রইং, ডিজাইন অথবা স্পেসিফিকেশন;<br>(খ) মোড়কজাতকরণ পদ্ধতি;<br>(গ) পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থান(সমূহ); এবং<br>(ঘ) সরবরাহকারী প্রদত্ত সংশ্লিষ্ট সেবাসমূহ। |
| | 18.2 ব্যতিক্রমি পরিস্থিতিতে, ইতোমধ্যে প্রতিযোগিতার ভিত্তিতে ক্রয় করা হয়েছে এরূপ পণ্য, ক্রয়কারী ওয়ারেন্টি মেয়াদের মধ্যে পুনরায় ক্রয়াদেশ বা অতিরিক্ত সরবরাহের আদেশ জারি করতে পারে, তবে শর্ত থাকে যে তখনও যাচাইয়ে পর পণ্যের মূল্য ক্রয়কারীর নিকট সবচেয়ে সুবিধাজনক হয়। |
| | ১৮.৩ GCC উপ-অনুচ্ছেদ ১৮.১ ও ১৮.২ অনুসারে সরবরাহকারী কোনো অবস্থাতেই পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ শুরু করবেন না, যতক্ষণ না অনুমোদনকারী কর্তৃপক্ষ বা প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী ধাপের উচ্চতরকর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। |
| **১৯. পুনরাবৃত্ত আদেশ প্রদান, অথবা অতিরিক্ত সরবরাহের আদেশ প্রদান** | ১৯.১ GCC উপ-অনুচ্ছেদ ১৮.১ অনুযায়ী পরিবর্তনের ফলে ব্যয় বা চুক্তির অধীন সরবরাহ সম্পাদনের সময়ের হ্রাস বা বৃদ্ধি পেলে চুক্তিমূল্য বা সরবরাহ সম্পাদন তফশীল বা প্রযোজ্য ক্ষেত্রে উভয়েরই ন্যায়সংগত সমন্বয় করতে হবে। |
| **২০. মোড়কজাতকরণ ও দলিলপত্র** | ২০.১ বিদ্যমান শিল্প মান ও চুক্তির নির্দেশনা অনুযায়ী সরবরাহকারী পণ্য এমনভাবে মোড়কজাতকরণ করবেন যাতে চূড়ান্ত সরবরাহের স্থান পর্যন্ত পরিবহনের সময় কোনো প্রকার ক্ষয়ক্ষতি বা মান-অবনতি না হয়। মোড়কজাতকরণ যথাযথ মানের হতে হবে যেন তা অসমভাবে নাড়াচাড়া, চরম আবহাওয়া, লবণাক্ততা, বৃষ্টি, ও উন্মুক্ত সংরক্ষণজনিত ক্ষতি সহনীয় হয়। মোড়কজাতকরণ খাঁচা/বাক্স হতে হবে সঠিক আকার ও ওজনের যাতে প্রযোজ্য ক্ষেত্রে দূরবর্তী গন্তব্যস্থলে পণ্য পৌঁছে দেয়া যায়। তবে ভারী ওজন স্থানান্তরের সুবিধাসম্পন্ন সরঞ্জাম সকল স্থানে না থাকার বিষয়টি বিবেচনায় রেখে মোড়কজাত করতে হবে। |
| | ২০.২ প্রযোজ্য ক্ষেত্রে PCC-এর নির্দিষ্ট অতিরিক্ত আবশ্যকতা সহ GCC উপ-অনুচ্ছেদ ২০.১ নির্দেশিত বিশেষ আবশ্যকতা এবং ক্রয়কারীর পরবর্তী নির্দেশ মোতাবেক মোড়কজাতকরণ, চিহ্নিতকরণ ও প্রামাণ্য তথ্য মোড়কের ভিতরে ও বাইরে সংযুক্ত করতে হবে। |
| | ২০.৩ বাহিরের মোড়কে, মোড়কের ভেতরের প্রকৃত উপকরণ সম্বলিত ''মোড়কজাতকৃত উপকরণের তালিকা'' লিখতে হবে। |
| **২১. সরবরাহ ও দলিলপত্র** | ২১.১ GCC অনুচ্ছেদ ১৮ অনুসারে এবং অধ্যায় ৬: চাহিদা তফসিল এর নির্দেশনা অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। যে সকল দলিল সরবরাহকারীকে দাখিল করতে হবে তা PCC তে উল্লেখ করতে হবে। |
| **২২. গ্রহণযোগ্যতা** | ২২.১ GCC অনুচ্ছেদ ২৯ ও ৩০ অনুযায়ী সরবরাহে কোনো ত্রুটি, পরিবহনের সময় ক্ষয়ক্ষতি বা সরবরাহ সম্পাদনের কোন নির্ণায়ক পালনে ব্যর্থতা চিহ্নিত ও তার প্রতিবেদন সরবরাহকারীকে না প্রদান করা হলে, ক্রয়কারী চূড়ান্ত গন্তব্যে পণ্য গ্রহণ করার পরবর্তী চৌদ্দ (১৪) কর্ম দিবসের মধ্যে গ্রহণ-সনদ তৈরি করবে। এক্ষেত্রে চুক্তির যে অংশের |

| | |
|---|---|
| | সরবরাহ গ্রহণযোগ্য হয়েছে কেবল সে অংশের জন্য গ্রহণ-সনদ জারি করা হবে। অবশিষ্ট সরবরাহ GCC অনুচ্ছেদ ২০ ও ৩০ অনুসারে সরবরাহকারী ক্রটি এবং/বা অসংগিত সংশোধন করার পরই কেবল গ্রহণ-সনদ জারি করা হবে। । |
| | ২২.২ ক্রয়কারী যৌক্তিক বিবেচনা করলে, কারিগরি পরিদর্শন এবং গ্রহণ কমিটি (TI AC) গঠন করবে। এ কমিটি পণ্যের সরবরাহ গ্রহণের চব্বিশ (২৪) ঘণ্টার মধ্যে পরিদর্শন ও গ্রহণ-সনদ প্রদানের প্রক্রিয়া শুরু করে যত তাড়াতাড়ি সম্ভব তা শেষ করবে। |
| **২৩. চুক্তিমূল্য** | ২৩.১ চুক্তিমূল্য PCC এ উল্লেখ অনুযায়ী হবে এবং চুক্তির সংস্থান অনুযায়ী যেকোনো সংযোজন ও সমন্বয় বা বিয়োজোন সাপেক্ষে চুক্তিমূল্য নির্ধারিত হবে। |
| | ২৩.২ চুক্তির অধীনে সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য ধার্যকৃত মূল্য GCC উপ-অনুচ্ছেদ ২৩.১ এ বর্ণিত মূল্য থেকে ভিন্ন হবে না, তবে GCC অনুচ্ছেদ ১৮ অনুসারে ভেরিয়েশন, বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ বা অতিরিক্ত সরবরাহের ক্রয়াদেশ দিলে উক্ত মূল্য পরিবর্তন হতে পারে। |
| **২৪. পরিবহন** | 24.1 চুক্তির অধীনে সবরাহকারীকে অধ্যায় ৬ঃ চাহিদা তফসিল এ উল্লেখিত স্থান যা সাইট হিসেবে সংজ্ঞায়িত সেখানে পণ্য পরিবহন করে নিতে হবে। এক্ষেত্রে বীমা, অন্যান্য আনুষাঙ্গিক ব্যয়, এবং অস্থায়ী গুদামজাতকরণের ব্যয় থাকলে, তা সরবরাহকারীকে বহন করতে হবে। |
| **২৫. মূল্য পরিশোধের শর্তাবলী** | 25.1 প্রযোজ্য হলে প্রদত্ত অগ্রিম অর্থ সহ চুক্তিমূল্য PCC এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। |
| | 25.2 সরবরাহকারীকে মূল্য পরিশোধের জন্য ক্রয়কারী বরাবর লিখিত অনুরোধ জানাতে হবে। এর সঙ্গে সুনির্দিষ্ট সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা প্রদানের সুনির্দিষ্ট বিবরণসহ চালান, GCC অনুচ্ছেদ ২১ ও ২২ এ উল্লেখিত দলিলপত্র এবং চুক্তিপত্রে উল্লেখিত অন্যান্য বাধ্যবাধকতা সম্পন্ন করার দলিলপত্র দাখিল করতে হবে। |
| | 25.3 পণ্যের সরবরাহ নিশ্চিত হবার পর ক্রয়কারী কর্তৃক যতদ্রুত সম্ভব অর্থ পরিশোধ করবে কিন্তু কোনক্রমেই সরবরাহকারীর চালান বা মূল্য পরিশোধের অনুরোধ গ্রহণ করার পর PCC তে উল্লেখিত সময়ের পরে নয়। |
| | 25.4 সরবরাহকারীর প্রাপ্য অর্থ বাংলাদেশি টাকায় পরিশোধ করতে হবে। |
| | 25.5 GCC উপ-অনুচ্ছেদ-২৫.৩ অনুযায়ী যদি ক্রয়কারী নির্ধারিত সংশ্লিষ্ট তারিখের মধ্যে সরবরাহকারীর কোন পাওনা পরিশোধ করতে ব্যর্থ হয়, তবে ক্রয়কারী PCC তে উল্লেখিত হারে পাওনা পূর্ণ পরিশোধের প্রকৃত তারিখ পর্যন্ত বিলম্বের জন্য সরবরাহকারীকে তার পাওনা টাকার উপর প্রযোজ্য সুদ প্রদান করবে। |
| **২৬. বীমা** | 26.1 চুক্তির অধীনে সরবরাহকারীকে সরবরাহের জন্য নির্দিষ্টকৃত পণ্যের পূর্ণ বীমা করতে হবে। পণ্য উৎপাদন বা প্রস্তুতকরণ, ক্রয়, পরিবহন, গুদামজাতকরণ এবং সরবরাহ ক্রয়কারী কর্তৃক পণ্য গ্রহণ পর্যন্ত ক্ষয়ক্ষতি বীমায় অন্তর্ভুক্ত থাকবে। |
| **২৭. কর ও শুল্ক** | 27.1 বাংলাদেশের ভেতরে বা বাইরে প্রযোজ্য সব ধরনের কর, কাস্টম শুল্ক, ভ্যাট এবং অন্যান্য লেভি পরিশোধের সম্পূর্ণ দায়দায়িত্ব সরবরাহকারীর । |
| **২৮. কার্য সম্পাদন জামানত** | 28.1 কার্য সম্পাদন জামানত ইসুকারী ব্যাংকের বিপরীতে কোন দাবীর বিষয়ে ক্রয়কারী তা সরবরাহকারীকে নোটিশের মাধ্যমে অবগত করবে। |
| | 28.2 যদি চৌদ্দ (১৪) দিন বা তার বেশি সময় ধরে নিচের কোনো ঘটনা ঘটে, ক্রয়কারী তার বিপরীতে জামানত দাবি করতে পারে:<br>(ক) সরবরাহকারী চুক্তির শর্ত ভঙ্গ করেছে এবং এ বিষয়ে ক্রয়কারী সরবরাহকারীকে যথাযথভাবে নোটিশ প্রদান করেছে; এবং |

| | |
|---|---|
| | (খ) সরবরাহকারী ক্রয়কারীকে প্রদেয় পাওনা পরিশোধ করেনি এবং ক্রয়কারী এ বিষয়ে সরবরাহকারীকে যথাযথভাবে নোটিশ দিয়েছে। |
| | 28.3 GCC উপ-অনুচ্ছেদ-২৮.২ এ বর্ণিত পরিস্থিতিতে চুক্তির অধীনে কার্য সম্পাদন জামানতের সম্পূর্ণ অর্থ বা তার অধিক পরিমাণ অর্থ ক্রয়কারীকে ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে সরবরাহকারী বাধ্য থাকবে। সেক্ষেত্রে ক্রয়কারী নিরাপত্তা জামানতের পূর্ণ অর্থ নগদায়ন করতে পারবে। |
| | 28.4 কার্য সম্পাদন জামানত নগদায়ন করার কোনো কারণ না ঘটলে, GCC অনুচ্ছেদ ৩১ অনুযায়ী সরবরাহ সম্পাদন, গ্রহণ-সনদ প্রদান এবং ওয়ারেন্টি মেয়াদ শেষ হবার পরবর্তী সর্বোচ্চ আঠাশ (২৮) দিনের মধ্যে ক্রয়কারী সরবরাহকারীকে জামানতের অর্থ ফেরত দেবে। এই চুক্তির অধীনে ক্রয়কারীর প্রাপ্য অর্থ ছাড়া ক্রয়কারী জামানত থেকে কোনোকিছু দাবি করতে পারবে না। |
| | 28.5 GCC অনুচ্ছেদ-৩১ অনুসারে ওয়ারেন্টি মেয়াদ শেষ হবার পরেই কেবল কার্য সম্পাদন জামানত ফেরত দেয়া যাবে, এই শর্তে যে সরবরাহকৃত পণ্যের প্রকাশ্য ও সুপ্ত কোনোরকম ত্রুটি নেই এবং চুক্তির সকল শর্ত সম্পূর্ণ পূরণ হয়েছে।<br>(ক) প্রকাশ্য ত্রুটি অর্থ ক্রেতার কাছে সাধারণ চোখে ধরা পড়া দৃশ্যমান ত্রুটি। একে আপাত বা সুস্পষ্ট ত্রুটিও বলা যায়।<br>(i) যেমন, যে বলপেন লেখে না সেটা প্রকাশ্য ত্রুটিযুক্ত।<br>(খ) সুপ্ত ত্রুটি অর্থ সাধারণ দৃষ্টিতে যা ক্রেতার চোখে দৃশ্যমান নয়। সুপ্ত ত্রুটি ''অদৃশ্য'' অথবা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করা যায় না।<br>(ii) যেমন, যে বলপেন দিয়ে ১.৫ কিলোমিটার লিখতে পারার কথা, তা দিয়ে যদি ০.৭৫ কিলোমিটার মাত্র লেখা যায়, তাহলে সেটাতে সুপ্ত ত্রুটি আছে বলে প্রতিয়মান হয়। |
| | 28.6 পণ্যের ত্রুটি সম্পর্কে সরবরাহকারীকে অবগত করার পর GCC উপ-অনুচ্ছেদ-৩১.৭ অনুসারে নির্ধারিত সময়কালের মধ্যে সরবরাহকারী ত্রুটি সংশোধন না করলে, ক্রয়কারী চুক্তি ও আইনী অধিকারের বলে জামানত নগদায়ন করবে। |
| **২৯. কারিগরি বিনির্দেশ ও মান** | 29.1 এই চুক্তির অধীন সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা অধ্যায় ৭ এর কারিগরি বিনির্দেশ এবং প্রযোজ্য ক্ষেত্রে অধ্যায় ৮ এর নকশা (Drawing) বিনির্দেশ অনুযায়ী হতে হবে। |
| | 29.2 যদি সুনির্দিষ্ট মান নির্ধারণ করা না থাকে, উক্ত পণ্যের জন্য যথাযথ পণ্য উৎপাদনকারী দেশের নির্ভরযোগ্য মানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে। এই ধরনের মান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সর্বশেষ সংস্করণের হবে। |
| | 29.3 GCC অনুচ্ছেদ ১৮ সাপেক্ষে ক্রয়কারী বা তাদের পক্ষে প্রস্তুতকৃত ও সরবরাহকৃত ডিজাইন, উপাত্ত, নকশা (Drawing), বিনির্দেশ বা অন্যান্য দলিল, অথবা সংশোধনীর দায় স্বীকার না করার অধিকার সরবরাহকারীর থাকবে এবং সরবরাহকারী তা লিখিতভাবে ক্রয়কারীকে জানাবে। |
| | 29.4 যখন কোন চুক্তিতে সরবরাহ সম্পাদন সংক্রান্ত কোড ও মান এর উল্লেখ থাকে তার সংস্করণ বা সংশোধিত সংস্করণ হবে উক্ত পণ্যের কারিগরি বিনির্দেশে বর্নিত কোড ও মান। চুক্তি বাস্তবায়নের সময়, কোনো কোড ও মানের কোনো ধরনের পরিবর্তন কেবলমাত্র ক্রয়কারীর অনুমোদনের পর তা প্রয়োগ করতে হবে এবং এক্ষেত্রে GCC অনুচ্ছেদ ১৮ বিবেচনায় নিতে হবে। |
| **৩০. পরিদর্শন ও পরীক্ষা** | 30.1 চুক্তিতে বর্ণিত বিনির্দেশের সঙ্গে সংগতি নিশ্চিত করতে ক্রয়কারী পণ্যের মান পরীক্ষা করার অধিকার রয়েছে। ক্রয়কারী কী ধরনের পরীক্ষা করবে এবং কোথায় করবে তা PCC এবং কারিগরি বিনির্দেশে উল্লেখ রয়েছে। চুক্তির নির্দেশনা অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবার মান |

| | |
|---|---|
| | পরীক্ষা সরবরাহকারী নিজ খরচে বহন করবে এবং ক্রয়কারীর উপর কোন ব্যয় বর্তাবে না। |
| | 30.2 সরবরাহকারী পণ্যের মান পরীক্ষার ফলাফলের প্রতিবেদন ক্রয়কারীর নিকট পেরণ করবে। |
| | 30.3 ক্রয়কারী সম্পূর্ণ নিজ খরচ পণ্যের মান পরিদর্শন করতে বহিস্থ এজেন্ট নিয়োগ করতে পারবে। |
| | 30.4 ক্রয়কারী বা তার প্রতিনিধি GCC অনুচ্ছেদ-৩০.১ অনুসারে পরীক্ষায় উপস্থিত থাকতে এবং/অথবা পরিদর্শন করতে পারবে তবে এর যাবতীয় অর্থ ও ব্যয় ক্রয়কারী বহন করবে। |
| | 30.5 সরবরাহকারী যখন এ ধরনের পরীক্ষা ও পরিদর্শনের জন্য প্রস্তুত হবে তখন যৌক্তিভাবে সময় ও স্থান জানিয়ে ক্রয়কারীকে যুক্তিযুক্ত সময় পূর্বে আগাম নোটিশ প্রেরণ করবে। ক্রয়কারী বা প্রতিনিধি যাতে পরীক্ষা এবং/অথবা পরিদর্শন করতে পারে, সেজন্য সরবরাহকারী প্রয়োজনীয় সংশ্লিষ্ট তৃতীয় পক্ষ বা প্রস্তুতকারীর অনুমতি বা সম্মতি গ্রহণ করবে। |
| | 30.6 চুক্তি অনুযায়ী আবশ্যক না হলেও, চুক্তির অধীন কারিগরি বিনির্দেশ, কোড এবং মান অনুসারে পণ্যের বৈশিষ্ট্য এবং সম্পাদন যাচাই করার জন্য প্রয়োজনীয় পরীক্ষা এবং/অথবা পরিদর্শন করার জন্য ক্রয়কারী সরবরাহকারীকে বলতে পারবে। তবে, এ ধরনের পরীক্ষা ও পরিদর্শন কার্যক্রমের ব্যয় চুক্তিমূল্যে সংযোজন করতে হবে । এছাড়া, যদি এই ধরনের পরীক্ষা এবং/অথবা পরিদর্শন প্রস্তুতকরণ এবং/অথবা চুক্তি সম্পাদন এর অগ্রগতি বা সরবরাহকারীর বাধ্যবাধকতা পালনে বাধাগ্রস্ত করে, তাহলে সরবরাহ ও চুক্তি সম্পাদন তফশীলের এবং অন্য বাধ্যবাধকতার বিষয়ে সরবরাহকারীকে যথাযথ ছাড় দিতে হবে। |
| | 30.7 যে সমস্ত পণ্য পরীক্ষা এবং/অথবা পরিদর্শনে উত্তীর্ণ হতে ব্যর্থ হবে বা বিনির্দেশের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে না ক্রয়কারী সে সব পণ্য বা তার অংশবিশেষের সরবরাহ বাতিল করতে পারবে। ক্রয়কারীর কোন ব্যয় নির্বাহ ব্যতিরেকে সরবরাহকারী বাতিলকৃত পণ্য বা তার অংশবিশেষ চুক্তি অনুযায়ী সংশোধন, প্রতিস্থাপন, পরিবর্তন করবে এবং ক্রয়কারীর কোন ব্যয় নির্বাহ ব্যতিরেকে GCC উপ-অনুচ্ছেদ ৩০.৫ অনুসারে নোটিশ প্রদান করতঃ সরবরাহকারী পুনরায় পরীক্ষা এবং/অথবা পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। |
| | 30.8 সরবরাহকারী সম্মতি প্রদান করছে যে পণ্য বা পণ্যের অংশবিশেষ পরীক্ষা এবং/অথবা পরিদর্শন কার্যক্রমের বাস্তবায়ন, এই কার্যক্রমে ক্রয়কারী বা দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতি, বা GCC উপ-অনুচ্ছেদ ৩০.২ অনুসারে প্রতিবেদন জারির কারণে সরবরাহকারীর চুক্তি অনুযায়ী ওয়ারেন্টি বা অন্যান্য বাধ্যবাধকতার দায় থেকে মুক্ত হবে না। |
| **৩১. ওয়ারেন্টি** | ৩১.১ সরবরাহকারী নিশ্চয়তা প্রদান করছে যে GCC অনুচ্ছেদ ১৮ অনুসারে নকশা এবং/অথবা মালামাল বিষয়ে ক্রয়কারীর অন্য কোন নির্দেশনা না থাকলে, সরবরাহকৃত সকল পণ্য নতুন, অব্যবহৃত, সবচেয়ে সাম্প্রতিক মডেল, ডিজাইন ও উপকরণে প্রস্তুতকৃত হবে। |
| | ৩১.২ সরবরাহকারী আরও নিশ্চয়তা বিধান করছে যে, বাংলাদেশের বিদ্যমান অবস্থায় স্বাভাবিক ব্যবহারের ফলে নকশা, মালামাল, বা কারিগরের নৈপুণ্য বা সরবরাহকারীর কোন কার্য বা কোন কিছু বাদ দেয়ার কারণে এই চুক্তির আওতায় সরবরাহকৃত পণ্যের কোন ত্রুটি থাকবে না। |
| | ৩১.৩ সরবরাহকারী, উৎপাদক, বা পরিবেশক কর্তৃক পণ্যের উৎপাদনকালীন ত্রুটি সংশোধনের নিশ্চয়তা বিধানের জন্য সরবরাহকারীকে কর্ম সম্পাদন সম্পন্ন হবার পরবর্তী কমপক্ষে তিন (৩) মাস এবং সরঞ্জামাদির ক্ষেত্রে এক (১) বছর বা PCC নির্দেশিত সময় পর্যন্ত ওয়ারেন্টি দিতে হবে। |
| | ৩১.৪ সরবরাহকারী কর্তৃক সরবরাহ সম্পাদন হবার পর সরবরাহ চালান দাখিলকরণের মাধ্যমে সরবরাহ প্রদান ও ক্রয়কারী কর্তৃক সরবরাহ চালানের গ্রহণ-সনদ প্রদানের দিন থেকে ওয়ারেন্টির মেয়াদ শুরু হবে। |
| | 31.5 বিভিন্ন আইটেম ও লটের ওয়ারেন্টি মেয়াদ ভিন্ন ভিন্ন হতে পারে। আগে সরবরাহকৃত পণ্যের |

| | | |
|---|---|---|
| | | ওয়ারেন্টি মেয়াদ পরে সরবরাহকৃত পণ্যের ওয়ারেন্টি মেয়াদের আগেই শেষ হবে। |
| | 31.6 | এই ওয়ারেন্টির আওতায় কোনো দাবি করতে হলে ক্রয়কারী দ্রুততম সময়ে সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করবে। |
| | 31.7 | এ ধরনের নোটিশ পাবার পর PCC এ নির্দেশিত সময়ের মধ্যে দ্রুততার সঙ্গে ক্রয়কারীর কোন ব্যয় নির্বাহ ব্যতিরেকে সরবরাহকারী সংশ্লিষ্ট পণ্য বা তার অংশ বিশেষ মেরামত বা বদল করে দেবেন। |
| **৩২. সরবরাহ ও সম্পাদনের তফশীল এর বৃদ্ধি** | 32.1 | চুক্তির নির্দেশনা অনুসারে ক্রয়কারী কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যেই অবশ্যই সরবরাহকারীকে পণ্য সরবরাহ বা ক্রয়কৃত পণ্যের সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। |
| | 32.2 | যদি GCC অনুচ্ছেদ ২১ এ উল্লেখিত সময়ের মধ্যে পণ্য সরবরাহ ও সংশ্লিষ্ট সেবা প্রদান সম্পন্ন করতে সরবরাহকারী বা তার সহঠিকাদার কোন বাধার সম্মুখিন হয়, তাহলে সরবরাহকারী সত্বর তা লিখিতভাবে ক্রয়কারীকে জানাবে। এক্ষেত্রে কারণসমূহ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং প্রত্যাশিত বিলম্বিত সময় উল্লেখ করতে হবে। ক্রয়কারী নির্ধারণ করবে সময় বাড়ানো হবে কি না অথবা বাড়ানো হলে কতটা সময় বাড়ানো হবে। সবক্ষেত্রে মূল সরবরাহের তারিখ শেষ হওয়ার পূর্বেই সময় বর্ধিত করার জন্য অনুরোধ করতে হব। |
| | ৩২.৩ | ক্রয়কারী সরবরাহকারীর নোটিশ প্রাপ্তির একুশ (২১) দিনের মধ্যে পরিস্থিতি মূল্যায়ন করবে এবং বিলম্বজনিত ক্ষতিপূরণ ছাড়া (LD) যৌক্তিক কারণ থাকলে সময় বর্ধিত করতে পারে। |
| | 32.4 | ক্রয়কারী মূল চুক্তি-মেয়াদের সর্বোচ্চ বিশ (২০%) শতাংশ সময় বর্ধিত করতে পারে এবং বিশ শতাংশের বেশি সময় বর্ধিত করতে হলে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হবে। এক্ষেত্রে GCC অনুচ্ছেদ ৪১ অনুসারে সময় বর্ধিতকরণ চুক্তি সংশোধন করে উভয়পক্ষ স্বাক্ষর করবে। |
| | 32.5 | যদি GCC অনুচ্ছেদ-৩২ অনুসারে সরবরাহ ও চুক্তি সম্পাদনের সময় বর্ধিতকরণের সম্মতি দেয়া না হয়, তাহলে GCC অনুচ্ছেদ ৩৬ অনুসারে দৈব দুর্ঘটনার (Force Majeure) ক্ষেত্র ব্যতীত, সরবরাহসহ কার্যসম্পাদন বিলম্বের জন্য GCC অনুচ্ছেদ ৩৩ অনুসারে সরবরাহকারীকে বিলম্বজনিত ক্ষতিপূরণ দিতে হবে। |
| **৩৩. বিলম্বজনিত ক্ষতিপূরণ (Liquidated Damage-LD)** | 33.1 | GCC উপ-অনুচ্ছেদ-৩৭ এর শর্তাবলীর ক্ষেত্র ব্যতীত, যদি সরবরাহকারী চুক্তির সময়সীমার মধ্যে বা বর্ধিত সময়সীমার মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হন, তাহলে ক্রয়কারী চুক্তিমূল্য হতে প্রতিদিন বিলম্বের জন্য PCC নির্দেশনা অনুসারে অসরবরাহকৃত পণ্য বা চুক্তির সময়সীমার মধ্যে বা বর্ধিত সময়সীমার পর সরবরাহকৃত বা আংশিক সরবরাহকৃত পণ্যের চুক্তি মূল্যের শতকরা হারে বিলম্বজনিত ক্ষতিপূরণ কর্তন করবে। ক্ষতিপূরণের মোট পরিমাণ PCC নির্ধারিত পরিমাণের বেশি হবে না। সরবরাহকারীর পাওনা অর্থ থেকে কর্তন করে ক্রয়কারী এই বিলম্বজনিত ক্ষতিপূরণ আদায় করতে পারবে। ক্ষতিপূরণ প্রদানের কারণে সরবরাহকারী তার দায়-দায়িত্ব থেকে অব্যাহতি পাবে না। |
| **৩৪. দায়ের সীমাবদ্ধতা** | 34.1 | অপরাধমূলক অবহেলা বা ইচ্ছাকৃত অসদাচরণ এর ক্ষেত্র ব্যতীত,<br>(ক) চুক্তি বা টর্ট (tort) বা অন্যভাবে কোনো পরোক্ষ বা ফলস্বরূপ ক্ষতি বা ব্যবহারজনিত ক্ষতি, উৎপাদনজনিত ক্ষতি, বা লাভ বা সুদের ক্ষতির ক্ষেত্রে সরবরাহকারী ক্রয়কারীর নিকট দায়ী থাকবে না; তবে তা বিলম্বজনিত ক্ষতিপূরণ পরিশোধে সরবরাহকারীর বাধ্যবাধকতার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।<br>(খ) চুক্তি বা টর্ট বা অন্যভাবে ক্রয়কারীর নিকট সরবরাহকারীর সর্বমোট দায় চুক্তিমূল্যের বেশী হবে না, তবে এই সীমাবদ্ধতা ক্রটিপূর্ণ পণ্য মেরামত বা বদলে দেয়ার ব্যয়ের ক্ষেত্রে প্রয়োগ হবে না, অথবা পেটেন্ট ভঙ্গের ক্ষেত্রে সরবরাহকারী কর্তৃক ক্রয়কারীকে প্রদেয় ক্ষতিপূরণ দানের ক্ষেত্রে প্রয়োগ হবে না। |
| **৩৫. আইনী পরিবর্তনের** | 35.1 | চুক্তিতে অন্য কিছু না থাকলে, চুক্তি স্বাক্ষরের পরে যদি বাংলাদেশের কোনো আইন, বিধি, |

| | |
|---|---|
| **জন্য সামঞ্জস্যবিধান (Change in legislation)** | অধ্যাদেশ, আদেশ বা আইনের মত জোরালো উপ-আইন বলবৎ, ঘোষণা, রহিতকরণ বা পরিবর্তনের (ব্যাখ্যা বা প্রয়োগের জন্য যে সকল পরিবর্তন অন্তর্ভুক্ত করা প্রয়োজন বলে যথাযোগ্য কর্তৃপক্ষ মনে করবেন) ফলে চুক্তিতে উল্লেখিত পণ্য সরবরাহের তারিখ এবং/অথবা চুক্তিমূল্যে প্রভাব ফেলে, তাহলে সরবরাহ তারিখ এবং/অথবা চুক্তিমূল্য যতটুকু প্রভাবিত ততটুকু বৃদ্ধি বা হ্রাস করতে হবে। তবে, পূর্বে যেটাই বলা হোক না কেন, GCC অনুচ্ছেদ ২৩ অনুসারে চুক্তিমূল্য সমন্বয় করা হলে, এ ধরনের বর্ধিত বা হ্রাসকৃত মূল্য আলাদা করে প্রদেয় হবে না। |
| **৩৬. দৈব দুর্ঘটনা** (Force Majeure) | 36.1 নিম্নরূপ ব্যতিক্রমি ঘটনা বা বিশেষ পরিস্থিতি দৈব দুর্ঘটনা হিসেবে গণ্য হবে তবে শুধু এতেই সীমাবদ্ধ থাকবে না:<br>(i) যুদ্ধ, সহিংসতা (যুদ্ধ ঘোষিত হোক বা না হোক), আগ্রাসন, বিদেশি শত্রুদের কর্মকাণ্ড;<br>(ii) সরবরাহকারীর কর্মকর্তা ও কর্মচারী ছাড়া অপর কারো বিদ্রোহ, সন্ত্রাস, সহিংসতা, বিপ্লব, সেনা অভ্যুত্থান, অগণতান্ত্রিক ক্ষমতা দখল, অথবা গৃহযুদ্ধ;<br>(iii) সরবরাহকারীর কর্মকর্তা ও কর্মচারীগণের ছাড়া বাইরের অপরাপর ব্যক্তিদের হাঙ্গামা, আন্দোলন, বিশৃঙ্খলা, হরতাল, লক-আউট ;<br>(iv) ঠিকাদারের ব্যবহার্য গোলাবারুদ, বিস্ফোরক, তেজস্ক্রিয় বিকিরণ ব্যতীত যুদ্ধের গোলাবারুদ, বিস্ফোরক দ্রব্য, আয়োনজনিত বিকিরণ বা তেজস্ক্রিয়তা দ্বারা দুষিতকরণ, এবং<br>(v) প্রকৃতিক দুর্যোগ, যথা, সাইক্লোন, হারিকেন, টাইফুন, সুনামি, ঝড়-জলোচ্ছাস, বন্যা, ভূমিকম্প, ভূমিধ্বস, অগ্নিকাণ্ড, মহামারী, রোগ সংক্রমণের প্রসার বন্ধে গৃহীত পদক্ষেপ অথবা আগ্নেয়গিরি উদগীরণের ঘটনা;<br>(vi) ভাড়ায় বাণিজ্য জাহাজ চলাচলের রাষ্ট্রীয় নিষেধাজ্ঞা;<br>(vii) সরকারের সার্বভৌম ক্ষমতায় কৃত কার্য। |
| | 36.2 ক্রয়কারী কার্যালয় প্রধান দৈব দুর্ঘটনার অস্তিত্বের বিষয়ে প্রমানিকভাবে তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত নিবেন এবং সে প্রেক্ষিতে GCC উপঅনুচ্ছেদ ৩৯.২ অনুসারে ক্রয়কারী দৈব দুর্ঘটনার জন্য সরবরাহ আদেশ স্থগিত করতে পারবেন। |
| **৩৭. দৈব দুর্ঘটনার নোটিশ** | 37.1 দৈব দুর্ঘটনার কারণে যদি কোনো পক্ষ চুক্তির মূল বাধ্যবাধতা পালন বাধাগ্রস্ত হয় বা হবে, তাহলে এ ব্যাপারে অবহিত হবার চৌদ্দ (১৪) দিনের মধ্যে অপর পক্ষকে সংশ্লিষ্ট ঘটনা বা পরিস্থিতি যা দৈব দুর্ঘটনা সৃষ্টি হবে সে সম্পর্কে নোটিশ প্রদান করবে, এবং সে ক্ষেত্রে বাধ্যবাধকতা পালন বাধাগ্রস্ত হচ্ছে বা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।<br>37.2 এ অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন, চুক্তিমূল্য পরিশোধে দৈব দুর্ঘটনা প্রযোজ্য হবে না এবং এ ক্ষেত্রে কোন পক্ষের ওপর দায় বর্তাবে না। |
| **৩৮. বিলম্ব হ্রাসে করণীয়** | 38.1 চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনে দৈব দুর্ঘটনা জনিত বিলম্ব কমানোর জন্য প্রত্যেক পক্ষই সর্বদা যুক্তিসঙ্গত প্রচেষ্টা চালাবে। |
| | 38.2 দৈব দুর্ঘটনার প্রভাব বন্ধ হলে এক পক্ষ আরেক পক্ষকে নোটিশ প্রদানের মাধ্যমে অবগত করবে। |
| **৩৯. দৈব দুর্ঘটনার পরিণাম/অবসান (Consequences)** | 39.1 দৈব দুর্ঘটনার ফলে চুক্তি সম্পাদনে বিলম্ব বা চুক্তির বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হলে সরবরাহকারী তার জন্য দায়ী হবে না এবং তার জামানত বাজেয়াপ্ত হবে না, বিলম্বজনিত ক্ষতিপূরণ দিতে হবে না বা চুক্তি বাতিল হবে না। |
| | 39.2 চুক্তির সংজ্ঞানুসারে দৈব দুর্ঘটনার কারণে ক্রয়কারী লিখিত আদেশ জারির মাধ্যমে প্রয়োজন অনুসারে নির্দিষ্ট মেয়াদের জন্য সম্পূর্ণ বা আংশিক সরবরাহ বা চুক্তি বাস্তবায়ন স্থগিত করতে পারে। |

| | |
|---|---|
| | 39.3 স্থগিতাদেশ প্রত্যাহার বা স্থগিতাদেশের মেয়াদ শেষ হলে সরবরাহ কাজ পুনরায় শুরু করা যাবে। তবে, GCC অনুচ্ছেদ ৪০ অনুসারে ক্রয়কারী চুক্তি বাতিল করলে সরবরাহ পুনরায় শুরু করা যাবে না। |
| | 39.4 GCC উপ-অনুচ্ছেদ ৩৭.১ অনুসারে নোটিশ প্রাপ্তির পর চুক্তির সংস্থান অনুসারে ক্রয়কারী এ সমস্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। |
| **৪০. চুক্তি বাতিল** | **চুক্তি ভঙ্গের কারণে বাতিল**<br><br>৪০.১ ক্রয়কারী, চুক্তিভঙ্গের কারণে যেকোন প্রতিকার অনুসন্ধান না করে সরবরাহকারীকে আঠাশ (২৮) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করতে পারে, যদি:<br><br>i. চুক্তি মেয়াদের মধ্যে বা GCC অনুচ্ছেদ ৩২ এর আলোকে চুক্তিতে বর্ণিত সময়ের মধ্যে ব ক্রয়কারী কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে সরবরাহকারী আংশিক বা সম্পূর্ণ পণ্য সরবরাহে ব্যথ হয়; অথবা<br><br>ii. সরবরাহকারী চুক্তির অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়; অথবা<br><br>ii. GCC অনুচ্ছেদ ৬ এর সংজ্ঞা অনুসারে চুক্তির জন্য প্রতিযোগিতায় অংশ নিতে বা চুক্তি বাস্তবায়নে ক্রয়কারীর বিবেচনায় কোনো দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক, জবরদস্তিমূলক (বাধাদানমূলক, উন্নয়ন সহযোগীর ক্ষেত্রে) কাজে সরবরাহকারী লিপ্ত হয়ে থাকে; অথবা<br><br>iv. যদি বিলম্বজনিত ক্ষতিপূরণের মোট পরিমাণ GCC উপ-অনুচ্ছেদ ৩৩ অনুসারে ক্ষতিপূরণ সর্বোচ্চ পরিমাণের হয়; |
| | ৪০.২ যদি যৌক্তিক কারণে GCC অনুচ্ছেদ ৪০.১ অনুসারে ক্রয়কারী আংশিক বা সম্পূর্ণ চুক্তি বাতিল করলে, ক্রয়কারীর স্বীয় বিবেচনায় যথাযথ শর্তাবলি এবং যৌক্তিক পদ্ধতির ভিত্তিতে অসরবরাহকৃত বা অসম্পাদিত একই ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় করতে পারবে এবং এক্ষেত্রে প্রযোজ্য অতিরিক্ত ব্যয় সরবরাহকারী বহন করবে। তবে, চুক্তির যে অংশ বাতিল হয়নি সরবরাহকারী তা সম্পাদন অব্যাহত রাখবে। |
| | **অস্বচ্ছলতার কারণে বাতিল**<br>সরবরাহকারী আদালিক বিচারের আওতায় কোর্ট কর্তৃক চূড়ান্ত ভাবে দেউলিয়া বা অস্বচ্ছল ঘোষিত হলে, ক্রয়কারী চুক্তি বাতিল করবে। এক্ষেত্রে চুক্তি বাতিলের কারণে সরবরাহকারী কোন ক্ষতিপূরণ পাবে না। উল্লেখ্য, এ ধরনের সমাপ্তি পরবর্তীতে কোন কার্য অথবা প্রতিকারকে ক্ষতিগ্রস্থ অথবা প্রভাবিত করবে না যা দ্বারা ক্রয়কারী এবং সরবরাহকারীর ক্ষতি হবে না। |
| | **সুবিধা বিবেচনায় বাতিলকরণ**<br><br>40.4 সরবরাহকারীকে আঠাশ (২৮) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে ক্রয়কারী নিজস্ব সুবিধার জন্য যে কোন সময়ে আংশিক বা সম্পূর্ণ চুক্তি বাতিল করতে পারে। বাতিলের নোটিশে স্পষ্টভাবে বলতে হবে যে ক্রয়কারীর সুবিধার জন্য চুক্তি বাতিল করা হয়েছে, চুক্তির কোন অংশের সম্পাদন বাতিল করা হয়েছে এবং বাতিল কার্যকর হবার তারিখ উল্লেখ করা থাকবে। |
| | 40.5 সরবরাহকারী চুক্তি বাতিলের নোটিশ গ্রহণ করার পরবর্তী আঠাশ (২৮) দিনের মধ্যে যে সব পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করা হয়েছে বা সম্পাদন করা হয়েছে বা সরবরাহ বা সম্পাদনে প্রস্তুত তা চুক্তির শর্তে ও মূল্যে ক্রয়কারী গ্রহণ করবে। যেসব পণ্য এখনো তৈরি হয়নি এবং/অথবা সরবরাহ করার জন্য প্রস্তুত হয়নি, সেগুলোর ক্ষেত্রে ক্রয়কারী নিম্নোক্ত সিদ্ধান্ত নিতে পারে: |

| | |
|---|---|
| | (ক) চুক্তির শর্ত ও মূল্যে অংশিক পণ্য সরবরাহ এবং/অথবা সম্পাদন বাস্তবায়ন করে নিতে পারে; এবং/অথবা<br>(খ) অবশিষ্ট চুক্তি বাতিল করা এবং আংশিক সরবরাহকৃত পণ্য, পূর্বে ক্রয় করা মালামাল ও খুচরা যন্ত্রাংশের জন্য সম্মত মূল্য পরিশোধ করা। |
| | 40.6 পণ্য সরবরাহ ও সম্পাদনের সময়সীমা উত্তীর্ণ হওয়া, বিরোধের সৌহার্দ্যপূর্ণ মিমাংসা আরম্ভ হওয়া, অ্যাডজুডিকেশন এবং নির্দিষ্ট শর্তাবলির অধীনে সালিশ (Arbitration) প্রক্রিয়া চলমান থাকা ইত্যাদি কারণে চুক্তি বাতিল হিসেবে গণ্য হবে না। |
| **৪১. চুক্তি সংশোধন** | 41.1 চুক্তির সংশোধনীতে সাধারণত মূল চুক্তিমূল্য, সরবরাহ ও সম্পাদনের তফসিল এবং চুক্তির অধীন অন্য কোনো পরিবর্তনের ন্যায়সংগত সমন্বয় অর্ন্তভুক্ত হবে। |
| | 41.2 আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ বা সংশ্লিষ্ট ক্ষমতার উপ-অর্পণ (sub-delegation) সংক্রান্ত অনুমোদনের ভিত্তিতে পরিবর্তন সংযোজন করে ক্রয়কারী চুক্তি সংশোধন করবে, এবং তা চুক্তির মূল শর্তাবলিতে অন্তর্ভুক্ত করবে। |
| **৪২. বিরোধ নিষ্পত্তি** | 42.1 <u>সৌহার্দ্যপূর্ণ নিষ্পত্তি</u><br>(ক) চুক্তি এবং এর ব্যাখ্যার ক্ষেত্রে উদ্ভুত যেকোনো বিরোধের সৌহার্দ্যপূর্ণ নিস্পত্তির জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী উভয়ই সর্বোচ্চ প্রচেষ্টা চালাবে। |
| | 42.2 <u>ফয়সালা/মিমাংসা (Adjudication)</u><br>(ক) যদি ক্রয়কারী এবং সরবরাহকারী উভয়ই সাব্যস্ত হয় যে বিরোধের আপোস মিমাংসা দু'পক্ষের মধ্যে সম্ভব নয়, তাহলে মতভেদের বিষয়ে লিখিত যোগাযোগের চৌদ্দ (১৪) দিনের মধ্যে বিরোধের বিষয় অ্যাডজুডিকেটর বরাবর উপস্থাপন করতে হবে;<br>(খ) PCC তে উল্লেখিত অ্যাডজুডিকেটরকে উভয় পক্ষ যৌথভাবে নিয়োগ করবে। যদি নিয়োগের ক্ষেত্রে উভয় পক্ষের মধ্যে মতভেদ হয়, তাহলে PCC অনুসারে ক্ষমতাপ্রাপ্ত নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোনো পক্ষ থেকে অনুরোধপত্র পাবার চৌদ্দ (১৪) দিনের মধ্যে অ্যাডজুডিকেটর নিয়োগ দেবে;<br>(গ) অ্যাডজুডিকেটরের নিকট বিরোধের বিষয় পাঠানোর পরবর্তী আঠাশ (২৮) দিনের মধ্যে তার সিদ্ধান্ত লিখিতভাবে উভয় পক্ষকে জানিয়ে দেবেন;<br>(ঘ) অ্যাডজুডিকেটরের সকল সম্মানী (ফি ও পুন:ভরণযোগ্য ব্যয়) সরবরাহকারী প্রদান করবে, এবং ক্রয়কারী নিয়মিত চলতি বিলের মাধ্যমে অর্ধেক ব্যয় সরবরাহকারীকে পরিশোধ করবে;<br>(ঙ) যদি অ্যাডজুডিকেটর পদত্যাগ করেন বা মারা যান অথবা যদি উভয় পক্ষ মনে করে যে অ্যাডজুডিকেটর চুক্তি অনুসারে সঠিক দায়িত্ব পালন করছেন না, তাহলে ক্রয়কারী ও সরবরাহকারী উভয়ে যৌথভাবে নতুন অ্যাডজুডিকেটর নিয়োগ দেবে। যদি নতুন নিয়েগের ক্ষেত্রে উভয় পক্ষের মধ্যে মতভেদে হয়, তাহলে PCC অনুসারে ক্ষমতাপ্রাপ্ত নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোনো পক্ষ থেকে অনুরোধপত্র পাবার চৌদ্দ (১৪) দিনের মধ্যে অ্যাডজুডিকেটর নিয়োগ দেবে;<br>42.3 <u>সালিসি (Arbitration)</u><br>(ক) GCC অনুচ্ছেদ ৪২.১ বা ৪২.২ অনুসারে উভয় পক্ষ বিরোধের বিষয়ে প্রথম লিখিত যোগাযোগের তারিখের পরবর্তী আঠাশ (২৮) দিনের মধ্যে যদি বিরোধের নিষ্পত্তিতে উপনীত হতে না পারে, তবে যেকোনো পক্ষ অপর পক্ষকে GCC উপ-অনুচ্ছেদ ৪২.৩(বি) অনুসারে সালিস আরম্ভ করার ইচ্ছা প্রকাশ করে নোটিশ প্রেরণ করতে পারবে;<br>(খ) PCC তে উল্লেখিত স্থানে বর্তমানে বলবৎ বাংলাদেশের সালিস আইন (২০০১ সালের আইন নং ১) অনুসারে সালিস অনুষ্ঠিত হবে। |

# অধ্যায় ৪: চুক্তি পত্রের বিশেষ শর্তাবলি

| | |
|---|---|
| *চুক্তি পত্রের বিশেষ শর্তাবলী পূরণের জন্য সংশ্লিষ্ট GCC অনুচ্ছেদসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা নোট বাঁকা অক্ষরে দেওয়া হলো।* | |
| **GCC অনুচ্ছেদ** | **চুক্তির সাধারণ শর্তাবলীরি উল্লিখিত অনুচ্ছেদসমূহের সংশোধন ও সংযোজন** |
| **GCC ১.১ (এন)** | ক্রয়কারী হচ্ছে *[ক্রয়কারীর পূর্ণ নাম লিখুন]।* |
| **GCC ১.১ (এস)** | সরবরাহের সাইটসমূহ/স্থানসমূহ [*নাম ও স্থানসমূহের, অবস্থানসমূহের বিস্তারিত তথ্য লিখুন]* |
| **GCC ৩.১** | **নোটিশ** প্রদানের জন্য ক্রয়কারীর বিস্তারিত ঠিকানা নিম্নরূপ হবে:<br>দৃষ্টি আকর্ষণ:<br>ঠিকানা:<br>ফোন নং:<br>ফ্যাক্স নং:<br>ই-মেইল: |
| | **নোটিশ** -প্রদানের জন্য সরবরাহকারীর বিস্তারিত ঠিকানা নিম্নরূপ হবে:<br>দৃষ্টি আকর্ষণ:<br>ঠিকানা:<br>ফোন নং:<br>ফ্যাক্স নং:<br>ই-মেইল: |
| **GCC ৭.১ (আই)** | নিম্নোক্ত দলিলপত্রও চুক্তি পত্রের অংশ হিসেবে বিবেচিত হবে: *[দলিলপত্রের নাম লিখুন]* |
| **GCC ৮.১** | অধ্যায় ৬: চাহিদা তফসিল এ সরবরাহের পরিসর নির্দিষ্ট করা থাকবে।<br>অথবা<br>*[চুক্তি সম্পাদনের সময়, ক্রয়কারী সরবরাহ পরিসরে কোন পরিবর্তন আনলে তা অধ্যায়-৬: চাহিদা তফসিলের প্রেক্ষাপট সুনির্দিষ্টভাবে দরপত্র দলিলে উল্লেখ করবে। উদাহরণস্বরূপ, চুক্তি সম্পাদনের সময়* । TT *উপ-অনুচ্ছেদ ৬১.১ অনুসারে পণ্য ও সংশ্লিষ্ট সেবার পরিমাণ বৃদ্ধি বা হ্রাস করতে হতে পারে।]* |
| **GCC ১০** | নিম্নোক্ত দেশসমূহ এর নাগরিক বা নিবন্ধনকৃত হলে, সরবরাহকারী বা সহ-ঠিকাদার হিসেবে যোগ্য হবে না:<br>*[প্রযোজ্য হলে, দেশ(সমূহ) এর নাম উল্লেখ করুন]* |
| | সরবরাহের জন্য নির্ধারিত পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ নিম্নোক্ত দেশ(সমূহ) এ উৎপাদিত হতে পারবে না:<br>*[প্রযোজ্য হলে, দেশ(সমূহ) এর নাম লিখুন]* |
| **GCC ২০.২** | প্যাকেজের ভেতর ও বাইরের মোড়কজাতকরন, চিহ্নিতকরণ এবং দলীলকরণ নিম্নরূপ হবে: *[যে ধরনের মোড়কজাতকরণ এবং মোড়কের উপরে চিহ্নিতকরণ, প্রয়োজনীয় সকল দলিলাদিসহ তার বিস্তারিত বিবরণ* |

| | |
|---|---|
| | *সন্নিবেশ করুন]*<br>মোড়কের বাইরের দিকে ন্যূনতম চারটি পাশে যে সব তথ্য স্পষ্ট দৃশ্যমান থাকবে তা নিম্নরূপ হবে:<br><br>ক্রয়কারীর নাম ও ঠিকানা<br>সরবরাহকারীর নাম<br>চুক্তির বিবরণ<br>চূড়ান্ত গন্তব্যস্থল/সরবরাহের স্থান<br>মোট ওজন<br>প্যাকেজের মোট সংখ্যার প্যাকেজ নম্বর<br>মালামালের সংক্ষিপ্ত বিবরণ<br>উঠা-নাম সংক্রান্ত বিশেষ নির্দেশনা (যদি থাকে)<br>নাড়াচাড়া/স্থানান্তর সংক্রান্ত বিশেষ নির্দেশনা (যদি থাকে)<br>*[উপরে উল্লিখিত তথ্যাদি ক্রয়কারী প্রতি ক্ষেত্রে পর্যালোচনার ভিত্তিতে প্রয়োজন অনুসারে সংশোধন করবে]* |
| GCC ২১.১ | সরবরাহকারী নিম্নরূপ দলিলপত্র দাখিল করবে:<br>*[প্রয়োজনীয় বিস্তারিত দলিল যুক্ত করুন]*<br>সরবরাহকারী কর্তৃক নিম্নরূপ ডকুমেন্টসমূহ দাখিল করবে-<br>ক. পণ্যের বিবরণ, পরিমাণ, একক মূল্য, মোট পরিমাণ উল্লেখ করা সরবরাহকারীর চালানের (i nvoi ce) কপি;<br>খ. সরবরাহ নোট, রেলওয়ে রসিদ, বা ট্রাক রসিদ;<br>গ. উৎপাদানকারী/সরবরাহকারীর ওয়ারেন্টি সনদ (যদি থাকে);<br>ঘ. মনোনিত পরিদর্শন সংস্থা (অথবা ক্রয়কারী) কর্তৃক প্রদত্ত পরিদর্শন সনদ এবং/ অথবা সরবরাহকারীর কারখানা পরিদর্শন প্রতিবেদন (যদি থাকে);<br>ঙ. মূল উৎপাদনকারী দেশের সনদ, যদি থাকে।<br>*[উপরে উল্লিখিত তথ্যাদি ক্রয়কারী প্রতি ক্ষেত্রে পর্যালোচনার ভিত্তিতে প্রয়োজন অনুসারে সংশোধন করবে]* |
| GCC ২৩.১ | মূল চুক্তি মূল্য: *[NOA এর পরিমাণ উল্লেখ করুন]* |
| GCC ২৫.১ | এই চুক্তির অধীনে সরবরাহকারীকে নিম্নরূপ পদ্ধতি এবং শর্তে মূল্য পরিশোধ করা হবে: |
| | **(ক) অগ্রীম অর্থ প্রদান**<br>চুক্তিপত্র স্বাক্ষর করার পরবর্তী ত্রিশ (৩০) দিনের মধ্যে সরবরাহকারীকে অগ্রীম *[সংখ্যায় লিখুন] টাকা* অর্থ পরিশোধ করা হবে।<br>*[অগ্রীম অর্থ প্রদানের সংস্থান থাকলে, দরপত্র দলিলে (পিজি৩-১২) প্রদত্ত অপ্রত্যাহারযোগ্য ও নিঃশর্ত ব্যাংক গ্যারান্টির মূল ফরম (কপি নয়) দাখিলের মাধ্যমে সমপরিমাণ অর্থ দাবীর ভিত্তিতে অগ্রীম অর্থ প্রদান করা হবে। উক্ত ব্যাংক গ্যারান্টির মেয়াদ পণ্য সরবরাহের তারিখ পর্যন্ত বৈধ থাকবে। সুপারিশকৃত সর্বোচ্চ অগ্রিম অর্থ হবে মূল চুক্তিমূল্যের ১০ শতাংশ। ]*<br>*[প্রযোজ্য না হলে বাদ দিন]* |

| | |
|---|---|
| | **খ. সরবরাহ এবং গ্রহণ**<br>GCC অনুচ্ছেদ ২১ এবং ২২ অনুযায়ী *[সংখ্যায় লিখুন]* টাকা প্রদান করা হবে।<br>*[অগ্রীম অর্থ প্রদানের সংস্থান থাকলে পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল চুক্তিমূল্যের ৯০ শতাংশ এবং অগ্রীম প্রদানের সংস্থান না থাকলে পণ্য ও সংশ্লিষ্ট সেবার ১০০ শতভাগ মূল চুক্তিমূল্য প্রদান করা হবে]*<br>*[কোন সুনির্দিষ্ট ক্রয়ের ক্ষেত্রে সরবরাহকারী এই পদ্ধতি ও শর্ত সংশোধন করবে]* |
| GCC **২৫.৩** | সরবরাহকারী কর্তৃক চালান বা মূল্য পরিশোধের অনুরোধপত্র দাখিল ও ক্রয়কারী কর্তৃক তা গ্রহণ করার *]দিনের সংখ্যা লিখুন]* দিনের মধ্যে মূল্য পরিশোধ করতে হবে।<br>*[ক্রয়কারী নিজস্ব মূল্যায়নের ভিত্তিতে দিনের সংখ্যা নির্ধারণ করবে]* |
| GCC **২৫.৫** | *দেশের প্রচলিত বাণিজ্যিক ঋণের সুদের হার প্রযোজ্য হবে।*<br>*অথবা,*<br>*[''প্রযোজ্য নয়'' লিখুন]*<br>*[প্রযোজ্য না হলে বাদ দিন]* |
